
गुण-घोल यन

শশধর দত্ত




भिषित्र भावलिभिश राष्ट्रेम

२२।১, कर्वडग्राणिम क्वीहे, कनिकाछ।—७।

गुण-घोल यन

শশধর দত্ত



भिषित्र भावलिभिश राष्ट्रेम

२२।১, कर्वडग्राणिम क्वीहे, कनिकाछ।—७।

প্রতিতি কর্মার নিজ, বি-এ কর্তৃক ২২।১, কর্ণভারালিস বীটস্থ পিশির পাবলিশিং হাউস হইতে প্রকাশিত ও শিশির প্রিনিং ওয়ার্কস হইতে মৃত্রিত।

182106 949 117(182)

যুল্য তুই টাকা মাজ

প্রকাশক কর্তৃক এই গ্রন্থের সর্বপ্রকার অন্ধ সংরক্ষিত

मृज्य-मीर्थ स्थान

---:o(o:#:o):.--

(5)

সামগান হইতে প্রায় চারি শত মাইল দক্ষিণ-পশ্চিমে গভীর জঙ্গলাচ্ছন্ত্র ৰীপটির নাম 'মৃত্যু-দীপ' বলিয়া অভিহিত হইত। স্থান বক্ত নর-রাক্ষদদের হাতে পতিত ভারতী জাহাজের কয়েকটি নর-নারীকে উদ্ধার করিয়া আনিবার পর সামগানে প্রত্যাবর্তন করিয়া, ম্যাজেন্টিক হোটেলে পৌছাইরা দেখিল, রাজপুতনার বিজয়লক্ষী স্টেটের করদ নৃপতি মহারাজা উদয় সিংহ তাহার জন্ম পরম আগ্রহভারে অপেকা করিতেছেন। মহারাজা উদয় সিংহের মুখে স্থপন শুনিল যে, মহারাজার ক্লা বিদ্ধী বিজয়া উক্ত প্রমোদ-জাহাজে ছন্ম নামে ভ্রমণ করিতেছিল। মহারাজা ষ্থন এস এস 'ভারতী'র তুর্ভাগ্যের ইতিহাস অবগত হন, তখন সাম্পান দীপে উপস্থিত হইয়া দীপের অন্ত প্রান্তে একটি বৃহৎ বাড়ী ভাড়া লইয়া বাস করিতেছিলেন ও কন্তাকে অহুসন্ধান করিবার জন্ত প্রচুর অর্থবায় ও লক্ষ টাক। পুরস্কার ঘোষণা করিয়াছিলেন। কিন্তু কন্তার কোন সন্ধান না পাইয়া ধণন হতাশ হইয়া পড়িতেছিলেন, তখন একটি ব্যু-জাতীয় ব্যক্তি মাত্র গত সপ্তাহে উপস্থিত হইয়া রাজকুমারী বিজয়ার একখানি

অলহার তাহাকে দিয়া বলিয়াছিল বে, সে ঐ অলহার এখান হইতে চারশো মাইল দক্ষিণ-পশ্চিমে মৃত্যু-ছীপের সম্ভ্রতীরে কুড়াইয়া পাইয়াছে। অলহারে বিজয়ার নাম লেখা ছিল এবং মহারাজার নাম অলহারের বিপরীত দিকে খোদিত থাকায়, লোকটি অমুসন্ধান করিতে করিতে অবশেষে তাঁহার নিকট উপস্থিত হইয়াছিল। মহারাজা লোকটিকে প্রচুর পুরস্থার দিয়াছিলেন এবং মৃত্যু-ছীপে বাইবার জন্ত সামগানে বহু অর্থ প্রলোভন দেখাইয়াও, একটি ব্যক্তিকেও সম্মত করিতে পারেন নাই। সকলেই মৃত্যু-ছীপের নাম শুনিয়া ভয়ে পিছাইয়া গিয়াছিল। অবশেষে তিনি স্থানের কথা প্রবণ করিলেন এবং স্থানের সহিত দেখা করিবার জন্তু ম্যাজেস্টিকে আসিয়া বাস করিতেছেন।

শ্বপন জিজ্ঞাসা করিয়াছিল, যে-লোকটি রাজকুমারীর অনদ্ধার দিয়াছিল, সে মৃত্যু-দীপে কেন গিয়াছিল। মহারাজা তাহার উত্তরে বলিয়াছিলেন যে, সে বে-জাহাজে থালাসীর কাজ করিত সেই জাহাজ ইউরোপ হইতে প্রত্যাবর্তনের সময় সাইকোন ঝড়ে পতিত হইয়াছিল এবং মৃত্-দীপ অবধি যাইতে বাধ্য হইয়াছিল। জাহাজ মৃত্যু-দীপের নিকটে নোলর করিল, কোখায় তাহারা উপস্থিত হইয়াছে অস্পন্ধান করিবার জন্ত দীপে ক্ষেকজন অবতরপ করিয়াছিল। কিন্তু অল সময় অস্পন্ধানের পর একজন নাবিক ধীপটিকে চিনিতে পারিয়া যথন বলিয়াছিল, তাহারা মৃত্যু দীপে উপস্থিত হইয়াছে, তথন সকলে ব্যক্তভাবে দীপ ত্যাগ করিয়া জাহাজে উঠিয়াছিল এবং সঙ্গে সঙ্গে জাহাজ ছাড়িয়া দিয়াছিল।

মহারাজা কন্তাকে উদ্ধার করিয়া আনিবার পারিশ্রমিক স্বরূপ পাঁচ লক্ষ্ণ টাকা ও অভিযানের সকল ব্যয়ভার বহনের প্রতিশ্রুতি দিয়া, স্বপনের নিকট একাস্ত অমুরোধ জানাইয়া অবশেষে তাহাকে সমত করিয়াছিলেন। স্থান মৃত্য-দীপে অভিযান চালাইবার জন্ত অভিযাত্রী বাহিনী গঠনের জন্ত চেষ্টা করিয়া বার্প হইল। সেলক টাকা দিলেও কোন লোক যাইতে স্থীকত হইবে না, চিন্তা করিয়া অবশেষে সে মহারাজাকে অমুরোধ জুরিয়া, ঘে-লোকটি রাজকুমারী বিজয়ার একথানি অলম্বার কুড়াইয়া পাইয়া ছিল, তাহাকে আনাইয়া প্রশ্ন করিয়া অবগত হইল যে, 'মৃত্যু-দীপের' তীরভাগ বনানী-মৃক্ত ও মৃক্ত স্থানটি আমুমানিক ছই শত গল্প বিস্তৃত।

স্থান মন স্থির করিয়াছিল। সে একটি অভিযান-উপযোগী বন্দোবস্ত করিয়া, একদিন প্রাতে ব্রেকফার্দের পর যাত্রার জান্য প্রস্তুত হইয়া মহারাজ্ঞাকে জিজ্ঞাসা করিয়া অবগত হইয়াছিল যে, তিনি স্থানের প্রত্যাবর্তন করা অবধি ম্যাজেন্টিকে অবস্থান করিবেন।

অপরাজের ত্ংসাহসী স্থপন তাহার প্রেনে একাকী বাত্রা আরম্ভ করিয়া, বেলা দিপ্রহরের সময় মৃত্যু-দীপে সমৃত্রতীরে আকাশে উপস্থিত হইয়া সে বনামীর আকাশে গমন না করিয়া, ধীরে ধীরে প্রেন লইয়া মৃত্যু-দীপে অবতরণ করিল। স্থপন সর্বাত্রে প্রেনটি জঙ্গলের ভিতর লইয়া গিয়া গোপনে রক্ষা করিল।

স্থান ভাহার রিস্ট ওয়াচের দিকে চাহিতে দেখিল, বেলা একটা বাজিতে
মাত্র বিশ মিনিট সময় অবশিষ্ট আছে। সে প্লেনে বসিয়া মধ্যাহ্ন ভোজন
শেষ করিল এবং অপরাত্র ছইটা অবধি বিশ্রাম করিয়া, বনানী পর্যবেক্ষণ
করিবার জন্ম পৃষ্টে রাইফেল বাধিয়া ও পকেটে রিভলভার, জলের বোতল
প্রভৃতি খাত্য-দ্রব্যাদি লইয়া বাত্রা করিল।

স্বপন বনানীর ভিতর দিক্নির্ণয় করিবার জন্ম একটি ক্রু কল্পাশ যন্ত্র কাইয়া যাত্রা আরম্ভ করিল। শশ্বিশে অসম্ভব ব্যাপার ছিল। ভূমি-তল এক জাতীয় দীর্ঘ হাদে আছাদিত থাকায়, স্থপনের গতি ক্রত হইতে বাধা পাইতে লাগিল। সে ধুই ভাবিয়া বাহির হইয়াছিল যে, কিছুদ্ব গমন করিয়া সে কিরিয়া আদিবে এবং পরদিন প্রাতে পুনরায় যাত্রা করিবে। স্থপন বেলা চারিটা অবধি পথ চলিয়া, বনানীর রূপ দেবিয়া ধারণা করিল, সে ইতিপূর্বে বে-দকল বনানীতে প্রবেশ করিয়াছে, এই বনানী ভাহা হইতে সম্পূর্ণভাবে অন্ত জাভের। সে ইহাও ব্বিলে বে, এরপ বনের ভিতর হস্তীযুথ থাকাও বিচিত্র হইবে না।

স্থান অগ্রগতি রুদ্ধ করিল এবং কম্পাশ দেখিয়া প্রত্যাবর্তন করিছে লাগিল।

প্রতাবর্তন-পথে অপেকান্তত ক্রভবেগে চলিয়া খপন সন্ধা হইবার প্রেই স্কায়িত প্রেনের নিকট প্রত্যাবর্তন করিল এবং প্রেনটি বন-সীমান্ত ইইতে অব্যবহিত মৃক্ত স্থানের উপর লইয়া আসিয়া ভিতরে প্রবেশ করিবার পূর্বে যখন সম্প্রের দিকে চাহিয়া দেখিতে লাগিল, তখন সহসা মুখ ফিরাইলে ভভিত বিশ্বয়ে দেখিল যে, তাহার নিকট হইতে প্রায়া এক শত গঞ্জ দুরে একটি বুদ্ধা নারী দেহের অর্থ-ভগ্নাবন্ধায় একটি লাঠির উপর ভর দিয়া বনানীর দিকে গমন করিভেছে।

স্থান মুহুর্ত-ছই নিজিয় ভাবে দাড়াইয়া রহিল। পরে জভবেগে বৃদ্ধার উদ্দেশে গমন করিছে দাগিল। স্থপন দেখিল, বৃদ্ধার গজিও জভতর হইয়া উঠিয়াছে এবং বন-সীমাস্তে উপস্থিত হইবামাল স্থপনের দৃষ্টির সমুথ হইতে সে অদৃশ্য হইয়াছে।

বেগানে বৃদ্ধা অদুশ্র হইয়াছিল অপন দৌড়াইয়া সেধানে গ্রহক করিল, কিন্তু কোথাও বৃদ্ধাকে দেখিতে না পাইয়াবিশ্বয় বোধ করিল। স্থান বনানীর ভিতর প্রবেশ করিয়াও বৃদ্ধার দেখা না পাইয়া বিমৃত্ হইয়া পড়িল এবং কিরণে বৃদ্ধা অনৃশ্য হইয়া গেল, ভাবিতে ভাবিতে ভাহার প্রেনের নিকট প্রভ্যাবর্তন করিল এবং ভিতরে প্রবেশ করিয়া প্রেনের দার ভিতর দিক হইতে চাবি বন্ধ করিয়া দিল।

স্থান প্রেনের কক্সিটের সমুধ ভাগের আচ্ছাদন ঈষং মুক্ত করিয়া বসিয়া রহিল। প্রেনের ভিতরে ও বাহিরে আলোক জালিয়া

শ্বপন ভাবিতে লাগিল, বুনা কি তাহার চক্ত্রম ? সে কি গভাই কোন কিছু দেখে নাই ? তাহাও কি সভবপর হইতে পারে ? তবে বুনা কোথায় অদৃষ্য হইয়া গেল ? তহপরি হিংম্র অস্ক-অধ্যুষিত গভীর অললের ভিতর একটি বুনা নারীর পক্ষে গমন করা অথবা বাস করা কিরপে সম্ভবপর হইতে পারে ?

স্থান কিছু সময় চিস্তা করিয়া সকল চিস্তা মন হইতে দুর করিয়া দিল এবং রাত্রি আটটার সময় রাত্রের আহার শেষ করিয়া, ভিতরের আলোক বন্ধ করিয়া দিল ও নিদ্রা ঘাইবার জন্ম চেয়ারের উপর অর্থ-শারিত শ্বস্থায় বসিল।

শ্বন নিজ্ঞান্তর হইয়া পড়িল। সহসা কোন জ্বন্তর ভয়াল রবে দে সচকিত হইয়া চেয়ারের উপর উঠিয়া বসিল। শুনিল, কোন জ্বজ্ঞান্ত ক্রন্ত বন-সীমান্তে উপস্থিত হইয়া ভয়াল রবে গর্জন করিভেছে। সে প্লেনের একটি ক্ষ্ম বাতারন মৃক্ত করিয়া চাহিতে দেখিল, দৈর্ঘ্যে প্রায় ছয় হাজ্ঞ এক বৃহদাকার জন্ত্র প্লেনের দিকে জ্বলন্ত দৃষ্টিতে চাহিয়া অপাথিব চিৎকারে সমগ্র বনানী ও সম্ভ্র-গর্জন শব্দ ডুবাইয়া দিতেছে।

খণন কিছু সময় জন্তুটির দিকে চাহিয়া রহিল, কিন্তু কোন্ জন্ধ ভাহা

বুরিতে না পারিয়া বিস্মিত হইল। শে চিস্তা করিল, এই বনানীতে ভাহাকে ন্তন ন্তন জন্তর সহিত যুদ্ধ করিতে হইবে।

মৃত্যু-দ্বীপ ে কি জন্ম দ্বীপের নাম মৃত্যু-দ্বীপ হইয়াছে? এই স্ব আজ্ঞাত, অভিকার দানবেরা কি প্রত্যেকটি অভিযাত্তীকে হত্যা করিয়া থাকে? তবে রাজকুমারী বিজয়াকে কাহারা এখানে আনিয়াছে? যদি এপ'নে কোন মহুংলার বাসস্থান না থাকে, তবে রাজকুমারী বিজয়া এখানে সম্ভবপর হইন কিরপে?

স্থপন দেখিল, অতিকায় জন্তুটি কিছু সময় চিৎকরে করিয়া ধীরে ধীরে প্লেনের নিকট আগমন করিতেছে এবং তাহার পশ্চাতে প্রায় দশ-বারোটি একই জাভীয় জন্তু লাইন-বদ্ধ হইয়া আসিতেছে।

খ্বপন জত চিস্তা করিতে লাগিল। দে ভাবিল, এই জন্তুগুলি ধনি ইচ্ছা করে তবে প্লেনকে শৃত্যে তুলিয়া লইয়া যাইতেও সক্ষম হইবে। সেক্ষেত্রে ইহাদের প্রতিরোধ করা যাইবে কিরুপে ?

স্থান দেখিল, সর্ব সমেত চৌদ্দটি অজ্ঞাত অন্তিকায় প্রাণী বন হইতে বাহির ইইয়াছে। সে জত সিদ্ধান্ত করিল এবং প্লেনের কক্সিটে গেল। মৃহুর্তের ভিতর সব কয়টি এঞ্জিন শত বজ্জ-নির্ঘোষ শব্দে গর্জন করিতে লাগিল।

স্থান কক্সিটের বাতায়ন ঈষৎ উন্মুক্ত করিয়া দেখিল, প্রতিকায়গুণ সভয়ে জতবেগে পলায়ন করিতেছে। দেখিতে দেখিতে অতিকায়গুলি অনুশ্র হইয়া গেল।

স্থপন পাঁচ মিনিট ধরিয়া এঞ্জিন চালু রাখিয়া পরে বন্ধ করিয়া দিল এবং ভিতরে প্রবেশ করিয়া পুনশ্চ উপবেশন করিল ও মুক্ত বাতায়ন পথে চাহিয়া রহিল। ধীরে ধীরে রাত্রি বৃদ্ধি পাইতে লাগিল। স্থপন চেয়ারের উপর বসিয়া রহিল। বনানীর অভ্যন্তর হইতে নানা জাতীয় জন্তর কলরব ধ্বনি ভাসিয়া আসিতে লাগিল।

এমন সময়ে স্থপন নিদ্রাছের হইয়া শয়ন করিল এবং নিদ্রিক্রির্মী পড়িল।

পরনিন প্রাত্তে স্থপনের নিজ্ঞানক হইতে দেখিল, প্রাক্তাত হইয়াছে। বনানীর কলরব শাস্ত হইয়াছে। স্থপন প্লেন হইতে বাহির হইয়া প্রাতঃক্তা শেষ করিল এবং প্লেনের ভিতর হইতে একটি কেরোসিনের স্টোভ বাহির করিয়া চা, টোস্ট এবং ডিম সিদ্ধ করিয়া আহার করিল।

ব্রেক্টান্ট অস্তে স্থান চিন্তা করিল, দে অন্ত প্রভাত হইতে ব্নানীর ভিতর রাজকুমারী বিজয়ার অন্তুসদ্ধান-কার্য আরম্ভ করিবে। অপরান্ধ ঘটা অবধি হতদ্র যাওয়া হায় দে যাইবে, পরে ফিরিয়া আদিয়া প্লেনে রাত্রি যাপন করিবে এবং পরদিন ব্নানীর অপর দিকে অনুসদ্ধান-কার্য আরম্ভ করিবে। এইরূপে দে ব্ন-মধ্যে নিশ্চয়ই কোন বন্ধ জাতির বাসস্থান বাহির করিতে পারিবে। ইহা চিন্তা করিয়া স্থান পূন্দ্র প্লেনটিকে বনানীর ভিতর গোপনে রক্ষা করিয়া যাত্রা আরম্ভ করিল।

গত অপরাস্থ্র যে-পথ ধরিয়া বনে প্রবেশ করিয়াছিল, সেই পথে
গমন না করিয়া সোজা দক্ষিণ মুখে কম্পাশ ধরিয়া গমন করিতে লাগিল।
বেলা ১০টা অবধি একাদিক্রমে বন-পথ অতিক্রম করিয়া অপেক্ষাক্ত লভাগুল্মণ্ড বনভূমিতে উপনীত হইয়া জ্বত বেগে গমন করিতে লাগিল। বেলা দিপ্রহর উপস্থিত হইলে, ক্ষুদ্র কম্পাশটি বাহির করিয়া দেখিল, সে সোজা দক্ষিণ মুখে অগ্রসর হইতেছে। স্থান এক স্থানে কয়েক মিনিট বিশ্রাম করিয়া পুনরায় অগ্রসর হইতে লাগিল। বনমধ্যে নানা জাতীয় গন্ধ নাসিকায় প্রবেশ করিয়া তাহাকে বুঝাইয়া নিন, রাজে সেই স্থানে ব্যাঘ্র, সিংহ প্রস্তৃতি হিংল্ল জন্তগণের সমান্ত হইয়াছিল। কিন্তু দিন কয়েক কোন আজন্তর দেখা নাপাইনা দে ভাবিল, বহু জন্তরা গভীর অরপ্যের ভিতর আশ্রম স্থাছে।

স্থান চলিতে লাগিল। সহসা পশ্চাতে মৃত্ব পদ শব্দ উথিত হইলে, সে সচকিত হইয়া ফিরিয়া দাড়াইল, কিছু কোন স্থানে কিছু দেখিতে না পাইয়া কাকাল অপেকা করিবার পরে পুনশ্চ অগ্রসর হইতে লাগিল।

এক সময়ে পুনরায় পশ্চাতে কোমল পদধনি প্রবেশ করিলে স্থান বিত্যাৎছেগে ফিরিয়া দাঁড়াইল, সজে সজে তাহার পদহর বন্য গুলা-লতায় জড়াইয়া গেলে, সে তাল সামলাইতে না পারিয়া সশব্দে মাটির উপর পড়িয়া গেল। তাহার জামার বুক পকেটে রক্ষিত ক্ষুত্র কম্পাশ-যন্ত্রটি পতনের বেগে চ্র্-বিচ্র হইয়া সেল।

খপন তৎক্ষণাৎ উঠিয়া দাড়াইল এবং কম্পাশ যন্ত্রের **অবস্থা দে**বিশ্বা ভাহার মন বিষয় হইয়া উঠিল। কিন্তু কাহাকেও দেখিতে না পাইয়া সে বিশ্বিত ও বিরক্ত হইয়া চিস্তা করিল, তবে কি সে চলিতে চলিতে খপু দেখিতেছে ? ইতিপূর্বে এরণ ভ্রম ■ ভাহার কথনও হয় নাই ■

স্থান ভাহার রিস্ট ওয়াচের দিকে চাহিতে দেখিল, অপরাহ্ন তুইটা বাজিতে মাত্র অর্থ ঘণ্টা কাল অবশিষ্ট আছে। সে বেমন চলিতেছিল, সোজা দক্ষিণ মূখে গমন করিতে লাগিল। সম্পূথে স্বল্প-পরিসর মৃক্ত স্থান রহিয়াছে। সে আরও দেখিল, মৃক্ত স্থানের বিপরীত দিকে একটি প্রকাণ্ড শিলাখণ্ড পড়িয়া রহিয়াছে।

স্থান ক্লান্তি বোধ করিতেছিল। সে শিলা-ভূপের নি ছি গিয়া ভাহার উপর উপবেশন করিল এবং মধ্যাহ্ন আহারের আনীত বাজ-সম্প্রের পূর্ণ স্টেকেশটি পৃষ্ঠ-দেশ ইইতে মুক্ত করিয়া আহার করিছে লাগিল। আহারান্তে বোভল ইইতে জল পান করিয়া, স্থান বিশ্রাম করিছে টেডভ ইয়াই চিন্তা করিল, বনভূমির উপর দিয়া পদত্রকে গমন করিলে, বে-পশালীর্ঘ হয় ঘণ্টায় অভিক্রম করিয়া আসিয়াহে, শ্রান্তি ও ক্লান্তি ওরা দেহে সে মাত্রে চারি ঘণ্টায় কিছুতেই অভিক্রম করিছে পারিবে না। স্থারাং পে বৃক্ষ-পথে গমন করিবে।

ইহা চিন্তা করিয়া স্থান ভাহার রাইন্ধেল ও স্থাকেশ পৃঠে ঝুলাইনিই সম্প্রতী বৃক্ষের নিম্ন শাধা ধরিয়া আরোহন করিল এবং উত্তর দিক অনুসান করিয়া জ্রুতবেগে শাধা হইতে শাধান্তরে গমন করিতে লাগিল।

(२)

স্থান ফতবেপে বাইতে বাইতে সহসা বৃক্ষতলে পদ শব্দ শুনিজে পাইয়া, একটি শাখার উপর দাড়াইয়া পড়িল এবং বৃক্ষ-তলদেশে তীক্ষ দৃষ্টিতে চাহিয়া দেখিল, কিন্তু কাহাকেও দেখিতে না পাইয়া পরম বিশ্বয় বোধ করিল। সে পুনরায় ছুটিতে আরম্ভ করিল।

অপরায় চারিটা বাজিলে স্বপন দেখিল, সে একটি সাধানিত মৃক্ত স্থানে উপস্থিত হইয়াছে। স্থানটি স্বপনের নিকট অভিশয় পরিচিত বলিয়া বোধ হইল। সে সবিস্থয়ে ভাবিল, তবে কি সে ইতিপূর্বে এই বনানীতে আগমন করিয়াছিল। কিন্তু তাহা কি প্রকারে সম্ভব হইবে। স্থান বৃক্ষ-শাখা হইতে রুণ করিয়া বৃক্তকে অবতরণ করিল এবং
চারিদিকে একবার তীক্ষ্ণ-দৃষ্টিতে চাহিয়া, সে যে শিলা-স্তুপে বদিয়া অপরাষ্ট্র
ছইটার সময় পাহার করিয়াছিল, সেই শিলা-স্তুপের উপর বসিয়া ভাবিল,
মে কম্পাণ যন্ত্র ভগ্ন করিয়া সে দীর্ঘ স্থইটি ঘণ্টা সময় অরণ্যের ভিতর
ছুরিক্ষা-বেড়াইয়াছে এবং যেখান হইতে ঘাত্রা করিয়াছিল ঠিক সেইখানেই
কিরিয়া আসিয়াছে। অপরাষ্ট্র চারিটা বাজিতেই বনানীর ভিতর সন্ধ্যা
আসম্ম বলিয়া বোধ হইতেছিল। স্থান ভাবিল যে, অভ প্লেনে রাজ্রি
অভিবাহিত করিবার বাসনা স্থপ্নই থাকিয়া ঘাইবে। সে কিছুতেই বন
হইতে বাহির হইতে পারিবে না।

আকাশে সূর্য মেঘে ঢাকিয়াছিল। ঘন-সন্নিবেশিত বৃক্ষ রাজি ঘন পদ্ধবাক্ষম শীর্ষদেশ ভেদ করিয়া এতটুকুও সূর্বালোক ভিতরে প্রারেশ করিবার পথ না পাইয়া, বনানীর ভিতর সন্ধ্বার নামিয়া আসিতেছিল।

স্থানের দৃষ্টিতে সহসা এক অপ্রত্যাশিত অভিনব দৃশ্য পড়িয়া গেস।
সে যেথানে বসিয়াছিল, ভাহার পশ্চাদ্ধিকে বৃক্ত-সমূহের ভিতর দিয়া একটি
ভগ্ন প্রাসাদের ভগ্নাবশেষ দেখ যাইভেছিল। স্থান ক্রভবেগে উটিয়া
দাঁডাইল এবং ভগ্নাবশেষের দিকে ক্রভ পদে ঘাইতে লাগিল। প্রায় পঞ্চাশ্দ পদ দ্বে উপস্থিত হইয়া স্থান দেখিল, সে প্রাকালের অভিকায় প্রাণাদের
ভগ্ন-স্থানের সমুখে উপস্থিত হইয়াছে।

স্থান দেখিল, একটি অট্টালিকার গস্তুত্ব-নীর্য এখনও অক্ষত অবস্থায় শির উচ্চ করিয়া, কালের করাল গ্রাসকে উপেক্ষা দেখাইয়া দাড়াইয়া রহিয়াছে।

অ্পন ক্রত চিন্তা করিতে লাগিল৷ সে ভাবিল, রাজে ঐ গয়্জের

ভিতর আশ্রেষ লওয়াই সর্বাপেক্ষা সমীচীন কাজ হইবে। ইহা চিন্তা করিয়া অপন ভংকণাৎ সিদ্ধান্ত করিয়া ফেলিল এবং সম্ব্রের উপর সমন করিবার আ প্রাসাদের ভগ্ন-স্থূপ অভিক্রম করিয়া ধাইতে লংগ্রিল।

স্থান ভাবিল, সে-গমুজের ভিতর কোন হিংশ্র করিছে। স্থানের। স্থানের সভর হইয়া ভাহাকে গমুজের ভিত্র প্রবেশ করিতে হইবে।

অপন ভয়াবশেষের উপর দিয়া ধীরে ধীরে পর্জের সিঁড়ি-মুখে উপাশ্বত হইল। সে একবার উলি মারিয়া দেখিল, কিছু কাহাকেও শ্বেথিতে না পাইয়া চিন্তা করিল, গম্জের ভিতর তীআছকারের ভিতর কি আছে না দেখিয়া উপরে গমন করা সমীচীন হইবে না। সে পংকট হইতে একটি আহির করিয়া জালিল ■ গম্জের সিঁড়ের ভিতর আলোক নিকেশ করিয়া দেখিল যে তাহার সন্দেহের ভিতর কোন সভা বস্তু ভিল না।

স্থান ধীরে ধীরে নিজি বাহিয়া উপরে উঠিতে লাগিল। নে বিতলে আরোহণ করিয়া একটি প্রশন্ত কক্ষ দেখিতে পাইল। নে কক্ষের চারিদিকে আলোক নিক্ষেপ করিতে দেখিল, কক্ষের দক্ষিণ দিকে একটি বাভায়ন রহিয়াছে। নে বাভায়নের উপর বিদিয়া বাহিবের দিকে চাহিয়া দেখিল যে, সেভান হইতে ভগ্ন-স্থাপের বাহিরে বনানী দেখিতে পাওয়া ধাইতেছে।

স্থান এই কংশ্বই রাজি-ঘাপন করিবার সিদ্ধান্ত করিল এবং কশ্বের চারিদিক পুনরায় একবার ভাল করিয়া দেখিয়া লইয়া, মুক্ত বাভায়নের উপর গিয়া বসিল এবং বনানীর দিকে চাহিয়া রহিল।

স্থান ভাহার রাইফেল্টি পার্শ্বে বাভায়নের নিমে দেওয়াল-সাত্রে কুক্র। করিয়া বসিয়া রহিল। সন্ধ্যা হইল। সন্ধ্যার নিবিড় ও স্কীভেন্ত অন্ধকার বনানীকে অদৃশ্র করিয়া দিল। ধীরে ধীরে রাজি বৃদ্ধি পাইতে লাগিল। আকাশে ক্রমণ-চতুর্থীর চন্দ্র-উদিত হইলে বনানীর নিবিড় অন্ধকার স্থাই হইয়া গেল।

ভাষারশ্রের উপর বাড়াইয়া সহসা একটি ব্যান্ত পভীর গর্জনে সমগ্র বনানীকে উপাইয়া তৃলিতে লাগিল। অপন বৃঝিতে পারিল না, ব্যান্ত ভাষাকে দৈখিতে পাইতেচে কি-না। সে ভাষার রাইকেলটি হাতের কাচে টানিয়া লইয়া বসিয়া রহিল।

ব্যাস্ত্র মৃহ্র্ত-কর্মেকের জক্ত নীরব থাকিয়া প্রশ্চ বিশুপ বিক্রমে ডাকিতে ক্রাপিল এবং ডাকিতে ডাকিতে ভয় স্থুপ হইতে নামিয়া বনানীর ভিতর ক্রমুখ্য হইয়া পোল।

শ্বন বসিয়া রহিল। ভাহার রেডিয়াম-রিস্টেওয়াচে সময় দেখিয়া
ব্রিল, রাজি ৯টা বাজিতে তখনও বিশ মিনিট সময় শ্বনশিষ্ট রহিয়াছে।
শাবাহে আহার করিয়া ভাহার ক্ষা বোধ হইতেছিল না। সে ভাবিল,
রাজি ১০টার পর আহার করিবে। এই ভাবিয়া সে বাভায়নের উপর
বিদ্যা রহিল। বনানীর ভিতর হইতে নানা প্রকারের ধ্বনি ভাসিয়া
শাসিতেছিল, গভীর অরণ্যের হায়্য-শুন্তনকারী অপাথিব শন্দে চারিদিক
ব্যাপ্ত হইয়াছিল। স্থান নিশ্চিত্ত মনে বসিয়া রহিল। ভাহার য়ই চক্ষ্
নিশ্রাভারে আছের ইইয়া ভাসিতে লাগিল।

এক সময়ে স্থানের নিদ্রা হইয়া গেল। সে সম্পূর্ণরূপে সজাগ ছইয়া উঠিল। ভাহার মনে হইল, সে কক্ষের ভিতর একা নহে। নিশ্চয়ই কেহ অথবা কোন কক্ষের ভিতর প্রবেশ করিয়াছে।

ম্বাদ্র পনেরে। হাত দুরে জনিতেছে এবং ভাহার উপর নিবন্ধ রহিয়াছে।

স্থান ধীরে ধীরে ভাহার রাইফেল হস্তে তুলিয়া লইয়া লক্ষ্য স্থির করিল এবং তৎক্ষণাৎ ফায়ার করিল। সঙ্গে সক্ষে একটি বীভৎস চিৎকার-ধ্বনি উথিত হইল। স্থান শাস্ত ও স্মাহিত চিত্তে পুনশ্চ উপযুশিরি ছুইবার কায়ার করিল। এক বৃহদাকার জীব লক্ষ্য দিয়া তাহার পদতলের ক্রিকিট আসিয়া পতিতে হইল ও পড়িয়া রহিল।

স্থান পকেট হইতে টর্চ বাহির করিয়া প্রজ্ঞানিত করিল। দেখিল, জাত্রর পদতলে এক অভিকার ভল্পক পড়িয়া রহিরাছে। ভল্পকের অস্বাভাবিক বৃহদাকার দেখিয়া স্থান বিশ্বিত হইল। সে দেখিল, ভল্পক প্রাণভাগে করিয়াছে।

স্থান ধারণা করিল, এই গল্প কন্টাতে ভল্প বোধ হয় বাস করিতেছিল। সে ভাহার কন্দে ভাহাকে অনধিকার প্রবেশ করিতে দেখিয়া আক্রমণ করিবার উত্তত হইয়াছিল। স্থান টর্চ নির্বাপিত করিয়া কিছু সময় নীরবে বসিয়া রহিল এবং রাজি ১০টা বাজিলে, সে ভাহার সলে আনীত স্টাকেশ হইতে খাতা বাহির করিয়া আহার করিতে লাগিল। আহারাভে সে নিজা ধাইবার আলা ভিতর একটি স্বিধাজনক স্থান অস্পন্ধান করিতে লাগিল। অবশেষে কল্পের একটি কোণ পরিক্ষার করিয়া, সেধানে দেওয়ালে ঠেন দিয়া অর্থ-শামিত অবস্থায় বসিয়া চক্ষ্ম

গভীর রাত্তি। স্বণনের নিদ্রা ভক্ত হইয়া পেল: সে ধীরে ধীরে চক্ষ্ মেলিয়া যাহা দেখিল, তাহাতে সে নিজের চক্ষ্কে বিশাস করিছে পারিল না। সে দেখিল, পত সন্ধ্যায় সে যে বৃদ্ধাকে সম্ক্রতটে দেখিয়াছিল, সেই বৃদ্ধা তাহার নিকট হইতে কয়েক হাত দুরে দাঁড়াইয়া এক দৃষ্টে ভাহার দিকে চাহিয়া রহিয়াছে।

স্থান ধীরে ধীরে উঠিয়া বসিল। কক্ষের বাভায়ন দিয়া চন্ত্রকিরণ ভিতরে প্রবেশ করিতেছিল। স্থান কহিল, "কে ভূমি ?"

বৃদ্ধার দত্তহীন মুখে হাসি ফুটিয়া উঠিল। পর মৃত্ত ভাহার ম্থভাব ভিতিত থাকিছি ধারণ করিল। সে স্থির ভাবে দাঁড়াইরা থাকির। এক দৃষ্টে খণনের'দিকে চাহিয়া রহিল।

শ্বণন তাহার পকেটে হাত দিয়া রিভলভার চাপিয়া ধরিল ও কহিল,
"শোন। যদি তৃমি ভেবে থাক, আমাকে ভর দেখাবে, তা'হলে সে চিন্তা
দ্র ক'রে দাও। আমি ভোমাকে এক মিনিট সময় দিছি। বল,
ভূমি কে ?"

বিশনের মনে হইল, কেহ যেন একসঙ্গে শত শত ঘটা-ধানি করিতে লাগিল, এমন স্বরে বৃদ্ধার কঠে হাস্ত-ধানি সারা কক্ষে ভাজিয়া পড়িতে লাগিল। স্বপনের মত গৌহমনা যুবকও সেই অপাথিব, অমাহ্যিক হাস্ত-ধানিতে ভীত হইয়া চাহিয়া রহিল। মুহুর্ত-কয়েক পরে সহসা বৃদ্ধা ভাছার দৃষ্টির সন্মুখ হইতে অদৃশ্য হইয়া গেল।

শ্বপন টর্চ জালিয়া তর তর করিয়া চারিদিক অস্থসন্ধান করিয়াও বৃদ্ধার কোন অভিদ্য দেখিতে পাইল না। সে অভিশয় বিশ্বিত ও বিমৃত্ হইয়া পড়িল। ভাবিতে লাগিল, সভাই কি ভাহার দৃষ্টি বিভ্রম এক্ষেত্রেও ঘটিয়াছে ?

শ্বন কিছু সময় পরে পুনশ্চ উপবেশন করিল। সে ভাবিতে লাগিল, বৃদ্ধার মত নারীর পক্ষে সম্বুজের অর্ধ-ভগ্ন সিঁড়ি অতিক্রম করিয়া কক্ষের ভিতর আগমন করা আদৌ সম্ভবপর হইতে পারে না। তবে কি সেশর দেখিতেছিল। কিন্তু বৃদ্ধার ঘণ্টা-ধ্বনির স্থামিট হান্ত-ধ্বনি যাহা করে মিনিট ধ্রিয়া তাহার কর্পে প্রবেশ করিয়াছিল, তাহাও কি স্বপ্ন।

স্থান বিভান্ত হইয়া পড়িল। কিন্ত তাহার সাহস ■ ধৈর্য হারাইল না। সে পুনরায় চক্ষ্য মৃদিত করিল এবং একসময়ে নিদ্রিত হইয়া পড়িল।

স্বপনের বধন পুনরার নিজা ভঙ্গ হইল, তথন প্রভাত হইরাছে। কন্দের ভিতর প্রভাতালোক প্রবেশ করিয়া 'রাজির বিভীবিক। শা পাইয়াছে।

স্থান উঠিয়া দাঁড়াইল এবং স্টকেশ হইতে বোতল পূর্ব বাহিত্র করিয়া, মুখ-চোখ ধৌত করিয়া, স্টোভ জালিয়া চায়ের জল পরম করিছে লাগিল।

স্থপন চা প্রস্তুত করিয়া ব্রেকফাস্ট শেষ করিস এবং পুনশ্চ । । করিল।

স্বপনের নিকট পানীয় জল জতি সামাপ্ত পরিমাণ অবশিষ্ট রহিল। সে
বৃক্ষ-পথে গমন করিতে করিতে ভাবিতে লাগিল বে, তাহাকে পানীয়
আহুসন্ধান করিতেই হইবে। সে অহুমানে উত্তর্নিক সিদ্ধান্ত করিয়া
অপেকারত ক্রতবেগে অগ্রসর হইতে লাগিল।

কিছু দ্র গমন করিয়া অপন সহসা এক স্থানে স্থির হইয়া দাঁড়াইয়া পড়িল। সে দেখিল, গত পরশ্ব রাত্রে সে বে-সব অপরিচিত অভিকায় জীবগুলিকে দেখিয়াছিল, ভাহাদের মত পাঁচটি অভিকায় দানব ভাহার নিকট হইতে মাত্র দশ গজ দ্বে একটি বৃক্ষতলে বসিয়া রহিয়াছে, কেহবা শমন করিয়া রহিয়াছে। ছইটি শাবক মাতার ক্রোড়ের নিকট দাঁড়াইয়া বক্ষ-ছন্ধ পান করিতেছে।

খণন বিধাপ্রস্ত হইয়া পড়িল। সে কি করিবে? অপ্রসর হইবে, না ভিন্ন দিকে চলিয়া ধাইবে? শ্বপন কোন সিদ্ধান্ত করিতে না পারিয়া বৃক্ষ-শাধার উপর উপবেশন করিল এবং অতিকায় দানবগুলি কি করে—চলিয়া যায়, না অপেকা করিয়া বিদিয়া থাকে—দেখিবার জন্ত পৃষ্ঠ দেশ হইতে রিভলভার মৃক্ত করিয়া নিঃশব্দে বৃক্ষের শীর্ষদেশে গমন করিল ও খন ব্যোপাচ্ছন্ন স্থানে আত্মপোপন করিয়া বিদিয়া বৃহিদ।

প্রপন দেখিতে লাগিল, বনমাত্যাক্ততি জীবগুলি বসিয়া রহিল।
প্রায় একটি ঘণ্টাকাল অতিবাহিত হইয়া যাইবার পর স্থান যখন অত্যক্ত
অধৈর্য হইয়া উঠিল, দেখিল, সহসা অতিকায় জীবগুলি সচকিত হইয়া
দাড়াইয়া পড়িয়াছে এবং মাতা তাহার সন্তানষয়কে পৃষ্ঠে তুলিয়া কইয়া
সক্তাপ্যের সহিত বনানীর একদিকে চাহিয়া রহিয়াছে।

মাত্র হ'টি মিনিট। তাহার পর জীবগুলি অনতাচ্চ কঠে দুর্বোধা শব্দ করিয়া তীব্রবেগে ছুটিতে আরম্ভ করিল এবং মৃহ্রত-কয়েক পরে দুরে অদুখা হইয়া গেল।

স্থান কি ঘটিতেছে এবং কোন্ হেত্ব অন্ত অতিকায় দানবগুলি
পলায়ন করিল, দেখিবার আন নিঃশব্দে বিদিয়া রহিল। নহসা দূরে বৃংহতিথননির সহিত গুরু-গন্তীর পদশব্দ উথিত হইলে, স্থান সভরে চিন্তা করিল,
বন্ত-হন্তী-যুথ আগমন করিতেছে। বক্তহন্তীরা কিরণ হিংল্র ও নির্মন স্থান
ভাহা বিশেষরূপেই জানিত। তাহারা ক্রুদ্ধ হইলে মহীক্রহের উপর
আশ্রম-লব্ধ মন্ত্রাকে হত্যা করিবার অন্ত কংকজনে মিলিয়া সমবেত শক্তি
দিয়া মহীকহ উপড়াইরা ফেলিয়াছে, এমন বছ ঘটনাও সে শুনিয়ছে।
স্বতরাং তাহাকে দেখিতে পাইলে হন্তী-পাল হইতে রক্ষা পাইবার কোন
উপায় থাকিবে না, ইহা চিন্তা করিয়া দে বৃক্ষের স্বাপেক্ষা নিবিড় ঝোপাছ্রর
শানে গমন করিয়া নীরবে বিসয়া রহিল।

ক্ষেক মিনিট পরে অপন দেখিল, শত শত হন্তীর একটি দল বৃংহতি-ধ্বনি করিতে করিতে বৃক্ষ তলদেশে উপস্থিত হইল এবং ধেখানে অভিকায় দানবেরা বসিয়াছিল, সেই স্থানে শুঁড় দিয়া আত্রাণ লইতে লাগিল এবং আফুতির তুলনায় অভি ক্ষুত্র চক্ষ্ দারা ভাহারা সম্মুধ ভাগ ভিন্ন উপর দিকে চাহিতে পারিত না বলিয়া, সম্মুধের দিকে চাহিতে লাগিল এবং ক্ষেক ভ্রমন হন্তী বৃক্ষ-ভলদেশের চারিদিকে স্থানিয়া বেড়াইয়া ক্রম্ম স্থারে বুংহতি-ধ্বনি করিতে লাগিল।

স্থান যে-বৃক্ষের উপর আশ্রয় লইয়াছিল, সহদা সেই বৃক্টি থর ধর করিয়া কাঁপিতে লাগিল। স্থান যদি সর্ব সময়ে সতর্ক না থাকিত ভাহা ত্ইলে সে তৎক্ষণাৎ ভূমি-তলে পড়িয়া হাইত।

স্থান কারণ অহসদানের দিখিল, তুইটি বুহদাকার হস্তী ভাহাদের পাত্র কুণ্ডয়ন তৃপ্ত করিবার দিক-কাণ্ডে গাত্র ঘদিভেছে।

স্থান সতর্ক হইয়া বসিয়া রহিল। ইণ্ডাকুল কিছু সময় ধাবহ অতিকায় দানবদের এক চারিদিকে অহুসন্ধান করিয়া অবশেষে বৃংহতি-ধ্বনি করিতে করিতে চলিয়া যাইতে লাগিল।

হত্তী-যুথ অদৃশ্র হইলে স্থপন পুনরায় বাত্রা আরম্ভ করিল এবং জভবেগে বৃক্ষ-পথে চলিতে লাগিল।

মধ্যাক্ত সময় উপস্থিত হইলে স্থপন মধ্যাক্ত ভোজনের **।।।** একটি বুক্তের শাধায় উপবেশন করিয়া, স্টকেশ হইতে কিছু খাছা বাহির করিয়া আহার করিছে লাগিল।

খপন দেখিল, এইবার তাহার সঙ্গে আনা খান্ত নিংশেষিত হইতে চলিয়াছে। ইহার পর সে যদি প্লেনে গমন করিতে না পারে, তাহা হইলে তাহার হরিপের মাংসের উপর নির্ভর করিয়া থাকা ভিন্ন গড়াক্তর থাকিবে না। স্বার উপর পানীয় জল তাহাকে স্থান করিয়া বাহির করিতেই হইবে। একদিন আহার না করিয়া থাকা যাইবে, কিছ জল পান না করিয়া বাঁচিয়া থাকা অসম্ভব হইবে।

ইহা চিস্তা করিয়া অপন আহারাস্তে অবশিষ্ট হৈতে সামান্ত পরিমাণ পান করিয়া রাখিয়াছিল এবং অল সময় বিশ্রাম করিবার জন্ত একটি ডালের উপর হেলান দিয়া বসিয়া রহিল।

(0)

অপন সারাদিন বনে বনে শ্রমণ করিয়া, না পারিল প্লেনের নিকট উপস্থিত হইতে, না পারিল পানীয় জনের অফুসন্ধান করিতে। তথনও সন্ধা হইতে তুই ঘণ্টা সময় অবশিষ্ট ছিল। সে বাতাসে জনের আল্লাণ লইবার বাতাসে প্রাণ লইতে লইতে অগ্রসর হইতে লাগিল। তাহার নিকট যে অলটুটুকু অবশিষ্ট ছিল, দীর্ঘদিনের পরিশ্রেমে ও অসন্থ পরমে পিশাসার্ত হইয়া সে পান করিয়াছিল। বোতলে আর একটি বিন্দু পরিমাণও জল অবশিষ্ট ছিল না।

বনানীর ভিতর ক্রমশ আশোক হ্রাস পাইতেছিল। অপন বৃথিক,
অবিলয়ে অলের সন্ধান করিতে না পারিলে, তাহাকে সারারাত্রি নিদারণ
পিপাসায় যন্ত্রণা ভোগ করিতে হইবে। আগামী কাল প্রাতে ভাহার
চলিবার শক্তি পর্যন্ত লয় পাইয়া যাইবে। তৃঃসাহসী, গৌহমনা অপনও
অভিশয় চিন্তিত হইয়া পড়িল। এমন সময়ে বাভাদের গভির দিক
পরিবর্ভিত হইলে, অপন উত্তেজিত আনন্দে অধীর হইয়া পড়িল। সে
বাভালে জলের অভি তীব্র গন্ধ প্রাপ্ত হইয়া, দেহে মন্ত মাতকের শক্তি প্রাপ্ত
হইল। সে ক্রভবেগে জলের উদ্দেশে বৃক্ষ-পথে গ্রমন করিতে লাগিল।

497 df. 14.9.84 Nation 1 Library
R4 2/2 Nation 1 Library

দশ মিমিট সময় বৃক্ষ পথে গমন করিয়া সহসা খানের দৃষ্টিতে একটি
ক্ষুত্র পর্বত দেখা দিল এবং পর্বতের নিকটে পিয়া দে ঝরণা-ধারার কুলু কুলু
ধ্বনি শুনিতে পাইয়া, পরম নিশ্চিম্ব মনে পর্বতের নিকটে গিয়া দেখিল,
পর্বতের উপর হইতে একটি ঝরণাধারা প্রবাহিত হইয়া, একটি সন্থান
নালার ভিতর দিয়া ক্ষাণকায়া ভটিনীর মত প্রবাহিত হইতেছে।

স্থান বৃক্ষ হইতে অবভরণ করিবার পূর্ব মৃহুর্তে দেখিল, নালার অপর পার্শে ক্ষেকটি হরিণ জল পান করিতে আদিয়াছে।

স্থান সচকিত হইয়া সভর্ক হইস এবং বৃক্ষের নিম্ন শাধার অভি
নিঃশব্দে অবভরণ করিয়া, পৃষ্ঠদেশ হইতে রাইফেল মৃক্ত করিয়া লইল এবং
অব্যর্থ লক্ষ্যে ফায়ার করিলে, একটি হরিণ তীর বেগে আকাশে লক্ষ্য দিয়া
নালার এ-পারে উপস্থিত হইয়া, সশব্দে ভূমিতলে পড়িয়া গেল ও পড়িয়া
রহিল।

রাইফেলের তীত্র শব্দে অক্তাক্ত হরিপের। নিমেবের ভিতর অনুশ্র হইয়া গোল। অপন বৃক্ষ হইতে অবতরণ করিয়া, প্রথমে বারপার জল প্রাণ ভরিয়া পান করিল এবং ইউকেশ হইতে জলের পাত্র তিনটি বাহির করিয়া জলপূর্ণ করিয়া লইল।

স্থান হরিণের দেহ হইতে কয়েক দিনের উপযুক্ত মাংস কাটিয়া লইয়া, খণ্ড খণ্ড করিয়া, স্টকেশের ভিতর একটি ঝাড়নে বাঁধিয়া রক্ষা করিল।

তথনও সন্ধ্যা হয় নাই। স্বপন ক্রভবেগে বৃক্ষে আরোহণ করিয়া ক্ষেকটি শুষ্ক কাষ্ঠ ভাঙ্গিয়া লইয়া নিমে ফেলিয়া দিল এবং অগ্নি প্রজ্জলিত ক্রিয়া তুই থণ্ড মাংস রোস্ট করিতে লাগিল।

মাংস খণ্ড-ৰয় ক্ষাত্ রোস্টে পরিণত হইলে, সে বৃক্ষের উপর আরোহণ

ক্ষরিল এবং তল্লেশ হইতে প্রায় চল্লিশ ফুট উপরে আরোহণ করিয়া,
রাত্রি যাপনের 💌 একটি নিরাপদ স্থান বাছিয়া লইল।

স্থান স্ট্রকেশ একটি শাধার উপর রক্ষা করিয়া, স্থ**িকেশের স্ট্রাণ** যারা বন্ধন করিল এবং স্বয়ং একটি সংযোগ-শাধায় বসিয়া চিন্তা করিন্তে লাগিল।

স্থান ভাবিল, দে ভ কোথাও কোন বসতি দেখিতে পাইতেছে না।
তবে কি সে ভুল স্থানে প্রেরিত হইয়ছে ? কিছু রাশ্বকুষারী বিষয়ার
অলহার এই খীপ হইতে পাওয়া সিয়ছে, স্কুভরাং এখানে যদি মসুস্থ-বাস্
না থাকে, তবে ভাহা সম্ভবপর হইল কিরপে ? ভা'ছাড়া লে তুই দিনে
এই স্বৃহৎ সীমাহীন-প্রায় বনানীর কভটুকু অংশই বা দেখিয়ছে!
ভাহাকে ভয় মা করিয়া বনানীর চারিদিকে অস্প্রধান করিতে হইবে।
এমন স্কুজে সে ব্যর্থতা বরণ করিবে না।

সহসা বৃক্ষ-ভলদেশে ব্যাজ্ঞের উপস্থিতি বৃ**রিজে পারিয়া অপন**টার্চের আলোক নিক্ষেপ করিয়া দেখিল, দুইটি ব্যাত্র মৃত হরিশের দেহের ভিতর মৃথ প্রবেশ করিয়া আহারে রত হইয়াছে। টার্চের আলোক ব্যাত্রন্থার মৃথের উপর পতিত হইলে, উভয়েই একটি হিংশ্র-চিৎকার করিয়া এক লক্ষে আলোক-সীমার বাহিরে চলিয়া গেল।

স্থান টার্চের আলোক নির্বাণিত করিয়া দিয়া মৃত্ হাস্ত **করিল। সে** বুঝিল যে, হরিণের অভিত আর কয়েকটি মিনিট পরেই ■॥ পাইয়া যাইবে।

খপন বৃক্ষের উপর বসিয়া রহিল। রাজি বৃদ্ধি পাইতে লাগিল। রাজি ৯টার সময় খপন আহার শেষ করিয়া নিস্তা বাইবার বাবস্থা শেষ করিল। ব্যাদ্রদয় মৃত হরিণটিকে নিঃশেষে আহার করিয়া খপনেক দিকে মনোষোগী হইল এক ভয়াল রবে উভয়ে গর্জন করিতে লাগিল। স্থান তুইটি ব্যান্ত্রের ভীষণ চিৎকারে বিরক্ত হইয়া, টর্চের আলোক ভাহাদের উপর নিক্ষেপ করিল। সঙ্গে সঙ্গে ব্যাত্রদম বৃক্ষ-ভলদেশ ইতি লক্ষ্ণ দিয়া আলোক-সীমার বাহিরে চলিয়া গেল।

স্থান পুনরায় টর্চ নির্বাণিত করিয়া অর্থ-শায়িত অবস্থায় বসিল এবং চক্ষম মুদিত করিল।

রাত্রি যত গভীর হইতে লাগিল, বনমধ্যে জন্তগণের চিৎকার-ধ্বনি সমগ্র বনানীকে মুধর করিয়া ভূলিতে লাগিল।

ধীরে ধীরে রাজি শেষ হইয়া আসিল। প্রত্যুধের শীতন বাজান আজে লাগিয়া অপনকে নিম্রাত্র করিয়া ফেলিল। প্রভাতে বনানী আলোকিত হইয়া উঠিবার পূর্বেই ব্যান্তব্য় অনুখ্য হইয়াছিল। কোন খানেই আর কোন বন্ত জন্তর আভাস যাত্র ছিল না। অপন বৃক্ষ হইছে, ফুটকেশ সমেত অবতরণ করিল।

স্থান আগুন জালিয়া প্রথমে চা প্রস্তুত করিয়া নইল এবং পরে টোস্ট ও ভিন সিদ্ধ করিয়া আহার করিল। শেষে স্টেকেশ হইভে আরও হ'ট থণ্ড হরিশের মাংস বাহির করিয়া রোস্ট করিয়া কেলিল এবং বত্রের সহিত স্টেকেশের ভিতরে রাখিয়া, পুনশ্চ বৃক্ষ-পথে যান্ত্রা আরম্ভ করিল।

স্থান যে কোন্ দিকে পমন করিভেছে সে বিষয়ে তাহার কোন্ধারণাই ছিল না। সে মধ্যাহ্ন কাল অবধি বৃক্ষ-পথে পমন করিয়া। একটি মহী ফহ-তুলা বৃক্ষের উপরে বসিয়া মধ্যাহ্ন ভোজন শেষ করিল।

আহারান্তে স্থান কিছু সময় বিশ্রাম করিয়া পুনশ্চ যাত্রা 🖚 করিল।

অপরাত্ন সাড়ে চারিটার সময় অপন এক ছানে উপস্থিত হইয়া দেখিক

দৈর্ঘ্যে প্রায় চার হাতের উপর হইবে, এরপ ভীমকার এক ব্যক্তি ধৃত্বকে ভীর যোজনা করিয়া ঘাদ খাইতে রভ একটি হরিপকে লক্ষ্য করিতেছে এক লোকটির অলক্ষ্যে একটি ভীষণ ব্যান্ত্র লোকটিকে আক্রমণোদ্যত হইয়া পশ্চাতে থাবা গাড়িয়া বদিয়াছে।

স্থান ক্রন্ত চিন্তা করিতে লাগিল। সে বুরিল, বে-মৃত্রুর্তে লোকটি হবিণকে হত্যা করিয়া অগ্রসর হইবে, সেই-মৃত্রুর্তে ব্যাদ্র ভাহার উপর ঝাঁপাইয়া পড়িবে। স্থান ক্রন্ত বেগে নিম্ন শাখায় অবতরণ করিল এবং আক্রমণোগ্রত ব্যক্তির মন্তক লক্ষ্য করিয়া ফায়ার করিতে উন্তত্ত হইয়াই দেখিল, ব্যাদ্র একটা হুস্কার ছাড়িয়া লক্ষ্য-দান করিয়াছে। স্থানের রাইফেল সম-সময়ে গর্জন করিয়া উঠিল এবং মধ্য-পথে ব্যাদ্রের মন্তকে বৃলেট প্রবেশ করিলে, সে ক্ষ্যা-ভাই হইয়া সশ্যে পড়িয়া গেল ভাপড়িয়া রহিল।

তাহার হার। নিক্সিপ্ত তীর হরিণটিকে হতা। করিয়াছে এবং ভাহাকে আক্রমণকারী ব্যাদ্র-একটি শব্দের হারা হত হইয়াছে।

দানব এমন দৃশ্য জীবনে কখনও দেখে নাই। কি করিয়াছে—দে শর্মন্থ ধারণ করিতে না পারিয়া যখন চারিদিকে চাহিয়া দেখিতেছে, বুক হইতে ঝুপ করিয়া অপন নিয়ে অবতরণ করিয়া কহিল, "কি বন্ধু, আশ্বর্ধ হয়েছ ? আর ভয় নেই, আমি ব্যান্ত্রকে হত্যা করেছি।"

দানব অপনের অপূর্ব সৌন্দর্য দেখিয়া বিস্মিত হইল। সে ভাবিল, তবে কি তাহার ভগবান তাহার সম্মুখে উপস্থিত হইয়া তাহাকে রক্ষা করিয়াছেন? সে তৎক্ষণাৎ অপনের সম্মুখে হাটু গাড়িয়া বসিল এবং গুই হাত যুক্ত করিয়া লোকে দেবতার নিকট যে ভাবে হৃদয়ের কৃতজ্ঞত। প্রকাশ করিয়া থাকে, দেই ভাবে স্বপনের নিকট ক্যুক্তজ্ঞ। প্রকাশ করিতে লাগিল।

স্থান মুছ হাস্ত মুখে কহিল, "আমি দেবতা নই, বনু। আমি তোমারই মত একজন সামান্ত মাহ্ময়। ওঠো, যাও, তোমার হরিণটা তুলে নিয়ে এস।"

দানব ধীরে ধীরে উঠিয়া দাডাইল। দেকহিল, "কে তুমি ?"

"আমি ডোমারই মত একজন মাসুষ।" অপন হাশ্র মুধে কহিল।

"তুমি শব্দ ক'রে বাঘটাকে মেরেছ? কিদের শব্দ করেছিলে ?"

দানব প্রশ্ন করিল।

স্থান হাজ মূথে কহিল, "শব্দ ক'রে নয়, বরু। এস, দেখবে এস।"
এই বলিয়া দানবের সহিত স্থান মৃত ব্যাদ্রের নিকট গমন করিয়া, ভাহাকে
ব্যাদ্রের মন্তকে বুলেটাহত স্থানটি দেখাইয়া পুনশ্চ কহিছ, "শব্দে কি এমন
গঠ হয়, বরু ঃ"

"তবে ?" লোকটি সভয়ে প্রেশ্ন করিল।

স্থান ভাহার রাইফেল দেখাইরা কহিল, "এই স্থানি-বাণে আমি বাদকে হত্যা করেছি।"

দানবাকৃতি লোকটি বিস্মিত ■ ভীত হইয়া পজিল। সে কহিল, "তুমি কি রাজার লোক? আমাকে বন্দী করে নিয়ে ধেতে এসেছ ?"

স্থান উত্তেজিত হইয়া পড়িল। কহিল, "রাজা ? কোন্ রাজার কথা বলচ, বন্ধু ?"

শানব কহিল, "তুমি বলছ যে, তুমি বিশালীপুরা থেকে রাজা মিত্রাস্থর কর্তৃক আমাকে গ্রেফ্ডার ক'রে নিয়ে যেতে আসনি ?"

স্থান অঞ্জিম স্থরে কহিল, "বল বন্ধু, আমি কিব্ৰুপে বল্লে তোমার

বিশাস হবে যে, আমি জীবনে বিশালীপুরার অথবা রাজা মিত্রাহ্রের নাম শুনি নি। কিন্তু কোথায় এই রাজ্য, বন্ধু ?"

দানব ক্ষণকাল নির্নিষেষ দৃষ্টিতে স্বপনের মুথের দিকে চাহিয়া থাকিয়া ক্ষিল, "না, তুমি সভ্য কথা বলেছ, বন্ধু। কারণ বিশালীপুরার ষোদ্ধারা অধি-বাণ কথনও চোথে দেখে নি। তা'ছাড়া ভোমার মন্ত চেহারা অধি-বাণ তাদের নয়। তবে তুমি কি কুশালীপুরা থেচক এসেছ, বন্ধু ?"

স্থান হাস্তম্থে কহিল, "না, বন্ধু, ভা'ও নয়। কিছু বললে না ত, ভোমার বিশালীপুরা ও কুশালীপুরা রাজ্য ছ'টি কোথায় আছে ?"

দানব বিশ্বয় প্রকাশ করিয়া কহিল, "কেন ? এই জকলে ! জিজ্ঞাসা করি, এই বন ছাড়া আর পৃথিবী আছে ? জকলের দক্ষিণে বিশালীপুরা ও উত্তরে কুশালীপুরা।"

স্থান সহিম্ময়ে কহিল, "এই বনের মধ্যে ছ'ট রাজ্য আছে? রাজ্য আছে? জনসাধারণ আছে, তুমি বলছ, বরু ?"

দানবাক্তি লোকট হাসম্থে কহিল, "তুমি সেজস্ত বিশ্বিত হচ্ছ কেন? তুমি কোথাকার লোক ? বলচ, বিশালী অথবা কুশালীর লোক নও। তবে কোথা থেকে এনেচ তুমি !"

বশ্ন কহিল, "আমি বহু দূর হ'তে, সমূদ্রের পরপার থেকে এসেছি, বসু। আমার কথা পরে হবে। এখন বল, তোমার নাম কি ?"

লোকটি কহিল, "আমার নাম হানাকু।" এই বলিয়া সে একবার চারিদিকে সতর্ক দৃষ্টিতে চাহিয়া নতন্তরে কহিল, "তুমি আমাকে বন্ধু বলেছ, আমিও তোমাকে বন্ধু ব'লে গ্রহণ করলাম। শোন, আমি রাজা মিত্রান্থরের ক্রীতদাস ছিলাম। একদিন স্থযোগ পেয়ে আমি স্ত্রীর সজে শালিয়ে আসি। আমরা ছন্তনে এই বনে আজ্বোপন ক'রে আছি। তাই ভয়ে ভয়ে আছি, কখন রাজার সৈত্তের। এনে আমাদের খরে নিঞ্চে বায়। কিন্তু আজ তুমি আমাকে নিশিত মৃত্যু-মৃথ থেকে রক্ষা করেছ। চল, বন্ধু, আজ আমাদের আতিখ্য গ্রহণ ক'রে আমাদের বাধিত করবে। পিয়াল্র খুব খুশি হবে।"

স্থান এই স্থাবাগ অবহেলা করিল না। সে কহিল, "বেশ, চল, বহু। বৃক্ষে রাজি-বাস না ক'রে, আজ ভোমার আন্তানার রাজি অভিবাহিত করা যাক।"

হানাকু কহিল, "বন্ধুর নামটি কী ?"

"শক্রা" **স্থান কহিল**।

হানাকু হরিণটি **সংস্ক তুলিয়া লইয়া, মৃত্ হাজ মৃথে কহিল, "এস,** শক্রয়।"

(8)

দানবাক্তি হানাকুর সহিত স্থান বধন তাহার বাসস্থান অভিমুখে চলিতে আরম্ভ করিল, তথন সন্ধ্যা হইতে বিলম্ব থাকিলেও, বনস্থিন অশ্বকারাচ্ছর হইয়া উঠিতেছিল। এক সময়ে স্থান কহিল, "ভোমানু বাসস্থান কত দ্রে, বন্ধু ?"

শ্বার বেশি দ্রে নয়, শত্রুদ্ধ। ঐ বে পাহাড়টা দেখা বাছে, ওর্থই একটা গুহায় আমরা বাস করি।" এই বলিয়া হারাকু অপেকাকৃত জত পদে চলিতে লাগিল।

অল্ল সময় পরে পর্বতের প শ্চাজেশে গুহার নিকট উপস্থিত হইরা দেখিল, গুহা-মূখ হইতে প্রায় বিশা গাল দুরে প্রেগ্রন্থ জিলা — ।। গাঁথিয়া, প্রবেশ করিবার অকটি ক্র বার নির্মিত করিয়াছে। হানাকু ৰাহির হইতে অপূর্ব কৌশলে ছুই হাত উচ্চ ও ছুই হাত প্রস্থ দার-মুখে রক্ষিত একটি বৃহৎ প্রস্তুর্থণ্ড সরাইয়া, হেঁট হুইয়া বসিয়া ভিতরে প্রবেশ করিল এবং পরে হরিণটি ভিতরে টানিয়া লইয়া, অপনকে প্রবেশ করিবার অমুরোধ জানাইল।

স্থান হানাকুর মত বনিয়া ভিতরে প্রবেশ করিয়া দেখিল, স্ব্রের প্রেলিড রহিয়াছে। প্রভার-মার মৃক্ত হইবার শক্ষে একটি লারী-কণ্ঠ হইতে স্থাই স্থা ভানিয়া আদিল, "হানাকু, এলে? তোমার দেরি দেখে……" সহসা নারী-কণ্ঠ নিস্তর হইয়া গেল।

হানাকু অগ্রাসর হইয়া গিয়া জ্রীকে জ্রুত কঠে সংক্ষেপে অপনের গরিচয় বিষা, পিছন দিকে মুখ ফিরাইয়া কহিল, "এস, বসু।"

শ্বন অগ্রদর হইয়া গেল। প্রজনিত অগ্নিক্তের আলোকে সে দেখিল, প্রকটি ২৪।২৫ বংগরের তরুণী মেয়ে ইট্ট্ গাড়িয়া বসিয়া হন্তবয় একয়ে যুক্ত করিয়া বলিতেতে, "মাজুন, দেব। আমার স্বামীকে নিশ্চিত মৃত্যু-মুধ থেকে রক্ষা করেছেন। অপেনি আমার হৃদ্ধের গভীর রুভজ্ঞতা গ্রহণ করেছেন।

বিশ্ব ক্রিড ইয়া কহিল, "মিধ্যে তোমর। সামার ব্যাপারকে বিশ্বে ক'রে তুলছ। আমি যা করেছি, তোমার স্বামী আমার কেত্রেও ঠিক অমনি ভাবে আমাকে রক্ষা করত, বহিন।"

"বহিন!" তক্ষণী পিয়ালু আনন্দে উদ্বেলিত হইয়া কহিল, "ভাইয়া, আপনার বহিন হবার গৌভাপ্য লাভ ক'রে আমি রুতার্থ হ'লাম। আহ্ন ভাইয়া, মুখ-হাত আপনার ধােবেন আহ্ন।"

হানাকু প্রথমে হরিণটির মাংস প্রস্তুত করিয়া জ্বীর নিকট পৌতাইয়া বিল। পাশাপাশি তিনটি গুহা লইয়া হানাকু সংসার পাতিয়াছিল। সৈ পার্থবর্তী গুহাটিকে স্থপনের জন্ত নির্মিষ্ট করিল। সে স্থপনের নিকট গিয়া দেখিল, ব্যাদ্র-চর্মের উপর ুসে অর্থ-শায়িত অবস্থায় বসিষ্টা রহিয়াছে।

হানাকুকে দেখিয়া অপন কহিল, "বন্ধু, চা-পানের অভ্যাস আছে ?"
হানাকু কহিল, "চা ় কি বস্তু, বন্ধু ?"

স্থান মৃত হাশ্ত মৃথে তাহার স্কটকেশ হইতে একটি কেতলি বাহির করিয়া কহিল, "এই পাত্র জল দিয়ে পূর্ব ক'রে, সেই জল স্টুলে পাত্রটির ভিতর এই বস্তগুলি ফেলে দিয়ে মৃথ বন্ধ ক'রে এখানে নিয়ে এস। তারপর আমি তোমাকে এমন এক জাতীয় পানীয় পান করাব বে, তোমার দেহের প্রান্তি ও ক্লান্তি সব দূর হ'রে বাবে।"

হানাকু ততঞ্বাৎ কেতলি ভরিয়া সরম করিয়া, চায়ের পাভা দিয়া লইয়া আসিল। স্থান হুধ ও চিনি মিশ্রিত করিয়া, হু'টী পাঞ্জ আনিবার জন্ম বলিল ও আপনার কাপ বাহির করিয়া, ভাহামের হুই পাত্র ও আপনার জন্ম এক কাপ ঢালিয়া লইয়া, ভাহামের পান করিবার অস্থরোধ জানাইল।

হানাকু হাস্ত মুখে পত্নীর হাতে একটি পাত্র দিয়া, স্বরং অপর পাত্রের । পান করিল। সঙ্গে সঙ্গে ভাহার দেহের সকল অভতা ও আন্তি মূর হই মা গোলে, সে সবিস্বয়ে স্থপনের নিকট চায়ের ইতিবৃত্ত জানিবার নানা গুলা করিতে লাগিল।

রাত্রে আহারের পর স্বপন শয়ন করিবার পূর্বে হানাকুকে আহ্বান করিলে, পত্নীর সহিত হানাকু স্বপনের গুহার ভিতর প্রবেশ করিয়া উপবেশন করিল।

স্থপন কহিল, "তোমাদের আভিথেয়তার জন্ত পক্তবাদ, বহিন। এখন,

সামি তোমাদের কয়েকটি প্রশ্ন করতে চাই। আশা করি, তোমরা য়া জান আমাকে জানাবে।"

হানাকু কিছু বলিবার পূর্বে পিয়ালু কহিল, "নিশ্চয়ই ভাইয়া, আমাদের জীবন দিয়েও যদি আপনার উদ্দেশ্ত সফল করা যায়, তবু আমরা মুহুর্ভের অক্তও বিধা করব না।"

স্থান স্থিয় দৃষ্টিতে তরুণী মেয়ের দিকে একবার চাহিয়া, হানাকুর সিকে কিরিয়া কহিল, "আচ্ছা, তোমরা কি জান, কোন বিদেশী তরুণী মেয়েকে কোন তুর্ততার দল রাজা মিদ্রান্থরকে বিক্রয় করে গেছে ?"

তানাকু কহিল, "ধণিও আমি নিশ্চিত ভাবে বন্ধুর আত্মীয়ার কথা ভানি নি, তবে আমাদের রাজা বহু নারী ক্রম ক'রে ক্রীভদাসী রূপে প্রাসাদে ক্রাভদাসী নারী বিশালীর রাজপ্রাসাদে ক্রীভদাসী-জীবন ক্রছে।"

শরাজপ্রাসাদের তোমাদের রাজার প্রাসাদ আছে, ব্রু ?" স্থপন সবিশ্বরে প্রশ্ন করিল।

হানাকু ও পিরালুর মুখে মুহ হাসি ফুটিয়া উঠিল। হানাকু কহিল,
"তুমি ধে কেন বিস্মিত হজ্ঞ বন্ধু, আমি বুঝি না। আমানের রাজার
স্বর্থ প্রাসাদ আছে, দৈক্তদল আছে, দেনাপতি আছে। এক হাজারের
ক্ষেমী খোদ্ধা-হাতী আছে, ঘোড়া আছে, দেবতা-মন্দির আছে, পুরোহিত
আছে, মন্ত্রী আছে—সব আছে। রাজার মত ধনবান ব্যক্তি পৃথিবীতে
নেই, বন্ধু। তবে রাজার সব কিছু থাকা সত্ত্বেও সে সুখী নম।"

স্থান দেখিল, ভর্মী শিয়ালুর মূখে এক বালক দ্বপার আভাস স্কৃটিয়া ভিঠিয়া মিলাইয়া পেল। সে কহিল, "রাজার চোখ-মুখ-ঠেট ও সারা ক্ষেহ চাকা চাকা সাদা দাগে সেহে। সে সর্বদা নিজের দেহ তেকে রাখে। মুখের খেত দাগগুলিকে ঢাকবার
হতভাগ্য নরপতি
সর্বদা রঙ মেখে থাকে। কোন মেয়েই দেই ঘুণ্য রোগগুড শয়তানকৈ
আমীরণে গ্রহণ করতে চায় না। কিছু সে এরণ নিষ্ঠুর
চরিত্রহীন
যে, কত মেয়েকে জোর ক'রে পত্নীরূপে গ্রহণ করেছে, ভার আর
সংখ্যা নেই।"

স্থপন কহিল, "বিশালীপুরা কভ দূরে, বন্ধু?"

"এখান থেকে বৃক্ষ-পথে এক দিন ও এক রাত্রির পথ, বস্কু। কিন্তু ও-প্রশ্ন কেন শত্রুত্ব ? তুমি কি সেই শয়তান রাজার রাজধানীতে খেতে চাও নাকি ?" হানাকু সভয়ে প্রশ্ন করিল।

পিয়ালু কহিল, "না ভাইয়া, অমন চিন্তা পর্যন্ত পাবেন না। আপনি জানেন না, আপনি সেধানে উপস্থিত হ্বামাত্র আপনাকে কুশালী ডেবে ক্রীতদাস করে রাধ্বে। আপনার কোন কথাই তারা শুন্বে না।"

স্থান মৃত্ হাস্ত মূথে কহিল, "কিন্তু আমি ধে আমার আখীয়াকে উদ্ধার করে নিয়ে যাবার জন্ম এদেছি, বহিন ?"

পিয়ালু কহিল, "কড দিন পূর্ব আপনার আত্মীয়াকে হারিয়েছেন, ভাইয়া ?"

স্থান চিস্তান্থিত স্বরে কহিল, "তা' প্রায় একমাস পূর্বে হবে, বহিন। আবার এমনও হতে পারে যে, মাত্র সপ্তাহ ছই পূর্বে আমার আত্মীয়াকে এখানে এনে বিক্রেয় করে গেছে।"

পিয়ালু কহিল, "তা' হলে এখন পর্যন্ত আপনার আত্মীয়া রাজপ্রাসাদেই আছেন। এখন পর্যন্ত তিনি রাজার পত্নী হয়ে চিরত্থিনী হয়ে পড়েন নি।"

স্থপন গভীর স্বরে কহিল, "ভার কি নিশ্চয়তা আছে, বহিন ?"

"আছে, ভাইয়া। কারণ বিশালী রাজ্যের প্রথামুসারে বিবাহের পূর্বে বাগদভা পত্নীকে তিন মাসের আপ্রাসাদের বাস করতে হয়। এই সমবের ভিতর সেই নারী রাজপ্রাসাদের নিয়ম-কান্ত্রন, আদব-কান্ত্রদা, রাজার রানী হবার যোগ্যতা অর্জন করে থাকে। এই নিয়মের ব্যতিক্রম করলে সে-বিবাহ দিল্ল হয় না। কাজেই রাজার অনিচ্ছা থাকলেও তা'কে অপেকা করতে হয়।"

স্থান একটি স্বস্থির নিঃস্থাস ফেলিয়া কহিল, "এই সংবাদের জক্ত অসংখ্য শক্তবাদ, বহিন।"

হানাকু কহিল, "এখন রাজধানী বাবার চিন্তা ত্যাপ করেছ ত, বন্ধু?"
স্থপন শান্ত কঠে কহিল, "অন্থির হয়ে। না, বন্ধু। আমি তোমাদের
নিকট আজীবন ক্বত্ত থাকব। আমি গত ছদিন বাবৎ বনে বনে খুরে বেড়াছি। কোন লোকের সঙ্গেই দেখা হয় নি।" এই বলিয়া সে এক
মুহুর্ত নীরব থাকিয়া পুনশ্চ হাস্ত মুখে কহিল, "অপ্রে দেখেছিলাম কিনা
স্থানি না, তবে গত ছ'দিনের ভিতর ছ'বার একটা বৃদ্ধাকে দেখেছিলাম,
বন্ধু। কিন্ধু কোন কথা বললেও সে কোন উত্তর না দিয়ে অদৃষ্ঠা হয়ে
গিয়েছিল। কিন্ধু এখন পর্যন্ত ব্রুতে পারছি না হে, স্তাই আমি তাকে
দেখেছিলাম কি-না ?"

হানাকু সভয়ে কহিল, "ভোমাকেও দেখা দিয়েছিল, বন্ধু? অথচ তুমি·····" এই অবধি বলিয়া সহসা সে নীরব হইল।

খপন সবিশ্বয়ে কহিল, "অথচ কী ?"

শিয়ালু কাতর খবে কহিল, "ভগবান ভাইয়াকে বক্ষা করেছেন। শেই বৃদ্ধার দৃষ্টিতে পড়েছে, শেই প্রাণ দিয়েছে।" বলিয়া অপনের দিকে চাহিয়া কহিল, "ভাইয়া, নিশ্চয়ই আপনি বুড়ীকে দেখে সান নি ?" হানাকু উল্লাসিত স্বরে কহিল, "ভাই ভাইয়া আমাদের রক্ষা পেয়েছে, পিয়ালু। বুড়ীকে দেখে ভয় পেলেই, বুড়ী তাকে হত্যা করে।"

স্থপন সবিক্ষয়ে কহিল, "কে, সেই বুড়ী ?"

শ্বশারীরী প্রেড, বন্ধু।" হানাকু কহিল, "জানি না, তুমি ভূত-প্রেড বিশ্বাস করে। কি-না! কিন্তু ঐ বৃড়ীকে বিশালী রাজ্যের বহু নর-নারী দেখেছে। তাদের মধ্যে মাত্র একজনই রক্ষা পেয়েছিলেন। তিনি হচ্ছেন রাজ্যের অতি বৃদ্ধ প্রধান পুরোহিত। তাঁর বয়স দেড়শত বংসর হয়েছে, বন্ধ। এখনও তিনি কীবিত আছেন।"

শ্বণন কহিল, "এখনও ডিনি জীবিত আছেন? কোথাকার অধীৎ বি কোন্ রাজ্যের প্রধান পুরোহিত ডিনি ?"

হানাকু কহিল, "বিশালী রাজ্যের বন্ধু। রাজা তাঁকে অভ্যন্ত ভজি ও শ্রমা করেন।"

স্থপন কহিল, "তুমি বলতে চাইছ যে, বৃদ্ধা অশরীরী প্রেভাত্মা ?"

পিয়ালু কহিল, "হাঁ, ভাইয়া। বৃড়ী আপনাকে প্রথমবারে ভীত করতে। না পেরে বিভীয়বার চেষ্টা করেছিল, কিন্তু বিভীয়বারও ব্যর্থ হ'রে চিরতক্ষে আপনাকে বিরক্ত করা থেকে অব্যাহতি নিয়েছে।"

অপন হাস্ত মূথে কহিল, "রাজা মিত্রাস্থরের কয়টি রানী আছে ?"

"তা'র সংখ্যা নেই, বন্ধু।" হানাকু কহিল, "অনেকগুলি হতভাগিনী বিবাহের পর আত্মহত্যা করেছে—সে-সব হতভাগিনী কুটের ব্যাধি শেতা-রোগীকে সহ্ করতে না পেরে, ম্বণাভরে জীবন-বিনিমন্নে মৃত্তি-নিয়েছে।" স্থপন ভাহার রিস্টওয়াচের দিকে একবার চাহিয়া কহিল, "রাজি বারোটা বাজে, বহিন। এইবার ভোমরা বিশ্রাম করো গে।"

তর্মণী পিয়ালু ফ্রতবেগে উঠিয়া দাঁড়াইল ও স্থানকে অভিবাদন করিয়া স্থামীর দিকে ফিরিয়া কহিল, "এস, ভাইয়াকে বিশ্রাম করতে দাও।"

(t)

পরদিন প্রাতে অপন চা তৈয়ার করিয়া, পিয়ালুর খারা প্রস্তুত খাজ্ঞ লইয়া ব্রেকফাস্ট শেষ করিল।

হানাকু কহিল, "আজ আর শিকারে ধাবার প্রয়োজন হবে না, ব্রু। আজ আমরা সারা দিন ও রাত গল্প ক'রে কাটিয়ে দেব।"

স্থান কহিল, "আমার ত বিশ্রামের অবসর হবে না, হানাকু! তুমি শুনেছ, কি জন্ম আমি এই দূর দেশে এসেছি। স্থতরাং আমার পক্ষে পাঁচটা মিনিটও অলস ভাবে বসে থাকা সমীচীন হবে না, বরু।"

এমন সময়ে পিয়ালু স্বপনের দেওয়া চা পান করিতে করিতে সেধানে আসিয়া কহিল, "ব্যালাম, ভাইয়া। আপনি চিন্তিত হবেন না, আমি আপনার কথা ভনেছি। কিন্তু জিজ্ঞাসা করি, আলক্ষে সময় অতিবাহিত করতে পার্থেন না ব'লে কি বাতাসের সঙ্গে যুদ্ধ কর্বেন ?"

অপন সবিশ্বয়ে কহিল, "তার অর্থ, বহিন ?"

ভঙ্গী পিয়ালু কহিল, "অর্থ খ্ব সোজা, ভাইয়া। আপনি যে-মৃহুর্তে বিশালীতে প্রবেশ করবেন, আপনি গ্রেফতার হবেন। আপনি যত বড় শক্তিমানই হোন না কেন, কিছুতেই হাজার হাজার ঘোদ্ধার সঙ্গে যুদ্ধ ক'রে জয়ী হ'তে পারবেন না। সেক্ষেত্রে আপনার কর্মতৎপরতার কি মৃদ্যা থাকবে, ভাইয়া ?" স্থান তেরণী-মেয়ের উজি শুনিয়া পরম বিশ্বিত হইল। সে কিছু
নময় পিয়ালুর মুখের দিকে চাহিয়া থাকিয়া কহিল, "সেক্ষেত্রে আমাকে সূত্র্ক
স্থারে অগ্রসর হতে হবে, বহিন।"

পিয়াল একবার ভাহার স্বামীর মুখের দিকে চাহিয়া স্থপনকে কহিল, "উপস্থিত আপনি কি জানতে চান, ভাইয়া ? আপনার আত্মীয়া বিশালী বাজপ্রাসাদে ক্রীভদাসী হয়ে আছেন কি না ?"

স্থান কহিল, "হাঁ, বহিন। সর্বাগ্রে আমি অবগত হতে চাই যে, সে ওধানে আছে কি-না ? যদি থাকে, তবে কি অবস্থার আছে ?"

পিয়ালু কহিল, "দেখুন, আমার ওপর রাজার কোন অভিযোগ নৈই অথবা কোন অপরাধও আমি করি নি। তা'ভাড়া আমি যে হানাকুছে বিবাহ ক'রে তা'র সঙ্গে পলাতক-জীবন যাপন করিছি, তা'ও তা'রা আনে না। স্কুতরাং আমি অনায়াসে আপনার আত্মীয়ার সংবাদ এনে দিতে পারি।"

স্থপন কিছু বলিবার পূর্বে হানাকু কহিল, "আমরা ত্'লনে আরু বিপ্রহরে পিয়ালুকে বিশালী রাজ্যের বন-সীমান্ত অবধি পৌছে দিয়ে আসব। তারপর আগামী কাল প্রাতে পিয়ালু ফিরে এলে আমরা আবার সেখান থেকে ওকে ফিরিয়ে আনব। না না, কোন ভয়ের কারণ নেই, বরু। এমন ভাবে বছবার পিয়ালু রাজধানীতে গিয়ে আমাদের সংসারের জন্ম প্রয়োজনীয় জিনিস-পত্র নিয়ে ফিরে এসেছে।"

স্থপন শুনিল। সে কিছু সময় নীরবে চিস্তা করিয়া কহিল, "না, বহিন। আমি তোমাকে বিপদের ভিতর যেতে দিতে পারি না।"

পিয়ালু হাস্ত মুখে কহিল, "কি বগছেন, ভাইয়া ? বিপদ আবাই কোপায় দেখলেন ? আপনি কি ভাবেন, আমি রাজ্যানীতে প্রায়শই যাতায়াত করি না ? না না, এই সামাক্ত ব্যাপারের আপানাকে বিব্রত হ'তে হবে না। আজ বিপ্রহুরে যাত্রা ক'রে আমাকে পৌছে দিয়ে আসবেন। আগামী কাল প্রাতে ১০টার সময় আমি আপনাকে প্রয়োজনীয় প্রত্যেকটি সংবাদ সংগ্রহ ক'রে এনে ।

স্থান হানাকুর দিকে চাহিলে, হানাকু হাক্ত মৃথে কহিল, "না বন্ধু, না, পিরালুর জন্তে হিল্মাত্রও চিন্তিত হ'তে হবে না। অবশু আমি যদি ব্যতাম, সে তোমার সামান্ত কাজে লাগ্রার পরিবর্তে বিরাট বিপমের ঝুঁকি মাথার নিতে চলেচে, তা'হলে আমি অন্ত পথে এই সমস্তা সমাধানের চেষ্টা করতাম।"

পিয়ালু কহিল, "কিন্তু ভাইয়া, আমি মাত্র অতি অল্ল আয়ানে সংবাদটুকু সংগ্রহ ক'রে আনতে পারি। তবে আদল যে কাজ অর্থাৎ তাঁকে শয়তানের কবল হতে উদ্ধার করা, সে-কাজে কোনরূপ সাহায্য দেবার সামর্থ্য আমাদের নেই।"

স্থান স্থিয় স্বরে কহিল, "বহিন, তুমি যে অম্ল্য সংবাদ দিতে চলেছ, তা' । কিরণ ম্ল্যবান, আমার অন্তর্গানীই বোঝেন! আছে। তাই হোক, আমি অপেকা করব।" এই বলিয়া সে তরুণী শিয়ালুর হাস্তালোকিত মুখের দিকে একবার চাহিয়া পুনশ্চ কহিল, "তা'হলে এবার একটু কফি পান করা বাক, বহিন। তুমি একটু । পরস ক'রে নিয়ে এস।"

পিয়ালু জ্রুতবেগে দাঁড়াইয়া কহিল, "আপনার সম্বতির **আ** আমার অসংখ্য সাধুবাদ গ্রহণ করুন, ভাইয়া। কিন্তু কৃষ্ণি আবার কি বস্তু ?"

স্থান হাস্থ্য মূথে কহিল, "চায়ের মতই কার্যকরী, তবে স্থাদ পাত্রণ মাত্র।" সেদিন বিপ্রহরে বেলা ১২টার সময় হানাক বছদুর সম্ভব নিজেকে ছদ্মবেশে রূপাগুরিত করিয়া, স্বপনের সহিত জক্ষণী পিয়ালুকে সঙ্গে লইয়া যাত্রা আরম্ভ করিস। তাহারা সোজা পথে না গিয়া, রাজধানীর পশ্চাদিকের ফটকের উদ্দেশে গভীর বনানীর ভিতর দিয়া গমন করিতে লাগিল।

চলিতে চলিতে হানাকু কহিল, "আমরা একটু অব্যবহাত পথে চলেছি, বন্ধু। কারণ রাজ-সৈন্ধেরা পলাতক জৌতলাসদের গ্রেকভার ক'রে নিমে থাবার জল্ম প্রায়শই এই বনানীর কভকগুলি সন্তাব্য স্থানে অমুসন্ধান, চালিয়ে থাকে। তারা একাদিক্রমে দিনের পর দিন জললে বাস ক'রে অমুসন্ধান-কার্য চালিয়ে থাকে। তা'ই আমরা এমন এক স্থানে আশ্রয় গ্রহণ করেছি, যেথানে কৃচিৎ সৈল্লেলের আগ্রমন হয়ে থাকে।

স্থপন কহিল, "বিশালীপুরা কত দুরে অবস্থিত ?"

"সোজা পথে গমন করকে আমাদের গুহা থেকে সারা দিনের পথ,
শক্রম। তবে মামরা চলেছি এক অনাবিছত ও অব্যবহৃত সোজা পথে।
ফলে সারা দিনের দূরত্ব চার ঘণ্টায় হাস করেছি। তা'ছাড়া এ-পথে
কোন সেনা-বাহিনী গমন করে না। এমন কি তারা জানে না যে, এমন
কোন সোজা পথ আছে। তবে পথ ষত সোজা, পথে আর্মন
বিপদের ভয়ও তত বেশি। স্ক্তরাং…" এই অবধি বলিয়াই সে নীরব
হইল এবং দাড়াইয়া পড়িল।

তক্ষণী পিয়ালুকে মধ্যস্থলে রাখিয়া স্থপন পশ্চাতে ঘাইতেছিল। হানাকুকে দাঁড়াইতে দেখিয়া সে কহিল, "কি হ'ল, বরু ?"

হানাকু তাহার ধহুকে তীর সংযোজনা করিতেছিল; সে কহিল, "চূপ করো, বন্ধু। একটা বাঘ আমাদের পথ অবরোধ করেছে।" স্থান পিয়ালুকে পশ্চাতে রাথিয়া ক্রতপদে অগ্রসর হইয়া গেল। সে হানাকুকে অপেকা করিবার ইঙ্গিত করিয়া, পৃষ্ঠদেশ হইতে রাইফেল মুক্ত করিয়া দেখিল, একটি বৃহৎ ব্যাঘ্র প্রায় স্থা গজ দূরে পথ আগুলিয়া দাড়াইয়াছে। ব্যাঘ্র পশ্চাতের পদম্বের উপর বসিয়া লাফ দিবার জন্ম উত্যত হইয়াছে।

স্থান রাইফেল উভত করিয়া ধারল এবং দশ গঞ্জ দ্রে যাইবার হানাকুকে আদেশ দিয়া, ব্যাদ্র লক্ষ্য দিবার পূর্বেই উপায়্পিরি তুইবার ফারার করিল। সঙ্গে ব্যাদ্র গভীর নির্ঘাষে উন্ধারেশে লক্ষ্য দিয়া স্থানের উপায় বাঁাপাইয়া পড়িল। কিন্তু লক্ষ্য-ভ্রষ্ট হইয়া স্থাকে ভূমিভলে পড়িয়া গেল ও গভায় হইয়া পড়িয়া রহিল।

বাজি মরিয়াছে, নিশ্চিন্ত হইয়া স্থপন হানাকু ও পিয়ালুর দিকে চাহিয়া হাস্তা মূথে কহিল, "এস, বহিন।"

পিয়ালু ছরিণীর মত স্বপনের নিকট ছুটিয়া আসিয়া, নত হইয়া ব্যাছ্রটি পরীক্ষা করিতে লাগিল এবং ব্যাহ্রের মপ্তকে তুইটি বুলেট-গর্ড দেখিয়া সভয়ে কহিল, "অয়ি-বাণ এখানে প্রবেশ করেছিল, ভাইয়া ?"

^{শহা}, পিয়ালু। এখন চল, আর বিলম্ব করা সমীচীন হবে না।" অপন কহিল।

হানাকু কহিল, "আমরা প্রত্যাবর্তনের মুখে বাঘের চামড়াটা থুলে নিয়ে যাব, বন্ধু।"

"বেশ, তাই হবে। চল।" বলিয়া স্বপন পূর্বেকার মৃত পশ্চাতে থাকিয়া পুনরায় যাত্রা আরম্ভ করিল।

অপরাত্ম তিন্টার সময় বিশালীপুরার বনানী সীমানায় উপস্থিত হইয়া পিয়ালু কহিল, "ভাইয়া, যাবার সময় আরও ফ্রুত আপনাদের যেতে হবে। শুন্লাম, আপনি বৃক্ষ-পথে বেতে অভ্যন্ত। হানাকুও তাই।
শুধু আমি পারি না বলে আমাদের হেঁটে আসতে হয়। আপনারা
বৃক্ষ-পথে গমন করুন। তা'হলে সন্ধ্যার সময় গুহায় পৌছাতে পারবেন।"
এই বলিয়া সে বিদায় লইয়া ক্রত পদে বনানীর বাহিরে চলিয়া গেল।

"এস, বস্তু।" বলিয়া হানাকু লদ্দ দিয়া নিকটবর্তী বৃক্ষে আরোহণ করিল। অপনও ভাহাকে অনুসরণ করিয়া বৃক্ষারোহণ করিল এবং হানাকুকে অপেকা করিছে বলিয়া, বৃক্ষের নীর্ষদেশে গমন করিল ভা বিশালীপুরার দিকে চাহিয়া রহিল।

স্থান রাজধানীর চারিদিকে স্থউচ্চ পাচিল-বেষ্টিত নগরীর দিকে।
চাহিয়া বিশ্বিত হইয়া পড়িল। লোকচক্ষ্র অন্তরালে অবস্থিত একটি
বস্তু-স্থানে যে এরপ নগরী থাকিতে পারে, ভাবিয়া স্থানের বিশ্বয়ের
আর অবধি বহিল না।

সে বছ দ্রে রাজপথের দিকে চাহিয়া দেখিল, পথে বছ লোক চলাচল করিতেছে। এক স্থানে কয়েকটি হস্তীকে লইয়া গৈল্ডেরা কোণাও গমন করিতেছে। বছ দ্র ব্যবধানে থাকায়, স্থপন রাজধানীর নর-নারীকে অতি ক্স আকারে দেখিতেছিল। সে দেখিল, এক স্থানে কয়েকটি আকাশ-চুদী মন্দির-চুড়া দেখা যাইতেছে।

হানাকু অগনের পার্শ্বে আসিয়া কহিল, "এখানে বেশিক্ষণ থাকা নিরাপদ নম, বন্ধ। যদি কোন প্রহরী অথবা সৈক্ষের দৃষ্টিতে পড়ে যাই, ভবে আর বন্ধা থাকবে না আমাদের।"

স্থান কছিল, "মাজে ছু'টি মিনিট, হানাকু। হা, ঐ যে একটি বুহুৎ অট্টালিকার মত কিছু দেখা যাচেছ, ওটা কি রাজপ্রাসাদ ?"

"हैं।, वक् । जात्र अ य यमित्रक्षणि तथा यात्रक, जे यमित्रहे तफ

বছরের অভি বৃদ্ধ প্রধান পুরোহিত বাস করেন। তাঁর প্রায় দশ সহকারী আছে। তারাই দেব-সেবার কার্য চালিয়ে থাকে।"

স্থান কহিল, "ঐ হাতীগুলিকে কোখায় নিয়ে যাওয়া হচ্ছে ?"

"জল পান করাতে, বন্ধু। রাজধানীর পশ্চিম দিকে একটা হ্রর আছে।
কৈই হ্রনে হতীদের জলপান
সান করাতে নিয়ে যাওয়া হ'য়ে থাকে।
কিন্তু আর না, বয়়। ঐ দেখ, একদল প্রহরী পাঁচিলের ওপর দিরে
এদিকে আসছে।" বলিয়াই সে রুপ করিয়া পার্য্বর্তী বুক্ষে লম্ফ প্রদান
করিল। স্থান তাহাকে অনুসর্ধ করিতে লাগিল।

বৃদ্ধ-পথে হানাকুকে অমুদরণ করিতে করিতে স্থান প্রন্ন করিতে সাগিল। অভি অল স্থয়ের ভিতর তাহারা মৃত ব্যান্তের নিকট উপস্থিত হইল ■ হানাকু কহিল, "তুমি এখানে মিনিট ক্ষেক বিশ্রাম করে।, ব্রু। আমি বাবের ছালটাকে খুলে নিই।"

স্থান একটি শাধার উপর উপবেশন করিয়া দেখিল, হানাকু ভাহার ভীক্ষধার ছুরিকা বাহির করিয়া ক্ষিপ্র হণ্ডে বাশ্বটির মন্তক হইতে লেজ স্থানি উদরের উপর দিয়া সোজা চিরিয়া ফেলিল। অভ:পর তুই বলবান স্থা স্থানি নিপুণভার সহিত কয়েক যিনিটের ভিতর সমগ্র হালটি খুলিয়া লাইল এবং ভাঁজ করিয়া কটিদেশের সহিত বন্ধন করিল ও বৃক্ষে আরোহণ করিয়া কহিল, "চল, বন্ধু।"

সন্ধা আসর হইয়া উঠিল। স্বপন টর্চ জালিয়া আলোক নিক্ষেপ করিতে করিতে অবশেষে গুহার নিকট উপস্থিত হইল এবং বৃক্ষ হইতে অবতরণ করিয়া, সূত্র হার দিয়া নিরাপদ আশ্রেষে প্রবেশ করিল।

ত কণী পিয়ালু রাজের খাতা প্রস্তুত করিয়া রাখিয়া সিয়াছিল। হানারু কহিল, "তোমার ■ তৈরী করি, বন্ধু তুমি ভতক্ষণ বিশ্রাম করে।।" স্থান ভাহার জন্ম নির্নিষ্ট গুহার ভিতর প্রবেশ করিয়া শয়ন করিল। আল সময় পরে হানাকু চায়ের কেতলি লইমা-প্রবেশ করিল এবং উভয়ে বিস্কৃট ও চা পান করিতে লাগিল।

স্থান চা পান করিতে করিতে কহিল, "আজ রাজে বহিন কোথায় থাকবেন, হানাকু?"

হানাকু কহিল, "রাঞ্জাসাদে। সেধানে পিয়ালুর জ্যোষ্ঠা ভয়ী এক রানীর সহচয়ীরূপে চাকরি করে। পিয়ালু, তা'র জ্য়ীর সঙ্গে বাস এবং অনায়াসে সকল সংবাদ সংগ্রহ ক'রে আনবে। এমন কি তোমায় আগ্রীয়া বিজয়া যদি সেধানে থাকেন, তবে তাঁর সঙ্গেও আলাপ আগ্রাহা

ত্বপন অপেক্ষাকৃত খুশি হইয়া কহিল, "ভগবান মকলময় । তাঁর মঙ্গল ইচ্ছা পূর্ণ হবার জন্মই আমাদের ধোগাধোগ সাধন করেছেন।"

হানাকু কহিল, "সে-বিষয়ে কোন সন্দেহ নেই, বন্ধু। এখন শোন।
পিয়ালু আমাদের জন্ত মাংদের তরকারি ও কটি তৈরী ক'রে রেখে গেছে।
এখন তোমার ও আমার জন্ত হ'খানা রোস্ট ক'রে ফেলি। তুমি
বিশ্রাম করো, বন্ধু।"

স্থান কহিল, "আগামী কাল কখন পিয়ালু বহিনকৈ আমরা আনবাস্কুত জ্ঞান করব ?"

শ্রভাতে। বেলা ১০টার পূর্বে রাজধানীর ফটক মৃক্ত হয় না।

স্তরাং পিয়ালু ১১টার পূর্বে বন-সীমান্তে উপস্থিত হতে পারবে না, বরু।
আমি তিন জনের মত থাতা সঙ্গে নিয়ে যাত্রা করব। তারপর সন্ধার
সময় পিয়ালু আমাদের রেঁধে থাওয়াবে। এই বলিয়া হানাকু কক হইতে
বাহির হইয়া গেল।

স্থান চিন্তা করিতে নাগিল। তরুণী পিয়ালুর সংবাদের উপর ভাছার ভবিষ্যৎ কর্মতৎপরতা নির্ভন্ন করিতেছে। সে আগামী কাল পিয়ালুর মুখে সংবাদ প্রবণ করিবার পর ভাছার প্রোগ্রাম দ্বির করিবে। ভাবিতে ভাবিতে স্থান তন্তা চ্ছর হইয়া পড়িল।

(6)

পরদিন প্রাতে ত্রেকফাস্টের পর হানাকু ও অপন পিয়ালুকে আনিবার

বাত্রা করিল। হানাকু প্রভাবে জাগরিত হইয়া তাহাদের তিন জনের

তুমিও লাভ করতে পার এবং যে-কোন ব্যক্তিই তা' পারে, পুত্র। দীর্ঘ পরমায় লাভ করবার একমাত্র উপায় এই যে, প্রভিগবানের মনোমত জীবন যাপন করা। কায়মনোবাক্যে যদি পবিত্র জীবন যাপন করতে পার এবং মনে এই বিশ্বাস দৃঢ় মূলে অন্ধিত করতে সক্ষম হও যে, তোমাকে তুইশত বংসর বাঁচতেই হবে, তার পূর্বে কিছুতেই তুমি মৃত্যুবরণ করবে না, তা' হ'লেই তোমার ইচ্ছা বাস্তবে পরিণত হবে, পুত্র। মাহ্যবের সব কিছু নিয়ন্ত্রণ করে মন। এই দেহের মৃত্যুর পর মাহ্যব মনোমর দেহে অনাদি অনস্ক কাল জীবিত থাকে। মাহ্যযের আত্মা, যিনি সত্যই মাহ্যবের পরমায়্রূপে মৃত্তিকা-দেহে অধিষ্ঠান করছেন, তাঁর মৃত্যু নেই। তিনি অক্ষ, অমর।

অধান নীরবে রহিল। সে কোন উত্তর অথবা প্রশ্ন করিল না।
প্রধান পুরোহিত পুনশ্চ বলিতে লাগিলেন, "মাহুবের অ্থ-তৃঃখ, আশামাকাঞ্চা দব কিছুই মনের খেলা, পুত্র। মাহুব হখন মনকে আয়তাধীনে
মানতে পারে, তখন তার পকে অসম্ভব কার্য কিছুই নেই। দীর্ঘ জীবন
লাভ ত অতি দহল ব্যাপার, মাহুয় তখন ইচ্ছা করলে, পর্বত ধারণ করতে
পারে, ইচ্ছামত নিজে শৃত্ত পথে অর্গ ও পৃথিবী পরিভ্রমণ করতে পারে।
কোন ইচ্ছাই তার অপূর্ব ধাকে না, পুত্র। মনকে আয়ন্তাধীন করতে
হ'লে সকল কামনা-বাদনার লোপ করতে হবে, ভীতি-হিংদা-ত্বণা দূর
করতে হবে। জীবিত জীব মাত্রেই পরম হুহুদ বিখাদ করতে হবে।
এই বনের হিংত্র ব্যাভ্র-সিংহ প্রভৃতি জন্ধরাও গৃহে পালিত কুকুর-বেড়াগের
মত তোমার আজ্ঞাধীন হয়ে উঠবে। মনের শক্তি এমনি অপরিমের
থবং অলৌকিক, পুত্র।" এই বলিয়া তিনি মৃত্ হাল্প করিলেন একং

স্থান
বিনাণতি উভয়ে প্রধান পুরোহিতকে প্রণাম করিয়া বাহির
হইয়া আসিল। সেনাপতি কহিল, "কি রকম মনে হ'ল, বন্ধু ?"

স্থান সপ্রাক্ষ কঠে কহিল, "মহাপুক্ষ এবং মহাঝাষি উনি, বনু। এমন মহাপুক্ষের দেখা স্থানেক ভাগ্য ফলে হ'য়ে থাকে, সেনাপতি।"

সেনাপতি কহিন, "কিন্ত আমাদের এমনই তুর্ভাগ্য বে আমরা ওঁকে ভালরণে চিনি না।"

"তা'ই হয়ে থাকে, বরু। মাছব নিকটের বস্তকে চোথ মেলে দেখতে
চার না। মাছব দ্রের রহস্তকে জানবার জন্ত জাকুল হয়। আমি
দেখেছি, মা ধরিত্রী বহু ভগুকে বক্ষে স্থান দিয়েছেন। কিন্তু সভাকার
মহামানবের সংখ্যা অভি নগণ্য। কচিং ভাগ্য ফলে ভালের দর্শন লাভ
হয়ে থাকে। আবার এমনও হয় য়ে, অভজ মনের পদ্ধিল প্রভাবে
আসল বস্তকেও কৃত্রিম ব'লে ধারণা হয়ে থাকে। ফলে মহাপুরুষের লাজিং। লাভের সৌভাগ্যকে মাছব অবহেলা ভরে ভাচ্ছিল্যের দৃষ্টিতে
দেখে থাকে। কিন্তু আমি কি ভাবছি জান, বরু? ভাবছি, এমন এক
মহাপুরুষের আশীর্বাদ লাভের চরম হয়োগ লাভ ক'রেও, ভোমানের রাজা
কেন এরণ এক ত্থণিত ব্যাধিতে ভূগছেন? অবগ্র প্রধান প্রোহিত
বলেছেন য়ে, গতজনার মহাপাপের প্রায়শিত তিনি করছেন। কিন্তু
আমি বলি, বরু, ভিনি গত জন্মের নয়, বর্তমান জীবনে অজিত মহাশ

সেনাপতি চমকিত হইয়া কহিল, "দোহাই বন্ধু, আর ধেন ভুলেও অমন সর্বনাশকর উক্তি উচ্চারণ করবেন না। আপনি জানেন না, আমাদের রাজা কিরপ নিপুণ প্রথায় সংবাদ গ্রহণ ক'রে থাকেন।"

সেনাপভির ব্যারাক-কোয়ার্টারে উপস্থিত হইয়া অপন কহিল, "আক্র

ষা দেখলাম, কোনদিন এমন এক জন্মলে তা দেখতে পাব, আমার স্থান্ধ-প্রসারী কল্পনাও তা' ধারণা করতে পারে নি। অসংখ্য ধ্যুবাদ, বরু।"

সেনাপতি কহিল, "এইবার রাত্রি-ভোজনের সময় হয়েচে, বন্ধু। যদি অমুম্ভি হয়……"

বাধা দিয়া ত্থন কহিল, "আপনার সৌজল দেখে অত্যস্ত মৃগ্ধ হ'লাম. বন্ধু। আমাদের খাল দেবার জল আদেশ দিন।"

আহার-পর্ব শেষ হইলে, স্থপন মৃথ-হাত ধৌত করিয়া শ্যার উপর আরোহণ করিলে, সেনাপতি তাহার সম্থা একটি টুলের উপর বিষয় কহিল, "আমি শয়ন করবার পূর্বে কয়েকটা কথা বলতে চাই, বন্ধু।"

অপন কহিল, "বলুন, বন্ধু।"

সেনাপতি কহিল, "আগামী কাল রাজার নিকট আমি এবং আমার অধন্তন অফিলারেরা আপনার বীরত্ব-কাহিনী সালস্কারে রাজাকে জানাবে। কিন্তু একটি বিষয়ে আপনাকে নীরবতা রক্ষা করতে হবে। তা'না করলে আপনার জীবন রক্ষা পাবে না, বন্ধু।"

স্বপন বিশ্মিত হইয়া কহিল, "ভা' নে কি, বন্ধু ?"

"আপনার সঙ্গে যে ভবিষ্যং প্রধানা রানীর কোন সংক্ষ আছে, আপনি যে তাঁ'কে উদ্ধার ক'রে নিয়ে যাবার জন্ম এথানে এসেছেন, তাঁ রাজাকে জানানো চলবে না। অবশ্য এ-বিষয় আমি ভিন্ন অন্ত কোন অফিসার জানে না। স্থান্তরাং আপনাকে ও আমাকে সে-বিষয়ে একেবারে মৃক সাম্বতে হবে।"

স্থপন কহিল, "ভবে কি বলব !"

সেনাপতি কহিল, "ভা'ও আমি ভেবে স্থির ক'রে রেখেছি। আপনি বলবেন যে, সমুদ্রে জাহাজ ঝড়ে পড়ে, এই দীপের ভীরের নিকট এসে সমুদ্রে তুবে বায়। আপনি সাঁতোর থেকে তীরে ওঠেন এবং বনের মধ্যে প্রেশ ক'রে আশ্রম অনুসন্ধান করবার চারিদিকে ঘুরতে থাকেন। তারপর কয়টা বাঘ আপনি মেরেছেন, তা' জানাবেন এবং পরে আপনি দেখতে পান বে, একটি নারীর পশ্চাতে একটি ব্যান্ত অনুসর্বন করছে। তারপর যা ঘটেছিল, তা' সবিতারে জানাবেন। তা'হলেই আমরা বন্ধুকে চিরদিনের জন্য কাছে পাবার সোভাগ্য অর্জন করব।"

স্থান জত চিন্তা করিতে লাগিল। সে কহিল, "বেশ তা'ই হবে, বরু।"
"যাক, আমার একটা তুর্তাবনা গোল, বরু।" সেনাপতি কহিল,
"নইলে রাজ্মহিথীকে নিয়ে যাবার জল্প যিনি এসেছেন, তাঁর পরিচয় লাভ
ক'রেও তাঁকে আমি আশ্রম দিয়েছি, মন্দিরে প্রধান পুরোহিতের সঙ্গে
পরিচয় করিয়ে দিয়েছি—তা'হলে আপনার ও আমার উভয়ের শির ফাঁরির
বিভিতে ঝোলাবার আদেশ প্রদত্ত হবে এবং তংক্ষণাং সেই আ্দেশ পালিত
হ'ল কি-না রাজা দাঁড়িয়ে দেখবেন।"

স্থান মৃত্ শব্দে হাসিয়া উঠিল। হাসির রূপ ও ধ্বনি শুনিয়া সেনাপতি বিমৃত হইয়া পড়িল। স্থান কহিল, "আমার অক্তরিম ব্রুর এতটুকুও অনিষ্ট হবে, এমন কাজ আমার দারা হবে না, ভাই। আমি নিজে জীবন দেব, তবু আশনার দেহে কাঁটার জাঁচড় লাগতে দেব না। বেশ, আমি রাজাকে ঐ কথাই জানাব, বন্ধু।"

সেনাপতি খুশি হইয়া বিদায় লইয়া, শুভ রাত্রি জানাইয়া বাহির হইয়া গেল।

স্থান কক্ষের দার বন্ধ করিয়া আলোকের ভেঞ্চ শুমিত করিয়া দিয়া শরন করিল ও কিছু সময় চিস্তা করিতে করিতে এক সময়ে নিদ্রিত হইয়া পড়িল।

(58)

খেতী-ব্যাধিগ্রন্ত রাজা মিত্রান্তর প্রাণাদে প্রত্যাবর্তন করিলেন অপরাক্ল তিনটার সময়। রাজকুমারী বিজয়াকে সেনাপতি গয়াকু জইয়া আসিয়াছে— আসিবামাত্র প্রবণ করিয়া তিনি অতীব থুলি হইয়া উঠিলেন। তিনি কিছু সময় বিশ্রাম করিবার পূর্বে আদেশ জারি করিলেন যে, অপরাক্ল চারিটার সময় তিনি দরবারে দর্শন দান করিবেন।

রাজাদেশ শ্রবণ করিয়া দেনাপতি গ্রাকু অপরাত্ন চারিটা বাজিবার বিশ মিনিট পূর্বে স্বপনকে সঙ্গে লইয়া দরবার-কক্ষে শাগমন করিল। চারিটা বাজিবার পাঁচ মিনিট পূর্বে মন্ত্রীগণ, সভাসদগণ, দরবার-কক্ষেত্র শফিসারগণ সকলে আপন আপন স্থান অধিকার করিলেন। অন্দর-মহল দিকের একটি বিশেষ ঘেরা স্থানে রাজকুমারী বিজয়া ভাহার প্রধানা পরিচারিকা ৰ সহচরীগণের সহিত উপস্থিত হইয়া অপেকা করিতে লাগিল।

অপরাস্থ চারিটা বাজিবার ঘণ্টাধ্বনি হইবার সজে সজে একজন নবীন রাজার আগমন-বার্তা হার করিয়া ঘোষণা করিল। সঙ্গে সজে দরবার-কক্ষ মধ্যস্থ সকলে দাঁড়াইয়া রাজার জন্ম অপেকা করিতে লাগিল। রাজা গন্তীর মূথে প্রবেশ করিয়া সিংহাসনে উপবেশন করিলেন। সঙ্গে সঙ্গে যাহারা দাঁড়াইয়াছিল, নত হইয়া রাজাকে অভিবাদন করিয়া উপবেশন করিল।

স্থপন সেনাপতি গয়াকুর পার্যে দাঁড়াইয়াছিল। সে সভয়ে দেখিল, রাজার মৃথের, হাতের ও উদরের মৃক্ত অংশে বীভংস শ্বেত চিহ্নে তাঁহাকে বিভীষিকাময় মৃতিতে পরিণত করিয়াছে। রাজা অবিরাম তাঁহার দেহের মৃক্ত অংশের বিভিন্ন স্থান চুলকাইতেছিলেন ■ একরপ রস বাহির হইয়া তাঁহাকে ষণ্ডণা দান করিতেছিল। কারণ তাঁহার মুখের ও কণালের শিরাসমূহ নিদারুণ ষত্রণার দাহে ফুলিয়া উঠিতেছিল। রাজা যে নিদারুণ ষত্রণা ভোগ করিতেছেন, তাহা বুঝিতে অপনের বিলম্ব হইল না। অপন বুঝিয়াছিল, রাজাকে কোন্ব্যাধি আক্রমণ করিয়াছে। কিন্তু সে নীরবে দাঁড়াইয়া রহিল।

রাজা সিংহাদনে উপবেশন করিয়াই দেনাপতি গ্রাকুকে আহ্বান করিলেন। গ্রাকু তাঁহার সিংহাদনের সমুখে নির্দিষ্ট ছানে উপস্থিত হইয়া, আভূমি নত হইয়া অভিবাদন করিল।

রাজা অপেকারত প্রায় কঠে কহিলেন, "ভোষার কাহিনী বর্ণনা কর, দেনাপতি। অবশ্য পূর্বেই আমি বলে রাধচি ধে, ভোষার দক্ষতায় আমি অত্যন্ত খুশি হয়েছি। সেজন্ত ভোষাকে ধোগ্য ভাবে পুরস্কৃত করবারও বাসনা আছে! এখন বল, তুমি কিরুপে ভবিন্তুং পাটরানীর দেখা পেলে ?"

সেনাপতি ইতিপূর্বেই এক গল্প রচনা করিয়া রাখিয়াছিল। সে কহিন, "আমরা ভবিশুং প্রধানা মহিধী-মা'র পদ-চিহ্ন গভীর জন্মলে দেখতে পাই। পদ-চিহ্ন অহুসরণ ক'রে আমরা অগ্রসর ইচ্ছিলাম। প্রায় তিন ঘটা এইরপে অগ্রসর হ'য়ে নিকটেই সহদা একটি ব্যাছের ক্রুদ্ধ গর্জন-ধ্যনি শুনতে পাই। আমি উল্লা বেগে অগ্রসর হয়ে ষাই। দেখি, একটা প্রকাণ্ড ব্যাছ্র ভবিশ্বং পাটরানী মা'র ওপর লম্ফ দিয়ে আকাশে উঠেছে। এমন সময়ে যেন আকাশ থেকে এক অপরিচিত যুবক লক্ষ্য-দানকারী ব্যাছের সম্মুখে ভবিশ্বং প্রধানা মহিধী-মা'কে আড়াল ক'রে দাড়ালেন। তার হাতে অগ্নি-বাণ পর্জে উঠ্ল। কিন্তু মহারাক্ষ্য ব্যাছের গতি হ'ল না। যদিও যুবকের অগ্নি-বাণে লক্ষ্য-শ্রহ হয়ে মাটিতে লুটিয়ে পড়ল এবং

তৎক্ষণাৎ উঠে দাঁড়াল। কিন্তু ডার পূর্বে সেই যুবক ব্যাদ্রের পূঠে আরোহণ ক'রে একটা ছুরিকা ছারা উপযুপরি আঘাত ক'রে ছই মিনিটের ভিতর ব্যাদ্রকে হত্যা ক'রে ফেলে। যুবক ভবিয়াৎ পাটরানী-মাকে একটা বৃক্ষে আশ্রয় নেবার আস্কুরোধ করেছিলেন। ভিনিও বৃক্ষে আরোহণ করেছিলেন।

রাজা বিশায়কর কাহিনী শুনিয়া অঙ্গ চুলকাইতে ভুলিয়া গিয়াছিলেন। তিনি কহিলেন, "আর তুমি আর তোমার সেনার। কি করেছিলে ?"

"আমরা বর্শা উত্তত ক'রে দাঁড়িয়েছিলাম, রাজা। কিন্তু পাছে যুবককে আহত করি, এই আশঙ্কায় অন্ত ব্যবহার করতে পারি নি। সমপ্র ব্যাপারটি আড়াই মিনিটের ভিতর শেষ হয়ে গিয়েছিল।"

"কে সেই যুবক ?" রাজা প্রশ্ন করিলেন।

সেনাপতি কহিল, "আমি যুবককে প্রশ্ন করায় বললেন তিনি ভারতবানী। জাহাজে যাচ্ছিলেন, ঝড়ে জাহাজ এই দ্বীপের নিকটে এসে ভূবে যায়। তিনি অভি কটে দাঁতার কেটে তীরে ওঠেন এবং আশ্রেরে জন্ত জললের ভিতর প্রবেশ করেন। যুবক আরপ্ত বললেন যে, তিনি চারিদিকে তুই দিন যাবং ঘুরে বেড়ান। তাঁকে কয়েকটি ব্যাঘ্র হত্যা ক'রে জীবন রক্ষা করতে হয়। তিনি বুক্ষে বাস করছিলেন। তৃতীয় দিনে দেখেন, একটি দেবী সদৃষ্ঠ নারীকে একটি ব্যাঘ্র আক্রমণ করতে উত্যত হয়েছে। তিনি তাঁকে রক্ষা করবার স্বাক্তমণ করতে এমে এসেছিলেন।

রাঞ্চা উত্তেজিত কঠে কহিলেন, "সেই যুবককে সঙ্গে এনেছ ?"

*হাঁ, রাজা।" এই বলিয়া দেনাপতি স্বপনের দিকে চাহিয়া, ভাহাকে নিকটে আহ্বান করিল। শ্বপন রাজাকে অভিবাদন করিলে, রাজা পরম বিশ্বিত দৃষ্টিতে যুবকের দিকে চাহিয়া রহিলেন। ভিনি ক্ষণকাল পরে কহিলেন, "আমাদের শাস্ত্রে যে ভারত মহাঘীপের কথা লেখা আছে, তুমি সেই দেশের অধিবাসী ?"

"হা, রাজা বাহাত্র।" স্থান সম্ভয়পূর্ব কর্পে উত্তর দিল। 👵

রাজা কি ভাবিয়া প্রশ্ন করিলেন, "ভূমি কি মহাধীপ ভারতের কন্তা আমার ভবিশ্বং পাটরানীকে চিনতে ?"

স্থান দৃঢ় কঠে কহিল, "না, রাজন। তার্মাজরুবে চল্লিশ কোটা নরনারী-শিশু বাদ করেন। দেশের এক প্রান্ত হইতে অন্ত প্রান্তের দ্রত্ব
করেক হাজার নাইল। স্থতরাং দে দেশে প্রত্যেক মন্ত্র-নারীর দলে পরিচয়
থাকা অসন্তব ব্যাপার, রাজন। আমি শুরু এক অসহায়া নারীকে একটা
ব্যান্ত্র হত্যা করবে—এই চিন্তান্ন উন্মাদ-প্রান্ন হ'বে বাান্ত্রকে আক্রমণ
করেছিলাম। মহীন্নদী নারীর জাতি ও দেশ-ভেদ করবার কোন অবদর
ছিল না, রাজন।"

রাজা সহট ইইয়া কহিলেন, "গুন্নাম, তুমি অগ্নি-বাপের অধিকারী।
আমি ভোমার অগ্নি-বাপের ধেলা দেখতে চাই। আগামী কাল অপরার
পাঁচটার সময় প্রাদাদ পার্যন্থ খেলার ময়দানে ভোমার অগ্নি-বাপের ধেলা
আমি দর্শন করব। ইতোমধ্যে বল, তুমি কি এই দেশে আমার প্রজারপে
বাস করতে চাও ? যদি সমত হও, ভা'হলে আমি ভোমাকে আমার
প্রাসাদ রক্ষী সৈক্তবাহিনীতে গ্রহণ করব। ভবিশ্বতে ভোমার কাল
দেখে ভোমাকে সেনাপতি-পদে উলীত করব। বল, তুমি চাকরি গ্রহণ
করবে ?"

স্থান বেন ক্বতার্থ হইয়াছে এমন স্বরে কহিল, "রাজার দর। অপরিদীম। ভগবান আপনাকে দীর্ঘজীবী কক্ষম। আমি অনুসূহীত হ'লাম, রাজন।" রাজা খুশি হইরা তাহার প্রাসাদ-রক্ষী বাহিনীতে অপনকে লইবার জন্ত সেনাপতি গরাকুকে আদেশ দিলেন এবং সেনাপতিকে পাঁচ হাজার অখারোহী সৈত্যের সেনাপতি-পদে উন্নীত করিলেন।

রাজা রাজকুমারীর দিকে চাহিয়া কহিলেন, "ভবিষ্যৎ প্রধানা মহিষী, সেনাপতি গমাকু ও এই অপরিটিভ যুবক যা বসলে, সব সভ্য ?"

রাজকুমারী বিজয়া আপনাকে সংযত করিয়া কহিল, "প্রতি বর্ণ সভ্যু, রাজা।"

রাজা কহিলেন, "এই যুববকে তুমি ইতিপূর্বে কখনও দেখেছ।" রাজকুমারী বিজয়া সেনাপতির উক্তি শুনিয়া সতর্ক হইয়াছিল। সে কহিল, "না, রাজা। আমি জীবনে তাঁকে দেখি নি।"

"দরবার ভঙ্গ হইন" ঘোষণা করিয়া রাজা সিংহাসন ভ্যাগ করিলে, সকলে তাঁহাকে নত হইয়া অভিবাদন করিল, রাজা জ্ঞাপন অক চুলকাইতে চুলকাইতে নিজ মহালের দিকে চলিয়া গেলেন।

রাজকুমারী বিজয়া অপনের সক্ষে একবার কথা বলিবার জন্ম অন্তান্ত উতলা হইয়া পড়িয়ছিল। সে সহচরীগণের সহিত দাঁড়াইয়া তাহার প্রধানা পরিচারিকাকে একান্তে আহ্বান করিয়া কহিল, "এক কাজ করে, মুয়ালী। ঐ যে আমার দেশের ভদ্রলোককে রাজা প্রহরী-সৈন্তের চাকরি দিলেন, ওঁকে বলে আয় যে, রাজকুমারী বিজয়া অন্তান্ত আনন্দিত হয়েছেন এই ভেবে যে তাঁর দেশের মহাবীর যুবকের সম্মান রক্ষিত হয়েছেন এই ভেবে যে তাঁর দেশের মহাবীর যুবকের সমান রক্ষিত হয়েছেন আই কিনে যেন শীল্ল কৃতকার্য হন।"

প্রধানা পরিচারিকা কহিল, "আপনি সহচারীদের নিয়ে মহালে হান, দেবী। আমি আপনার আদেশ পালন ক'রে আস্চি।" খপন ও সেনাপতি যথন দরবার-কক্ষ হইতে বাহির হইয়া রাজপ্রাসাদের
শাধারণ কড়িডোরে উপস্থিত হইল, প্রধানা পরিচারিকা আসিয়া খপন

শেনাপতিকে অভিবাদন করিয়া, খপনকে রাজকুমারী বিজয়ার উল্ভিন্
শক্ষরে অক্ষরে আবৃত্তি করিয়া শুনাইল।

প্রথম মূহ্রত-ক্ষেক নীরবে থাকিয়া, সহসা উজির অর্থ ফ্রায়ল্ম করিল।
সে কহিল, "মহামান্তা রাজকুমারীকে কলবে, তার অভেচ্ছার আধামি
ক্রভন্ত হ'লাম। আমার ক্রভকার্য হবার প্রথম স্থ্যোগ পারামাত্র তা' গ্রহণ করব। কোনরূপ অবহেলা আমার সিক থেকে হবে না, তাঁকে জানাবে।"

প্রধানা পরিচারিকা অভিবাদন করিয়া ভিতরের দিকে চলিয়া গেল।

স্থান সেনাপতির সহিত বাহিরে আসিয়া, যথন রাজপণ দিয়া সৈত্তব্যারাক অভিমুখে গমন করিতে লাগিল, তখন সেনাপতি কহিল, "বন্ধুআমার একটি অহুরোধ আছে। বলুন, রাখবেন ?"

স্থান সূত্তির জন্ত দেনাগতির স্থের দিকে চাহিয়া থাকিয়া মৃত হাস্ত মুখে কহিল, "আমি জানি, কি বলবেন আপনি। কিছু আপনি নিশিক্ত থাকুন, নিজের জাবন আমি কোন হেতুর জন্তুই বিপন্ন করব না।"

দেনাপতির মুখভাব প্রফুল হইয়া উঠিল। সে কহিল, "আল পর্বন্ধ বিশালীর দীর্ঘ ইতিহাসে কেউ পলায়ন ক'রে স্বাধীনতা দীর্ঘ দিনের অর্জন করেছে, একটিও তেমন ঘটনা নেই, বন্ধু। প্রত্যেক ক্ষেত্রেই পলাতক অথবা পলাতকা গ্রেক্তার হয়েছে রাজসৈক্ষের হাতে, নম প্রাণ্দিয়েছে হিংল্র জন্তদের আক্রমণে। কিন্তু জিল্জাসা করি, যে-নামী এই রাজ্যের পাটরানী হতে চলেছেন, তাঁকে উদ্ধার করবার জন্ত আপন মহামূল্য জীবনকে কেন বিপন্ন করবেন, বন্ধু ?"

স্থান মুদ্র হান্ত মুখে কহিল, "ও-আলোচনা থাক, দেনাপতি। ফ্লুন, কবে থেকে আমাকে প্রহরী-দৈন্তবাহিনীতে যোগ দিতে হবে ?"

সেনাপতি কহিল, "আজকার অরশিষ্ট দিন ও রাত্রি বিশ্রাম কলন। আগামী কাল আপনার অন্ধ ও পোশাকের জন্ত অর্ডার দেব। তারপর আগামী পরস্থ হতে আপনি আমার বাহিনীতে বোগদান করবেন।"

স্থান কহিল, "আগামী কাল অপরাক্তে আগুন বাপের পরীকার কথা সরণ আহে ড, বন্ধু !"

"রাজাছেশ কি কথনও বিশ্বত হওয়া বায়, বরু? আপনি শুনে
হয়ত বিশ্বিত হবেন, রাঞ্চাদেশে অগ্নি-বাপের পরীকা গ্রহণের কথা সমগ্র রাজ্বধানীতে প্রচারের ক্ষা একদল ঘোষক
বাষ্ককর ইত্যেমধ্যে পথে
বৈরিয়ে পড়েছে।" এই বলিয়া সেনাপতি হাসিম্থে পিছন ফিরিয়া
অসুলি নির্দেশে দেখাইয়। প্রশ্চ কহিল, "ঐ দেধুন, ত্ত্বন ঘোষক ও
ত্ত্বন বাষ্ককর এই দিকে আসছে।"

এমন সময়ে এক অপরপ আকৃতি টোল শুল-গছীর গর্জনে বাজিয়া উঠিল এবং একজন ঘোষক চিৎকার করিরা আনাইল—"আগামী কাল অপরাল্লে রাজ-ময়দানে অগ্রি-বাবের পরীক্ষা হবে। মহামান্ত রাজা সভাপতিত্ব করবেন। সকলের উপস্থিতি মঞুর। দলে দলে সমবেত হবেন।"

রাজপথ ঘোষকর ঘোষণা শুনিবার আ জনাকীর্ণ হইয়া উঠিল আ সকলে উৎফর্ণ হইয়া ঘোষণা শ্রাবন করিডে লাগিল।

সেনাপভির সহিত স্থান দেনাপতির ব্যারাক-কোয়ার্টারে প্রবেশ করিল।

সেনাপতি অপনকে তাহার ককে পৌছাইয়া দিয়া কহিল, "সন্ধার পরে কি শ্রমণে বার হবেন, বঙ্গু ?" শ্বপন আগ্রহভরে কহিল, "বিদ্ধান্ত না। অহপ্ত আজও আপনার স্কে

শোলতি কহিল, "কিছুমান্ত না। অহপ্ত আজও আপনার স্কে
আমার যাওয়া প্রয়োজন। কারণ আপনার অলে বিদেশী ও অপরিচিত
পোশাক রয়েছে। ফলে বিশালীরা উত্তপ্ত হয়ে উঠতে পারে। কিছ
আগামী কাল বখন দৈনিকের বেশ ধারণ কর বেন, তখন রাজার নিরাপত্তা
রক্ষা করবার আপনাকে আহ্বান করা হবে। উত্তম! আপনি একটু
বিশ্রাম করন। আমি আপনার চা পাঠিয়ে দিছিছ।"

সেনাপতি জ্রুতপদে তাহার শয়ন-কক্ষ অভিমুখে গমন করিল।

(00)

সেনাপতির সহিত সন্ধ্যার পর ভাষণে বাহির হইয়া, ভাহার প্রশের উত্তরে স্থপন কহিল, "চলুন, আজও দেব-মন্দিরে আরতি দেখে আসি।"

"বেশ, আহন।" এই বলিয়া সেনাপতি ফতে চনিতে আরম্ভ করিল।
মন্দিরে যথন তাহারা উপস্থিত হইল, তথন আরতি করা শেব হয় নাই।
স্থান অভিনব ধরণের আরতি করা দেখিয়া বিশ্বিত হইল, কিছ কোন
মন্তব্য প্রকাশ করিল না।

গত রাজের মত বৃদ্ধ প্রধান পুরোহিত একান্তে চক্ষু মুদিত করিয়া বসিয়া রহিয়াছেন, স্থান দেখিল। প্রায় শতাধিক বৃদ্ধা, তক্ষণী, বালিকা প্রভৃতি সর্ব বয়সের নারী অপলক দৃষ্টিতে দেবতার দিকে চাহিয়া রহিয়াছে। স্থানের মনে হইল, একটি তক্ষণী মেয়ে তাহার দিকে একবার চাহিয়া মুখ নত করিয়া বসিল।

স্থান দেবতার উপর দৃষ্টি নিবদ্ধ করিল **এবং আ**রতি শেষ না হৎয়া পর্বন্ত একই লাবে বসিয়া রহিল। আরতি শেব হইলে নারী-কৃন মন্দির হইতে বাহির হইয়া ধাইতে লাগিল। অপন ও সেনাপতি মন্দির-চত্তর হইতে অবতরণ করিয়া আজিনায় প্রানি প্রোহিতের আলপকা করিতেছিল, এমন সময়ে পূর্ব-দৃষ্ট নারী অপনের নিকট আগিয়া নত অরে কহিন, "ভাইছা, দ্যা ক'রে একবার এদিকে আহ্ম।"

স্থান সচকিত হইয়া উঠিন। সে সেনাপতির নিকট হইতে তুই মিনিটের বিদায় সইয়া আজিনার একাস্তে গিয়া কহিল, "এ কি! পিয়ালু বহিন ?"

পিয়ালু নত দৃষ্টিতে চাহিয়া কহিল, "ই।, ভাইয়।। আপনি হথা-সময়ে শুহায় কিরলেন না দেখে, আমরা সাতিশন্ধ উৎকৃতিত হয়ে পড়লাম। কোনরকমে রাজিটা কাটিয়ে আমার সঙ্গে পরামর্শ ক'রে, বন-সীমান্ত অবধি এসে সে আমাকে দিয়ে গেল। আমি দেখতে এলাম, সভাই আপনাকেও শয়তানেরা বন্দী ক'রে এনেছে কি-না! ভগবান কলপাম্য! আমি বিচারের সময় আমার ভল্লীর সঙ্গে রাজকুমারীর পার্ছে ছিলাম। ব্যবন শুনলাম বে, সেনাপতি রাজাকে আপনার পরিচয় সম্বন্ধে কিছুই জানাল না, তথ্য আনন্দে আমি কেঁছে ফেলেছিলাম, ভাইয়া। তাই মন্দিরে এসেছিলাম ভগবানকে আমার অন্তরের ক্রত্জতা জানাবার জন্তা, ভাইয়া।

স্থান একবার সচকিতে চারিদিকে চাহিয়া কহিল, "কাজটা ভাল হয় নি, বহিন। যদি ভোষাকে প্রহরীরা সন্দেহ ক'রে বসে, তবে ভয়ানক বিপদে স্থিয়ে পড়বে। তুমি রাজি প্রভাতেই -----

বাধা দিয়া পিয়ালু কহিল, "আমার কথা থাক, ভাইয়া। এখন দয়া ক'রে বলুন, আপনি কি সভ্য সভাই এই দ্বনিত কুৎসিং ব্যাধিগ্রন্থ রাজার চাকরি করবেন ?" স্থপন মুত্র হাস্ত্রমূপে কহিল, "ভাই ভো বন্দোবস্ত হ'ল, পিয়ালু ?"

"তা' হয়েছে। কিন্তু আর যাকেই ফাঁকি দিন, ভাইয়া, আপনার বহিনকে দিতে পারবেন না।" এই বলিয়া পিয়ালু সুকুর্ত-তুই নীরষ থাকিয়া পুনশ্চ কহিল, "কিন্তু ভূলে যাবেন না, ভাইয়া, রাজা মিদ্রাহ্মর মত নিষ্ঠ্য মহারাজা আর ছু'টি নেই। সে বদি কোনরক্ষমে সন্দেহ বি, আপনি রাজকুমারীকে অর্থাৎ তার ভবিশ্বৎ প্রধানা-মহিষীকে চুরি ক'রে নিয়ে যাবার তাকে প্রভারিত করেছেন, ভা'হলে……"

বাধা দিয়া স্থপন কহিল, "তুমি নিশ্চিম্ন থাক, পিয়ালু। আমি
ব্যস্থতার বশে কোন কাজ করব না। আশা করি, ভবিম্বতে যদি
ভোমাদের গৃহে আশ্রমপ্রার্থী হ'রে বাই, ডা'হলে নিশ্চরই ভাইরাকে আশ্রম
পেবে ?"

ভঙ্গণী পিয়ালু ধর ধর করিয়া কাঁপিয়া উঠিল। সে কহিল, "দোহাই ভাইয়া, বহিনকে নিষ্ঠুর আঘাত করবেন না। আমি দিন-রাজি এই প্রোর্থনা ভগবানকে জানাব যে, তিনি যেন হতভাগিনীকে তেমন স্বযোগই অচিরে দান করেন।" এই বলিয়া সে একবার সেনাপতির দিকে চাহিয়া প্রশ্ন কহিল, "আসি, ভাইয়া। আমার বৃক্ষে পাষাণ-চাপ অপস্ত হয়ে গেছে।" এই বলিয়া স্থান সাবধান হইবার পূর্বে তাহার পদম্ম ক্রিয়া অভিবাদন করিল ও ফ্রান্তপদে আফ্রিনা হইতে বাহির হইয়া গেল।

স্থান সেনাপতির নিকট ফিরিয়া আসিলে, সেনাপতি এ-বিষয়ে কোন প্রশ্ন না করিয়া কহিল, "আহ্নন, প্রধান পুরোহিত আমাদের জন্ত অপেকা করছেন।"

"চল, বন্ধু।" স্থপন কহিল।

উভয়ে প্রধান পুরোহিতের কোরার্চারে উপস্থিত হইয়া মেবিল, ভিনি

একটি ব্যাদ্র-চর্মাসনে বসিয়া রহিয়াছেন। তিনি স্থপনকৈ দেখিয়া কহিলেন, "এস পুত্র, বস। এস গয়াকু, বস, বাব।। আমি তোমাদের জ্ঞুই অপেকা করছিলাম।"

স্থান ও সেনাপতি উভয়ে বৃদ্ধ পুরোহিতকে প্রণাম করিয়া উপবেশন করিলে, তিনি প্রশ্ন কহিলেন, "আমি সব শুনেছি, পুর। তুমি যে এই স্থাবিত্র দ্বীপের অধিবাসীতে পরিণত হ'তে চলেছ, সে-সংবাদ আমাকে প্রচুর স্থানন্দ দিয়েছে। রাজা তোমার প্রতি বিশেষ করণা প্রদর্শন করেছেন।"

স্থপন কহিল, "আমি সেজ্জু রাজার নিকট কুভজু হয়েছি, পিতা।"

প্রথান প্রোহিত কহিলেন, "আরও শুনলাম, আগামী কাল ভোষার আগ্নি-বাণের পরীক্ষা দেবে। কিন্তু বৎস, ভোমাকে খুব সভর্ক হতে হবে। আমাদের ধর্ম-গ্রন্থে আছে যে, যে-দিন আমাদের পাপের ফলে রুপ্ত দেবভারা অগ্নি-বাণে সক্ষিত হয়ে আক্রমণ করতে আসবে, সেই দিনই বিশালী দ্বীপ সম্দ্রের ভিতর অদৃশ্র হয়ে যাবে।" এই বলিয়া তিনি মুহুর্ত-করেক নির্নিমেব দৃষ্টিতে চাহিয়া থাকিয়া পুনশ্চ কহিলেন, "আমাদের দৃঢ় বিশ্বাস ছিল যে, দেবভাদের হাতে ভিন্ন অগ্নি-বাণ আর কারুর কাছে নেই। কিন্তু সে-ধারণা আমাদের যে ঠিক নয়, তা প্রমাণিত হয়ে গেল।"

স্থান মূহ হাস্থা মূখে কহিল, "পিতাজী, বর্তমান পৃথিবী অনেকথানি এগিয়ে গেছে। এখন মাহ্য বিজ্ঞানের শক্তিতে এমন সব আগ্নেয়াস্ত্রের অধিকারী হয়েছে, তা' দেখলে বিশ্বায় হতবাক হয়ে যেতে হয়, প্রাভূ।"

প্র। সে ধাই হোক, ভোমার অগ্নি-বাণ যেন বিশালীর মঙ্গলকর কার্যে নিয়োজিত হয়, পুরে। রাজা আমাকে ভোমার সঙ্গে দেখা ক'রে এ-বিষয়ে আলোচনা করবার জন্ম আদেশ দিয়েছিলেন। আমি তাঁকে আগামী কাল প্রাত্তে জানাব যে, তুমি বিশাদীর শুভের জন্মই তোমার জাগ্ন-বাল বাবহার করবে। কেমন ? জানাব ভ, পুত্র ?"

দৈ বিষয়ে কোন সন্দেহ রাধবেন না, পিতাজী।" এই বলিয়া স্থপন বৃদ্ধ প্রধান পুরোহিতকে অভিবাদন করিল ও সেনাপতির সহিত উঠিয়া শীড়াইল।

বৃদ্ধ আশীর্বাদ করিলেন।

পথে বাহির হইয়া সেনাপতি কহিল, "বন্ধু, তুমি সমগ্র বিশালীতে একটা প্রবল আলোড়ন তুলতে সক্ষম হয়েচ। এখন আগামী কালেক অগি-বাণ-পর্ব শেব হ'য়ে গেলেই নিশ্চিম্ভ হতে পারি।"

স্থান প্ৰিম্ময়ে কহিল, "কেন বন্ধু, তুমিও কি উৎকণ্ঠিত হয়ে পড়েছ ?"

"হই নি বলতে পারলেই খুশি হন্তাম, বন্ধু। কিন্তু সত্য বলতে কি, রাজা বধন ভোমার অগ্নি-বাণের প্রচণ্ড শক্তির বিষয় জ্ঞাত হবেন, তথন ভোমাকে না…" এই অবধি বলিয়া সহসা সেনাপতি নীরব হইল।

স্থপন কহিল, "কথা শেষ করো, বন্ধু ?"

সেনাপতি হাস্ত মূথে কহিল, "আমাকে পীড়াপীড়ি ক'রো না, শতাল্ল।"
যেটুকু উহা আছে, সেটুকু উহাই থাক, বন্ধু।"

কথা বলিতে বলিতে উভয়ে ব্যারাক-কোয়ার্টারে উপস্থিত হইল। রাত্রি-ভোজনের সময় হইয়াছিল। উভয়ে আহার করিয়া শয়ন-কক্ষে আশ্রয় লইল।

পরদিন অপরায় একটার হইতে রাজ-ক্রীড়া ময়দানে অনুসাধারণ অগ্নি-বাপের পরীকা দেখিবার জন্ম দলে দলে আগমন করিছে লাগিল। নির্দিষ্ট সময়ের বহু পূর্বেই স্বৃহৎ ময়দানে তিল ধারণের আন্ধ্র পর্যন্ত পর্যন্ত বহিল না।

সৈদিন প্রাতে তুইজন উচ্চপদস্থ রাজ্য-কর্মচারী স্থপনের নিকট আলি। স্থানিবাণ পরীক্ষার জন্ত কি ভাবে স্থান মুক্ত রাখিতে হইবে জানিয়া পিয়াছিলেন। স্থপন ময়দানের পূর্বদিকে বিশ হাত পরিমিত প্রশীষ্ট স্থান মুক্ত রাধিবার জন্ত ■ উচ্চ বেড়া দিয়া দিরিবার ■ বিলিয়া দিরাছিল।

ফলে ময়দানের পূর্বদিকে বিশ হাত পরিমিত প্রশন্ত স্থান মোটা ও কঠিন কাঠের থোঁটা ধারা ঘিরিয়া, অবশিষ্ট সমগ্র ময়দান জনসাধারণের ছাড়িয়া দিয়াছিল।

ময়দানের পশ্চিম দিকের একাংশ রাজা ও রাজ-পরিবারবর্গের বিপ্রক করিয়া রাখা হইয়াছিল এবং সমগ্র অংশটির চারিদ্কি সৈশ্ত-পাহার।
নিযুক্ত করা হইয়াছিল।

অপরার চারটার সময় রাজা পারিষদবর্গের সহিত আগমন করিলেন।
পারিষদবর্গ রাজা ও রাজ-পরিবারবর্গের জন্ম নির্দিষ্ট স্থানের বাহিরে তাহাদের
অন্ত নির্দিষ্ট আসনে উপবেশন করিল। শতাধিক রাজমহিনী, তাঁহাদের
সহচরী ও পরিচারিকাবর্গের সহিত আগমন করিলেন এবং রাজার
ক্ষাবহিত পার্থে চিক্ দিয়া ঘেরা স্থানে উপবেশন করিলেন।

রাজার আসমনের দক্ষে দক্ষে অপন দৈনিক বেশ-ভ্যায় সজ্জিত হইয়া, পৃষ্ঠে রাইফেল ও কটাদেশে রিভগভার ঝুলাইয়া প্রবেশ করিল। সঙ্গে সঙ্গে হাজার হাজার দর্শক-কুল উল্লাস-ধ্বনি করিয়া ভাহাকে স্থাগত জানাইল।

স্থির ইইয়াছিল, প্রথমত রাজার চিড়িয়াখানা হইতে একটি অভিকায়, হিংশ্র এবং স্থার্ত ব্যাদ্রকে বেড়া দ্বারা অবরুদ্ধ স্থানে ছাড়িয়া দেওয়া হইবে এবং অগ্নি-বাপের দ্বারা ভাহাকে বধ করিতে হইবে।

অতিকায় ব্যাদ্রকে লৌহ-খাচায় পুরিয়া আনা হইয়াছিল এবং বেড়া আরা অবক্ষম স্থানের শেষ প্রান্তে বেড়া-মুখে রাখা হইয়াছিল।

স্থপন রাজাকে অভিবাদন করিল। সে দেখিল, রাজা অবিরাম তাঁহার অক্সের শ্বেতা-স্থানগুলি চুলকাইতেছেন এবং ধেখানে রদ বাহির হইতেছে, নেই স্থান ক্ষমাল ছারা মুছিয়া ফেলিতেছেন।

খপন ব্যস্তভাবে ঐব্ধপ বীভৎস দৃশ্য হইতে ভাহার দৃষ্টি ফিরাইয়া সইল। রাজা একজন অফিনারকৈ আহ্বান করিয়া নত খরে কিছু বলিলে, সে ক্রতপদে স্বপনের নিকট আসিয়া কহিল, "আপনি প্রস্তুত, দৈনিক ?"

"হাঁ, অফিসার।" স্থপন উত্তর দিল।

হাজার হাজার দর্শকেরা কছ-প্রায় নিঃখাদে অপেকা করিভেছিল। এমন সময়ে একটা বিউপল বাজিয়া উঠিল। জনত। উচ্চরবে চিৎকার করিয়া উঠিল। সলে সলে ব্যাত্র-খাঁচার **যা**র মৃক্ত ত্ইয়া গেল। জনতার চিৎকারে উভেজিত ও সুধার্ত ব্যাদ্র এক লক্ষে রণক্ষেত্রে বাহির হইয়া नाषाहेन।

জনতা নীরব হইয়া গেল। অতিকায় ব্যাদ্রের ভয়াল আকৃতি, তাহাস চক্ষয়ের হিংশ্র দৃষ্টি, সর্বোপরি একটি ভরুপের সমুখে ছাড়িয়া দেওয়া জনতার ভিতর অনেকেই ক্রুদ্ধ হইগা উঠিল এবং তাহাদের মনোভাব নানা কঠোর ভাষায় ব্যক্ত করিতে লাগিল।

রাজা ক্রুদ্ধ দৃষ্টিতে জনতার দিকে কয়েক মুহূর্ত চাহিয়া থাকিলে, থাহারা রাজার প্রতি কটুক্তি বর্ষণ করিতেছিল, তাহারা সহসা নীরব হইয়া গেল।

রাজ-মহিষীদের সহিত রাজকুমারী বিজয়াও আসিয়ছিল। তাহার মুখ নিঃশেষে রক্তশৃগু হইয়া বিবর্ণ মৃতি ধারণ করিয়াছিল।

ব্যাদ্র জনতার দিকে মুহুর্ত-কণ্ণেক লোলুপ দৃষ্টিতে চাহিয়া থাকিয়া, এক পা এক পা করিয়া অগ্রসর হইতেছিল। স্বপন নির্বিকার দৃষ্টিতে

চাহিয়া দীড়াইয়াছিল। তাহার রাইফেল পৃষ্ঠদেশ হইতে মৃক্ত করিয়া দক্ষিণ হত্তে ধরিয়া দীড়াইয়াছিল।

জনতা স্বপনের নির্ভীক ও নির্বিকার মুখভাবের দিকে চাহিয়া পরম বিস্ময় বোধ করিল। তাহাকে দেখিয়া ধারণা করা কঠিন ছিল বে, সে জীবস্ত মৃত্যু-রূপী ব্যাদ্রের পা পা করিয়া ভাহার দিকে অগ্রসর হওয়া আদৌ দেখিয়াছে কি-না।

জনতা স্থপনকে সতর্ক করিবার জন্ত চিৎকার করিয়া উঠিলে, সহসা স্থাত ব্যাদ্র স্থিত হইয়া প্রলয়ক্ষর রবে গর্জন করিয়া উঠিল সক্ষে সঙ্গে ভীষণ বেগো লম্ফ প্রদান করিল।

স্থান এই মৃহুর্তের জগু অপেকা করিতেছিল, দে চক্ষুর নিমেষে তাহার রাইফেল উত্তত করিয়া ধরিয়া, ব্যাদ্রকে লক্ষ্য করিয়া শৃক্তদেশে উপযুপরি ক্রিয় করিল।

রাইফেলের গর্জন ও ব্যাদ্রের অগ্রগতি অর্থ পথে রুদ্ধ হুইয়া, স্বেপে মন্ত্রদানের উপর পতন দৃশ্য দেখিয়া, সমবেত জনতা, এমন কি রানীরা পর্যস্ত আনন্দে কলরব করিয়া উঠিল।

রাজ-অফিসার কয়েকজন চুটিয়া আসিয়া ব্যাদ্রকে পরীক্ষা করিল এবং কয়েকজন বাহক আসিয়া মৃত ব্যাদ্রকে তুলিয়া লইয়া রাজার নিক্ট সইয়া গোল।

রাজা আসন ইইতে উঠিয়া, ব্যাদ্রকে পরীক্ষা করিতে লাগিলেন এবং ব্যাদ্রের মন্তকে ও বক্ষে ছুইটি গোল্যকার বুলেট ক্ষত দেখিয়া বিক্ষিত ও ভীত ইইলেন। তিনি কহিলেন, "আকর্ষ ব্যাপার! কিন্তু এ-পরীক্ষায় আমি সন্তঃ নই। যে সিংহটাকে গত সপ্তাহে বন থেকে করে আনা ইয়েছে, চিড়িয়াধানা থেকে সেটাকে আনতে বল। যদি সৈনিক তা'কে হত্যা করতে পারে তবেই অগ্নি-বাপের শক্তি প্রমাণিত হবে।" এই বলিয়া রাজা পুনরায় ব্যাঘ্রের বুলেট আঘাত-প্রাপ্ত স্থান ছুইটি পরীকা করিয়া দেখিতে লাগিলেন।

(>8)

রাজাদেশ সমগ্র অনভার ভিতর ছড়াইয়া পড়িল, কিন্তু অনুভার ভিতর হুইতে কোনরপ উৎসাহব্যঞ্জক ধানি না শুনিয়া, রাজা ক্রুদ্ধ ও ছুর্বোধ্য শ্বরে কিছু বলিলেন। তাঁহার সমুখে সেনাপতি গমাকু দাঁড়াইয়াছিল। রাজা তাহাকে আহ্বান করিয়া নত স্বরে কহিলেন, "অগ্নি-বাপের খেলার পরে অগ্নি-বাপটি আমার অস্তাগারে জমা রাখতে হবে। আমি এমন অস্ত্র কোন দৈনিকের নিকট রেখে নিশ্চিপ্ত হতে পারব না।"

"তাই হবে, প্রভু।" সেনাপতি সম্মতি জানাইল।

রাজা কহিলেন, "এখন নয়। আগে খেলা শেষ হয়ে যাক, ভারপত্র তুমি আমার আদেশ জানাবে।"

পয়াকু অভিবাদন করিয়া পুনশ্চ কহিল, "তাই হবে, প্রভু।"

অনতিবিলমে থাঁচায় ভরা সিংহ লইয়া ভূতাগণ উপস্থিত হইন।
রাজ-সৈত্যেরা ফাঁদ পাতিয়া এই সিংহকে ধরিয়া ছিল মাত্র এক সপ্তাহ
পূর্বে। সিংহ দেখিয়া জনভার গুল্লন-ধ্বনি শুরু হইয়া গেল। অপন তাহার
ঘুই ব্যারেল বিশিষ্ট রাইফেলে বুলেট ভরিয়া অপেক্ষা করিতে লাগিল।

রাজার আদেশে বিউগল ধ্বনিত হইয়া উঠিল। সঙ্গে সংগ্র সিংহের গাঁচার দ্বার মৃক্ত হইয়া গেল এবং পশু-রাজ এক লম্ফে থাঁচা হইতে বাহির হইয়া, ফ্রুত পদে কয়েক পা অগ্রসর হইয়া, সহসা শুর ভাবে দাঁড়াইয়া পড়িল। সে একবার মুখ ঘুরাইয়া জনতার দিকে লোল্প দৃষ্টিতে চাহিয়া দেখিল, পরে স্বপনের দিকে চাহিয়া, মেঘ-পর্জনের মত ভয়বহ শব্দে গর্জনকরিয়া উঠিল এবং লম্ফ দিবার সীমার ভিতর আসিয়া প্রচণ্ড পর্জনের সহিত স্বপনের উপর কম্ফ প্রদান করিতে উন্মত হইতেই, স্বপনের রাইফেল গর্জন করিয়া উঠিল এবং সিংহের স্কল্পদেশে ব্লেট বিদ্ধ হইলে সে উন্মাদ-প্রায় হইয়া যুগপৎ শত শত মেঘ পর্জনের রবে গর্জন করিতে করিতে লম্ফ দান করিল।

স্বপনের রাইফেল পুনরায় গর্জন করিয়া উঠিল। মধ্য পথে নিংহের বক্ষদেশে বুলেট, বিদ্ধ হইলে সিংহ লক্ষ্য-ভ্রত হইয়া ভূমিতে পতিত হইল। কিন্তু তৎক্ষণাৎ উঠিয়া দীড়াইল এবং স্বপনকে আক্রমণ করিতে উন্তত্ত হইয়াই দেখিল দে তাহার পৃষ্ঠের উপর আরোহণ করিয়াছে।

সিংহ উন্মান হইয়া গোল। সে প্রচণ্ড স্থারে গর্জন করিছে করিছে লশ্ফনান করিছে লাগিল ও স্থাপনকে পৃষ্ঠ হইছে নিক্ষেপ করিবার জন্ম প্রোশপণ প্রয়াস পাইছে লাগিল।

স্থান জানিত যে, অগ্নি-বাপের থেলায় অন্ত অস্ত্র ব্যবহারের ফলে অগ্নি-বাপের মাহাত্মা থব হইবে। ফলে সে ভাহার প্রিয় সাথী ছুরিকা ব্যবহার করিতে না পারিয়া, রিডলভার বাহির করিয়া সিংহের বক্ষে-চাপিয়া ধরিয়া উপযুপরি তুইবার ফায়ার করিল। সঙ্গে সক্ষে সিংহ পভায় হইয়া শেষ বারের আ একটি প্রচণ্ড লন্ফ দিয়া ভূমিতলে পড়িয়া গেল ও পড়িয়া রহিল।

রাজা হাস্থা মুখে উঠিয়া দাঁড়াইলেন ও স্বপনকৈ নিকটে আহ্বান করিয়া কহিলেন, "আমি খুশি হয়েছি, যুবক। আমি ভোমাকে পুরস্কৃত করব। ইভোমধ্যে ভোমার অগ্নি-বাণ ছ'টি আমার অগ্নাগারে রক্ষা কর। ভবিষ্যতে যথন প্রয়েজন হবে, ভধন বার করে দেওয়া হবে।"

্পারিল। সে ফ্রন্ত চিস্তা করিতে লাগিল এবং কোনরপ বাধা না দেওখাই সমীচীন হইবে—সিদ্ধান্ত করিল। সে কহিল, "প্রভুর আদেশ পালিত হবে।" এই বলিয়া সে রাইফেল ও রিভলভার বাহির করিয়া রাজার সম্বেধ রক্ষা করিল।

রাজা চুই পা পিছাইয়া গিয়া কহিলেন, "না না, তুমি নিজে গিয়ে
আস্ত্রাগারে রেখে এস, যুবক।" এই বলিয়া ভিনি সেনাপতি গয়াকুকে
নিকটে আহ্বান করিয়া, অপনকে লইয়া যাইবার আদেশ
দিলেন।

গয়াকুর সহিত অপন বাহির হইয়া যাইতে উত্তত হইলে, সমগ্র জনতা তাহার জয়ধ্বনি করিতে করিতে উঠিয়া দাড়াইল ও সকলে প্রচণ্ড কলরবের সহিত বাহির হইয়া যাইতে লাগিল।

রাজকুমারী বিজয়। রাজার আদেশ প্রবণ করিয়াছিল। তাহার মন এই চিস্তায় পূর্ণ হইয়া উঠিল যে, তাহাদের পদায়ন করিবার শেষ স্থয়োগটি পর্যন্ত শ্যতান ঘূলিত রাজা ধ্বংস করিয়া দিলেন। সে অক্তান্ত মহিষীদের সহিত ক্রীড়া-ময়দান হইতে প্রাসাদ অভিমুখে গমন করিতে কার্নিল।

রাজা উঠিয়া দাড়াইলেন এবং পারিষদবর্গের সহিত বাহির হইয়া যাইছে। লাগিলেন।

রাজার প্রধান মন্ত্রী ও পারিষদবর্গ অগ্নি-বাণের শক্তি দেখিয়া বিমৃত্র হইয়া পড়িয়াছিল, কিন্তু রাজা অপনের নিকট হইতে অগ্ন তুইটি কাড়িয়া লইলেন দেখিয়া, তাহারা স্বস্তির নিংখাস ফেলিয়া রাজার নিকট তাহাদের মনোভাব প্রকাশ করিতে লাগিল।

ব্যাজা ক্রুব হাস্থে কহিলেন, "এমন অন্ত একজন বিদেশী দৈনিকের

নিকট রাখা রাজ্যের পক্ষে নিরাপদ ছিল না। তোমরা খুশি হয়েছে। দেখে আমি আনন্দ বোধ করছি।"

এণিকে গ্যাকুর সহিত রাজার অস্তাগারে রাইফেল ও রিভগভার রাথিবার সমন করিতে করিতে এক সময়ে খণন কহিল, "রাজা ভীত হয়েচেন, বন্ধু।"

সেনাপতি কহিল, "হওয়াই ত স্বাভাবিক, শক্রর। কোন রাজাই এমন ভয়স্বর বস্তু তাঁর অধীনে কোন প্রজা অথবা কর্মচারীর নিকট রাথতে পারেন না। কিন্তু দেখাগু কি আপনি হঃখিত হয়েছেন, বন্ধু ?"

স্থান মৃত্ হাস্ত মূথে কহিল, "না, বন্ধু। কারণ এমন এক স্থানে এমন এক অবস্থা না হলেই অস্বাভাবিক হ'ত। সভ্য বলচি, আমি বুশিই হয়েছি।"

গয়াকু কহিল, "আপনার তিনপ্রস্থ পোষাক ও অন্ত্র-শস্ত্র সব এসেছে। . বাসস্থানে ফিরে গিয়ে আমি আপনাকে সে-সব অর্পণ করব।"

স্থপন কহিল, আমার বাস্থান নির্দিষ্ট হয়েচে ?"

"হয়েচে। রাজার বিশেষ আদেশে, যদিও সাময়িক ভাবে আপনি প্রহরী সৈত্তের কাজ করবেন, তা' হলেও আপনার স্থপ ও স্বাচ্ছনের বিশেষ বাসস্থান নির্দিষ্ট হরেচে। আপনি আমার বাড়ীর ত্রিভলে সেনাপভিদের জন্ম নির্দিষ্ট বাসন্থান পেয়েছেন। আপনার বাসন্থান সজ্জিত করা আরম্ভ হয়েচে। আপনি ইচ্ছা করলে আজ রাত্রেই নৃতন বাসস্থানে রাত্রি যাপন ও আহার কার্থ শেষ করতে পারবেন।"

স্বপন সবিশ্বয়ে কহিল, "আহার প্রস্তুতের জন্ম"

বাধা দিয়া সেনাপতি কহিল, "রাধুনি-ভৃত্য এসে উপস্থিত হয়েচে। একমাসের উপধোগী প্রচুর থাগ্র-সম্ভারও এসেছে। আগামী কাল থেকে আপনার ওপর কর্তব্য ভার অর্পণের আদেশ আমি পেয়েছি, বন্ধ। কিন্তু আমি আপনার রাঁধুনি ও ভৃত্যদের বলে দিয়েছি যে, আপনি আজ আমার গৃহে আহার করবেন এবং রাত্তে নিজ বাসস্থানে শয়ন করবেন।"

শ্রেষাদ, বন্ধু !" স্থান কহিল, "অস্ত্রাগার এখনও কত মুরে, নেনাপতি ?"

"এই যে আমরা এসে পড়েছি।" এই বলিয়া সেনাপতি স্থানকে লইয়া সিঁড়ি বাহিয়া প্রাসাদের দক্ষিণ দিকে নিয়তলে ভূগতে অবতরণ করিয়া স্থান দেখিল, তাহারা প্রশ্নের বাধানো একটি চত্তরের নিকট উপস্থিত হইয়াছে। সেখানে ছইজন ভীমকায় প্রহরী বর্শ। ধারণ করিয়া পাহারা দিতেছে।

সেনাপতির আদেশে একজন প্রাহরী একটি কক্ষের **বার চাবিম্কু** করিয়া থুলিয়া দিল ও সরিয়া দাড়াইলে, সেনাপতি ও **অপন অন্তাগারে** প্রবেশ করিল।

খপন দেখিল, অস্তাগারের চারিদিকে আলোক জনিতেছে এবং প্রায় একশত গজ দীর্ঘ ব্যারাকের উপর থরে থরে গল, তরোয়াল, বর্ণা, তীর, ধ্যুক, টাঙ্গি প্রভৃতি দে-কালের নানা অস্ত্র-শল্প প্রচ্র পরিমাণে সঞ্জিত রহিয়াছে।

স্থান ছারের নিকট একটি আলমারির ভিতর ভাহার রাইফেল ও রিভলভার রক্ষা করিয়া, দেনাপতির সহিত বাহিরে আসিলে, প্রহরী পুনশ্চ দার বন্ধ করিয়া দিল।

স্বপন ও সেনাপতি বাহিরে আসিয়া তাহামের বাসস্থান অভিমূখে গমন করিতে লাগিল। রাজে আহারের পর অপনকে সঙ্গে লইয়া সেনাপতি তাহার কোয়ার্টারে লইয়া গেল। অপন দেখিল, একখানি শয়ন কক্ষ, বসিবার কক্ষ, ভাড়ার বায়ার ঘর এবং ভৃত্যদের শয়ন করিবার স্পাদ্ধিকে তুইখানি ঘর রহিয়াছে।

ভূত্য ছইজন ও রাধুনি আসিয়া অপনকে ■ সেনাপজিকে অভিবাদন করিল। রাধুনি তাহার নৃতন প্রভু কথন কি আহার করিবেন, আনিয়া লইয়া বাহির হইয়া পেল।

স্থান কহিল, "রাজার নিকট আমি ক্বতজ্ঞ হলাম, বন্ধু এবং মৃত্যু দণ্ডের পরিবর্তে এই-সব বিশেষ কুথ-স্বাচ্ছন্য সম্ভব করবার জন্ত আমার প্রিয় বন্ধু সেনাপতির নিকট চিরকাল ঝণী থাকব।"

নেনাপতি খুশি হইয়া কহিল, "তুল বন্ধু, তুল, আপনি নিজের বোগ্যতার বলে এই সব অর্জন করেছেন। নইলে আমার মত শত-সহত্র সেনাপতিরও সাধ্য হ'ত না, আমানের সদা-অন্থা, সদা-তপ্ত-মন্তিক প্রভুর নিকট হতে কোনরপ বিশেষ ব্যবস্থা আদায় করে। আছো, বন্ধু। এইবার আপনি শয়ন করন।" এই বলিয়া সেনাপতি স্থানের সহিত সম্ভাষণ বিনিময় করিয়া বাহির হইয়া গেল।

স্থান শয়ন-কক্ষের বাতায়ন মৃক্ত করিয়া দিল। উজ্জন চক্রালোকে
চারিদিক ভাসিয়া ধাইতেছিল। দ্রে বনানীর শীর্ষ দেশ দেখা বাইতেছিল।
গভীর অন্ধকার জমাট বাঁধিয়া ব্লেক্স ভিতর আশ্রেম লইয়াছিল। স্থান
বনানীর দিকে চাহিয়া বসিয়া রহিল। ভাহার মৃনে পিয়ালু ও হানাকুর
কথা উদয় হইলে সে ভাবিল, এই বক্ত দম্পতি বাল্য জীবনে আধুনিক
সভাতার সমস্ত উপকরণ হইতে দ্রে থাকিয়া, কিরপ হথে জীবন মাপন
করিতেছে। অক্সত্রিম প্রেম-নিষ্ঠা, সেহ-ভালবাসা এই সভাতা-বর্ষিক্ত

দশ্পতীর মনে কিরূপ স্বর্গীয় পরিবেশ রচনা করিয়াছে।. এমন পবিত্র স্নেহ, এমন অক্সন্ত্রিম ভালবাসা কচিৎ সভ্য মামুষের সমাজে দেখা দিয়া গাকে। সভ্যভাগোক বর্জিত দশ্পতীর মনে এতটুকু কৃত্রিমতা, বর্গাডার আভাস মাত্রও নাই।

শ্বণন ভাবিতে লাগিল, 'শাখত প্রেম বর্তমান সভ্যতার কুত্রিমতা-তরা আবহাওয়ার কথনও বাঁচিতে পারে না। তাই আমরা ধথন কোন-পরিচিতের সহিত দেখা হয় জিজ্ঞাসা করি, 'এই বে, কেমন আছেন টিখবর সব ভাল টি কিন্তু তা'র উত্তরে জিজ্ঞাসিত ব্যক্তি যা বলেন, সেদিকে কচিৎ কান দিয়া থাকি। আবার ধখন বলি, 'আপনাকে দেখে বড় আনন্দ বোধ করছি।' কিন্তু সত্য বলিতে হইলে, সে সময়ে আমাদের মনে কোনরপ আনন্দের আভাস মাজও থাকে না। ইহাই হইল বর্তমান পশ্চিমা সভ্যতা! কোন আন্তরিকতা নাই। এতটুকু প্রাণের স্পর্কা কোথাও দেখিতে পাওয়া ষায় না।' ভাবিতে ভাবিতে অপনের চক্ষ্মে ঘুম ঘোরে ভারি হইয়া উঠিল। সে শয়ার উপর শয়ন করিবার পূর্বে কক্ষের আলোক নির্বাপিত করিয়া দিল। রাশি জ্যোৎসা আসিয়া ভাহার ব্যান্থ-চর্মান্ডাদিত শয়া ভাসাইয়া দিল। সে শয়ন করিয়া চক্ষ্ম্যুদ্দিত করিল ও এক সময়ে নিজের অজ্ঞাতদারে নিজিত হইয়ঃ পড়িল।

(5¢)

পরদিন বেলা ১টা হইতে অপরাত্ন ৫টা অর্থমি স্বপনের উপর প্রাসাদ পাহারা দিবার ভিউটি হইল। সে প্রায় ছইশত প্রহরীর সহিত প্রাসাদের বিভিন্ন স্থানে পাহারা দিবার দায়িত্ব পালন করিল। স্থানকে যে-ছানে পাহারা দিবার জন্ত আমেশ দেওয়া হইয়াছিল, ভাহা ব্যাঞ্জ-জন্মর-মহল হইতে বহু দূরে ছিল।

এই ভাবে স্থপনকৈ প্রাসাদে নানা স্থানে সপ্তাহ ধরিয়া ঘুরাইয়া পাহারা দিবার কার্যে অভিজ্ঞতা অর্জন করাইতে শাগিল।

একটি সপ্তাহ অতিবাহিত হইয়। গেল। তব্ও খপন রাজকুমারী
বিজয়কে উদ্ধার করিবার, এমন কি একটিবার দেখা করিবারও অ্যোপ না
লাইয়া সাভিশয় অধীক হইয়া উঠিল। তাহার মনের বল হ্রাস পাইয়া
য়াইতে লাগিল। সে একদিন অন্দর-মহল-সংলগ্ন বহির্মহলে পাহারা দিবার
ভিউটি পাইয়াছিল, কিন্তু সে বহির্মহলে ও অন্দর-মহল-সংলগ্ন ছার মূহুর্তেয়ও
ক্রেন্স মূক্ত হইতে দেখে নাই। এমন কি কোন কণ্ঠবর শুনিতে অথবা
রাজকুমারী বিজয়া কর্তৃক প্রেরিভ কোন পরিচারিকার দেখা পায় নাই।
বিশন সপ্তম দিন সন্ধার পূর্বে পাহারা দিবার ভিউটি হইতে প্রভ্যাবর্তন
করিয়া সেনাপতি গয়াকুর সন্ধান লইয়া অবগত হইল বে, সে রাজার
কোন কার্যে তুই দিনের জন্ত দক্ষিণ দেশে প্যন করিয়াছে। সে জাগামী
তুই দিনের পূর্বে প্রভ্যাবর্তন করিবে না।

ব্দান সাভিশন চিন্তিত হইন। উঠিল। সে জলনোগ ও চা-পর্ব শেষ করিয়া তাহার পদাসুসন্থানের চিন্তা করিতে লাগিল। সে বছক্ষণ যাবৎ চিন্তা করিয়াও যখন কোন পথের সন্ধান প্রাপ্ত হইল না, তখন সে শিহুর চরণে কক্ষের ভিতর পায়চারি করিয়া ফিরিতে লাগিল।

এক সময়ে অপনের মনে বৃদ্ধ প্রধান পুরোহিতের কথা অরণ হইল।
সে উত্তেজনায় অধীর হইয়। আপনাকে আপনি কহিল, 'কি বিচিত্র।' সে
একেবারে প্রধান পুরোহিতের কথা বিশ্বত হইয়াছিল। সে ব্যস্ত ভাবে
বেশভ্ষা করিয়া সন্ধ্যার পর দেব-মন্দির অভিমুখে যাত্রা । । করিল।

প্রাহিত তাঁহার প্রথাম্যায়ী দেবতার সম্প্রথ প্রোহিতের দক্ষিণ দিকে চক্ষ্য মৃদিত করিয়া ধ্যানে বসিয়াছিকেন। নারী সমাগম অত্যধিক হইয়াছিল। স্থান একান্তে দীড়াইয়া প্রতীক্ষা করিতে লাগিল।

কিছু সময় পরে আরভির কাল শেব হইয়া গেল।

সকলে প্রণাম করিয়া বাহির হইয়া বাইতে লাগিল। অপনের মনে হইতে লাগিল যে, এখনই হয় তো শিয়ালু নারী-জনতা হইতে বাহির হইয়া আসিয়া তাহাকে প্রণাম করিবে। কিন্তু ভাহার ইক্ছা পূর্ণ হইল না।

প্রধান পুরোহিত প্রণাম করিয়া উঠিয়া স্বপনের অজ্ঞাতে তাহার প্রভাতে আহিয়া দাড়াইয়া কহিলেন, "এসেছ, পুত্র! আমি তোমাকেই চিন্তা করছিলাম। এস আমার সঙ্গে।"

স্থান সচকিত হইয়া উঠিল। সে নিজের অক্তান্তসারে দেওশো বছরের বয়ন্ত প্রধান পুরোহিতকে প্রশাম করিয়া কহিল, "আমি আপনার সাহায্য লাভের আশায় এসেছি, শিতানী।"

বৃদ্ধের দক্তহীন মুখে বিশ্ব হাসি ফুটিয়া উঠিল। ভিনি কহিলেন, "এস, পুতা।"

প্রধান পুরোহিতের শয়ন-কক্ষের দালানে বসিয়া স্থপন কহিল, "আমার মন অত্যস্ত উচাটন হয়েছে, পিডাজী।"

"জানি, পুত্র।" বৃদ্ধ প্রধান পুরোহিত কহিলেন, "কিছ তুমি যে আশা ক'রে বসে আছ, আজ তা'র সব শেষ হয়ে যাবে। অস্থির হয়ে। না, পুত্র। প্রশ্ন ক'রো না। আমি জানি, তুমি কোন্ আশায় প্রাসাদ-প্রহুরী সৈত্তের পদ গ্রহণ করেছ। আমি আরও জানি, পত এক সপ্তাহ

কাল বাবং তুমি রাজকুমারীর সঙ্গে দেখা করবার জন্ম আপ্রাণ চেষ্টা করেছিলে। আমি আরও জানি, তুমি সিদ্ধান্ত করেছ যে আজ রাজে তুমি নিজ প্রাণ বিপন্ন ক'রেও প্রাসাদের নারী-মহলে প্রবেশ ক'রে রাজ-কুমারী বিজ্ঞাকে উদ্ধার ক'রে প্রায়ন করবে। কিন্তু....."

স্থান বিক্ষারিত দৃষ্টিতে চাহিয়া রহিল। দে বিমৃত্ কঠে কহিল,
শবাপনাকে এসব কাহিনী কে জানিয়েছে, পিভাজী ?"

শুরোহিত অপূর্ব দিয়া হাক্ত মূথে কহিলেন, "পূর্বেই তোমাকে অহুরোধ আনিছেছি, পূত্র, আমাকে প্রশ্ন ক'রো না। আমি সব জানি, জানতে পারি, এইমাত্র চিন্তা ক'রে শান্ত থাক, পূত্র।" এই বলিয়া তিনি মুরুর্ত-করেক নীরব থাকিয়া পূনক্ষ কহিলেন, "হা, তোমাকে একটা তঃসংবাদ দিছি, পূত্র। আগামী কাল রাত্রে রাজা এক ভৌজু দেবেন। সেই ভোজে রাজবংশের নিয়মান্থবায়ী ভবিক্তং প্রধানা মহিষীকে ভিনি নির্জন কক্ষে নিয়ে ভবিন্তং মহিষীর হন্তে হীরক বলয় পরিয়ে দেবেন। তারপর ভূতীয় দিন রাত্রে প্রথাহ্বারে রাজকুমারী রাজার প্রধানা মহিষীতে পরিণত হবেন। ভারপর একমান হাবং রাজ্যে উৎসব সমারোহ চলবে।"

স্থানের মনে হইল, ভাহার ব্রহ্মরজ্ঞা কে যেন প্রলাগ্নি জালিয়া দিয়াছে। ভাহার মুখভাব ক্রাভালে ছাইয়া আদিল। প্রধান পুরোহিত এক দৃষ্টে স্থানের দিকে চাহিয়াছিলেন; তিনি ক্লিগ্ধ কর্ছে কহিলেন, "শান্ত হও, পুরা।"

স্থান প্রাণপণ শক্তিতে আপনাকে সংযত করিয়া কহিল, "হাঁ, পিতাজী, আমি শাস্ত হয়েছি। এখন দয়া ক'রে বলুন, হততাগিনীকে কোনও প্রকারে উদ্ধার ক'রে আনা যাবে কি-না? নয় আপনি শুধু আমাকে বলুন, রাজকুমারীকে রাজা কোনু মহলে আবদ্ধ রেখেছেন ?" প্রধান প্রোহিত কহিলেন, "আবদ্ধই রেখেছে, পূত্র। রাজকুমারীর মহলের চারিদিকে দিবা-রাত্র একশত কুলাণ-ধারিণী ভীমকায় নারী পাহারায় নিযুক্ত আছে। স্থতরাং ভোমার দেহের শক্তি-বলে উদ্ধার প্রচেষ্টা একাস্তই ছেলেমাসুষি ব্যাপার হবে।" এই বলিয়া তিনি শ্লকাল নীরবে চিস্তা করিয়া প্রশ্চ কহিলেন, "আমার সং পরামর্শ গ্রহণ করো, পূত্র। তুমি রাজকুমারীকে প্রধানা মহিনী হবার স্থযোগ দাও। ভাব, তাঁর অদৃষ্টে যা ছিল ভাইে ঘটেচে। নইলে রাজপ্রাসাদ খেকে রাজকুমারীকে উদ্ধার ক'রে নেবার পরেও, অবশ্র যদি একান্ত পক্ষে ব্যাপার শন্তবে পরিণত হয়, তুমি এই দ্বীপ থেকে, আরপ্র থেকে কোণাও শলায়ন করতে পারহে না। কলে ভোমার মহামূল্য জীবন থাবে, রাজকুমারী-মাও প্রাণ হারাবেন। সেক্লেজেন্দ্র"

শ্বপনের মূথে একজাতীয় মৃত্ব হাসি ফুটিয়া উঠিল। দেই হাসির রূপ দেপিয়া বৃদ্ধ পুরোহিত চমকিত হইয়া উঠিলেন। শ্বপন ফহিল, "আমি আর চিস্তা করিতে পারছি না, পিতাজী। আমি এখন আসি।" এই বলিয়া সে বৃদ্ধকে নত হইয়া প্রশাম করিল এবং কোন বাধা আসিবার পূর্বেই ফ্রুত পদে মহল হইতে বাহির হইয়া পড়িল।

স্থান পথে বাহির হইয়া উন্নাদের ফ্রায় অতি কা গতিতে চলিতে লাগিল। সে যে কোথায় যাইতেছে, কি ভাবিতেছে, তাহা তাহার নিকটেও স্পষ্ট ছিল না। তাহার মানদ-দৃষ্টির সম্মুখে মাত্র এই কথাগুলি বিদ্যাতাক্ষমে ভাসিতেছিল যে, 'আগামী কাল রাত্রে স্ব শেষ হইয়া ঘাইবে।' তাহার সকল গর্ব চুর্ব হইয়া যাইবে। জীবনে তাহার প্রথম পরাক্ষম ঘটিবে। পরাক্ষম অপেকা মৃত্যুও শত গুণে প্রোক্ষম বরণ করিবে না।

সে বীরের মৃত্যু বরণ করিবে। হাঁ, সে একবার দেখাইয়া দিবে—কি ভাবে মৃত্যু বরণ করিতে হয়।

উন্নাদের মত এবিড় বিড় করিয়া বকিতে বকিতে জ্রুত বেগে স্বপন ক্ষত্রসর হইতেছিল। সহসা এক সময়ে সে দেখিল, ভাহার কোয়াটায়ের সম্মুখে সে উপস্থিত হইয়াছে।

শপন একমুহুর্ভ দিধা করিয়া বাড়ীর বহিশার ঠেলিয়া প্রবেশ করিতেই দেখিল, প্রাসাদ-প্রহরী সৈভাদের যে উচ্চপদস্থ অফিসার রাজ-প্রাসাদ পাহারা দিবার জভ ডিউটি ভাগ করিয়া দিয়াথাকে, সে বাড়ীর আজিনায় অন্ত তুইজন অফিসারের সহিত অপেকা করিতেছে।

অপনকে দেখিয়া অফিসার কহিল, "এই যে এসেছ, শক্রন্ত ! আমি ভোমার জন্তই অপেক্ষা করছিলাম। শোন, আগামী কাল ভোমার প্রাতের পাহারা বাতিল করেছি। তুমি আগামী কাল সন্ধ্যা হতে রাজি ১টা পর্যন্ত বিশেষ পাহারার জন্ত নির্দিষ্ট হয়েছে। তুমি আর বিয়ালিশ নরর রাজার ভোজ-কক্ষের উভম মারে পাহারার থাকবে। এই বিশেষ স্থান বিশেষ প্রহ্রী সৈত্তের ঘারা বিশেষ ভাবে ক্রন্তিভ করবার জন্ত আমি আদিষ্ট হয়েছি। আগামী কাল সন্ধ্যায় সর্বসমেত ভিন শত প্রহ্রী-সৈত্তের পাহারা বসবে। তুইশত প্রহ্রী সৈত্ত যেমন-সাধারণ ভাবে প্রান্ধান পাহারায় থাকে থাকবে এবং একশন্ত বিশেষ ভাবে শক্তিমান ও বৃদ্ধিমান প্রহ্রী সৈত্ত রাজার বিবাহের সভার পাহারা। দেবার স্থান নানা স্থানে সন্ধিবেশিত হবে। আছো আমি আদি ।"

স্থপন প্রথামুয়ী উচ্চপদস্থ অফিসারকে মিলিটারী স্থালিয়ুট করিল।
অফিসার প্রত্যভিবাদন করিয়া বাহির হইয়া গেল।

স্থান ক্ষণকাল একই ভাবে দাড়াইয়া রহিল। তাহার ম**ন্তিক**

আলোড়িত করিয়া চিম্বার ঘূর্ণী বাতাস বহিতে লাগিল। সে ধীরে ধীরে বাড়ীর ত্রিভলে আরোহণ করিতে লাগিল।

ধিতলে আরোহণ করিতেই সেনাপতি গ্রাকু হাক্ত মুখে তাহার পথরোধ করিয়া কহিল, "বিশেষ কারণে আমাকে পথ থেকে কিরে আমতে হয়েছে, বন্ধু। আগামী কাল রাত্রে রাজার বিবাহ ভোজ-সভার যোগ দেবার সাজা আমাকে পথ থেকে কিরিয়ে আনবার জন্য আমেশ দেবার আমাকে ধিরে আনতে হয়েছে।" এই বলিয়া দে অপনের উদ্ভান্ত মুখভাবের দিকে চাহিয়া অভিমাত্রায় চিন্তিত হইয়া পড়িল। সে পুনশ্চ কহিল, "এ কি ব্যাপার, বন্ধু ? তুমি কি অহম্ম হয়েছ ?"

স্থান রহস্তময় হাস্ত মুধে কহিল, "হাঁ হয়েছিগাম, ভবে ভোমাকে দেখে অনেকটা স্থা বোধ করছি।"

দেনাপতি স্থপনের একথানি হাত ধরিয়া কহিল, "এস, আমার কক্ষে বসে এক মাস চা পান করে যাবে, বন্ধু। আমি তোমার মানসিক্ষ্ ব্যাধির ইভিহাস জানি, বন্ধু। এস, ভোমার সক্ষে আলোচনা করতে চাই আমি।"

স্থান প্রতিবাদ না করিয়া সেনাপতির সঙ্গে তাহার বসিবার কক্ষে প্রবেশ করিল ও কহিল, "আগামী কাল আমার সকল আশা ধূলিসাহ হয়ে যাবে, বন্ধু।"

সেনাপতি কহিল, "বিধাতার বিধান বার্ধ করবার শক্তি মাতুষের নেই, শক্রন্ন। তুমি চেষ্টা ক'রেছিলে, তুমি বার্ধ হয়েছ, কারণ বিধাতার ইচ্ছা নয় যে, তাঁর লিখন তুমি বার্ধ কর। আশা করি, এইরপে তোমার মন হ'তে সকল ক্ষোভ, গ্লানি দূর ক'রে দিতে সক্ষম হবে।"

স্বপনের মুখে মুদ্র হাসি ফুটিয়া উঠিল। সে কহিল, "কাপুরুষদের হয়

এক মাত্র মূলধন, তা'তে আমাকেও ভাগ বসাতে বলছ, সেনাণতি ?"
এই বলিয়া অপন মান মৃত্ হাক্ত করিল এবং পুনশ্চ কহিল, "বরু, ওআলোচনা বন্ধ কর, এই আমার একান্ত অনুরোধ ভোমার কাছে।"

সেনাপতি তুই গ্লাস চা । কিছু খাল আনিবার ভালতাকে আদেশ
দিয়া অপনের দিকে চাহিয়া কহিল, "আমি একটি প্রশ্ন করতে চাই, বনু।
আচহা, অনিবার্য ব্যথতা এবং মৃত্যুদণ্ড বরণ করতে হবে জেনেও কেউ
কি সে কাজ সফল করবার জন্ত সচেই হন ?"

স্থান কহিল, "এই পৃথিবীতে যদিও কয়েক আতের মাহ্ম আছে, ভা'হলেও তাদের মোটামূটি ভাবে মাত্র ছ'টি সংশে ভাগ করা বার। এক অংশে অনৃষ্টধানীরা দল থাকে। অর্থাৎ যারা অনৃষ্টের ও ভগবানের দোহাই দিয়ে, নিজেদের নিবীর্যভার গর্ব চূর্ণ হলেও মনের দলে ল্কোচুরি থেলা করে। আর এক দল—সংখ্যার তাঁরা বোধ হয় অভ্যন্ত অল্ল, ভেবে থাকেন, একদিন যধন মরতেই হবে, মৃত্যুর যধন কোন নিদিষ্ট দিন-শণ নেই, তখন কর্তব্য সাধন করবার জন্ত পথের বাধা নির্মম হতে দ্ব ক'বে দিয়ে অভ্যন্ত সিদ্ধ করতে হবে। ভার জন্ত যদি মৃত্যু আনে

দেনাপতি বিক্ষারিত দৃষ্টিতে চাহিয়া কহিল, "তবে কি জুমি শেষোক্ত দলীয়, বন্ধু ?"

স্থান মূত্ হাস্ত করিল। সে কহিল, "এল বন্ধু, স্বস্ত কিছু আলোচনা করা যাক।"

এমন সময়ে একজন ভূতা দুই গ্লাদ চা ও দুই প্লেট থাজ লইয়া প্লাকেশ করিল এবং উভয়কে পরিবেশন করিয়া বাহিয় হইয়া গেল।

খপন চা পান করিতে লাগিল। সেনাপতি চাম্বে গ্লাদে কয়েকটি চুমুক

দিয়া কহিল, "আশা করি, আগামী কাল রাত্রে ভোজ-সভায় পাহারা দেবার ভার পেয়ে খুলি হয়েছ ?"

স্থান মূহুর্ত-কয়েক নির্নিমেষ দৃষ্টিতে সেনাপতির মূথের দিকে চাহিয়া থাকিয়া কহিল, "এইবার বুঝেছি, কেন সহকারী সেনাপতি আমার ওপর এমন সদয় হ'য়ে গুরু দায়িত্ব অর্পণ ক'রে সেলেন। আমার অস্থেই ধক্তবাদ গ্রহণ কর, বন্ধু।"

সেনাপতি মৃহর্ত-করেক গন্তীর মুখে চিন্তা করিয়া কহিল, "কিন্তু কোনু
উপায় হবে তা'তে ? জামি শুধু একবার রাজকুমারীকে শেষবারের —
দেখবার হুযোগ আপনাকে দিয়েছি, বন্ধু।"

শ্বপন কহিল, "সেজজ আমার আন্তরিক ধরুবাদ গ্রহণ করুন, বরু। গত সপ্তাহ-কাল যাবৎ অনেক চেষ্টা ক'রেও তাঁকে একটিবার দেখতে পাই' নি, তা'ই আমার এই প্রচেষ্টা বরু।"

"আপনি কখন ফিরে এসেছেন ?" স্থপন প্রেশ্ন করিল।

"প্রপরাত্ন তিনটার শমর। ঠিক যে-সমরে ভোগ-ক্ষেত্র পাঁহারা দেবার জন্ত প্রহরী শৈক্ত নির্দিষ্ট হচ্ছিল, ঠিক তখনই আমি ফিরে এনেছিলাম, বন্ধ।"

স্থান উঠিয়া দাঁড়াইল ও হাস্ত মূখে সেনাপতির সহিচ্ছ করমর্দন করিয়া বিদায় গ্রহণ করিল এবং আপনার মহলে গমন করিছে লাগিল।

(36)

অভি অপরণ ভাবে স্বর্ণ-পাতে ধিমণ্ডিছ টেবিন, কার্চাসন প্রস্কৃতি অসংখ্য আস্থাব-পত্তে পূর্ণ ভোজ-কক্ষের অকর মহন নিকের মারে স্বপত্ত পাহারায় নিবৃক্ত হইল।

ভোজ-কক্ষের অপর হার যাহার উপর পাহারা দিবার দায়িত্ব হইয়াছিল, সেই বিয়াল্লিশ নম্বর সৈজ্যের সহিত অপন বিশেষ ভাবে পরিচিত হইশুছিল। তখনও নিমন্ত্রিতগণ আসিতে আরম্ভ করে নাই। বিয়ালিশ অহ্রী-দৈয় অপনের নিকট গ্যন করিয়া কহিল, "ভোজ শেষ হলে ্রিষ্ট্রানের ভোক্ত থাওয়ার স্থযোগ আসবে, ছ'শে। এক।

অপনের নম্বর ছয়শত এক। দে মৃত্ হান্ত মুখে কহিল, "অর্থাৎ উচ্চিষ্ট সংগ্রহ করবার অ্যোগ পাব! না, বন্ধু 🖓

বিয়াল্লিশ হাসিয়া উঠিল। সে কহিল, "যাক্, তোমার মুখে যে রহস্ত-উক্তি ভন্তে পেলাম, আমার শহা দুর হ'ল, বন্ধু। নইলে তোমার ধে-মুর্তি আমি দেখছিলাম, ভাতে ভয় হচ্ছিল, যেন ভুমি কারুকে হত্যাঃ করবার অস্ত চিন্তা করছ।"

অপন চমকিত হইয়া কহিল, "হত্যা!ছি বন্ধু, অমন কথা রহস্তচ্চে বললেও বিপদ আছে।"

বিয়াল্লিশ কহিল, "তা' আছে। তবে আমি যা বলছিলাম। উচ্ছিষ্ট নম, বন্ধু, রাজার পরিবেষনকারীর। আমাদের প্রচুর থাজ ও পানীয় তথন এনে দেবে। এই হ'ল-বীতি। অবশ্য যে ত্'কন ভাগ্যবান ভোক কেত পাহারা দেবার হুযোগ পায়, ভাদের ভাগ্যেই তা সম্ভব হ'য়ে থাকে।"

অপন কহিল, "আমাদের ভাগ্যের জোর আছে বলতে হবে, বন্ধু। কিন্তু আর না, নিমন্ত্রিতেরা আসতে আরম্ভ করেছে। শীঘ্র ধাও, বস্কু।"

বিয়াল্লিশ নম্বর বিত্যুদ্ধেগে তাহার জন্ম নিদিষ্ট স্থানে পিয়া দাঁড়াইল। মুহুর্ভ-কয়েক পরে বিশিষ্ট ব্যক্তিরা আগমন করিতে লাগিল।

রাত্তি ১টায় ভোজ আরম্ভ হইবে। পৌনে নয়টার ভিতর ভোজ-কক্ষের সম্প্র কাষ্ঠাসন পূর্ণ হইয়া পিয়া জানাইয়া দিল, রাজামুগৃহীত প্রত্যেকটি নিমন্ত্রিত ব্যক্তি উপস্থিত হইয়াছে। এখন **অবশিষ্ট অ**ধু স্বয়ং রাজা।

স্থান দেখিল, ভোজ ক্ষেত্রে সর্ব-সবেজ্ প্রায় তিন শত জন আমিরিত বিশিষ্ট নর-নারী আগমন করিয়াছে। পৌনে নয়টা হইতে পরিবেষনকারীরা খান্ত ত্রব্যের পাত্রগুলি লইয়া সাজাইয়া দিতে লাগিল।

কাঁটায় কাঁটায় ৯টা বাজিবার দকে দকে রাজা উপস্থিত হইলেন।
তাঁহার দিংহাদনাক্ষতি কাঁঠাদন স্থণীর্ঘ টেবিলের ঠিক মধাস্থলে স্থাপিত
হইয়াছিল। ভোজ-ক্ষেত্রের কলরব একেবারে হুন্ধ হইয়া গোল। স্থপন
দেখিল, রাজা তুই হাতে অলের খেত-হান অবিবত চুলকাইতেছে ও ঘর্মের
মত রস বাহির হইডেচো স্থানের মন স্থায় জরজর হইয়া উঠিল।
দে চক্ষ্ ফিরাইয়া লইয়া দাঁড়াইয়া রহিল। তাহার মনে এই চিন্তা প্রবল
হইয়া উঠিল যে, রাজকুমারী বিজয়া যদি আত্মহত্যা করেন? তাহা হইলে
কি হইবে?

রাজা উপস্থিত হইতেই প্রত্যেকটি নিমন্ত্রিত ব্যক্তি উঠিয়া দাঁড়াইয়া অজিবাদন করিয়াছিল। রাজা উপবেশন করিয়া আহার করিতে আরম্ভ করিলে, সকলে আহার করিতে লাগিল। ভোজ ক্ষেত্রে নানা প্রকার শক্ষ উথিত হইতে লাগিল।

রাত্রি দশটার সময় ভোজ খাওয়া শেষ হইস। নিমন্ত্রিত ব্যক্তি-বর্গ রাজার সম্মুখে আসিয়া অভিবাদন করিয়া বাহির হইয়া যাইতে লাগিল।

রাত্রি সাড়ে দশটার সময় প্রত্যেকটি নিমন্ত্রিত ব্যক্তি বাহির হইয়া গেলে, রাজা প্রাসাদ-স্থারকে আহ্বান করিয়া কহিলেন, "আমি বিবাহ-কক্ষে থাক্ব। একজন প্রহরী সৈক্তকে বিবাহ-কক্ষের সমুগত্ত হল ঘরের হারে নিযুক্ত করো। আমার আহ্বান না পাওয়া পর্যন্ত সে ভিতরে সমন করবে না এবং কোন ব্যক্তিকে ভিতরে যেতে দেবে না। তা'কে জানিয়ে দাও, এই আনেশ অমান্ত করলে মৃত্যু-দণ্ড পাবে। ষাও।" এই বলিয়া রাজা ভোজ-কক্ষ হইতে বাহির হইয়া পার্যন্ত মহলের বার দিয়া দীর্ঘ হলের ভিতর প্রবেশ করিল এবং দীর্ঘ হল অভিক্রম করিয়া স্থসজ্জিত বিবাহ-কক্ষের ভিতর উপস্থিত হইল। দেখানে একজন ভরুণী পরিচারিকা অপেশা করিতেছিল। রাজা ভাহার দিকে চাহিয়া কহিল, "যা, ভবিয়াং প্রধানা রানীকে নিয়ে আয়।"

পরিচাবিকা অভিবাদন করিয়া ফ্রভগদে বাহির হইয়া গেল।

এদিকে প্রানাদ-স্থার স্বপনের নিকট আসিয়া রাজাদেশ জানাইল ও
কহিল, "থুব সাবধান! বিনা আহ্বানে নিজেও প্রবেশ করবে না অথব।
কার্মকে, তিনি যদি প্রধানা স্ত্রীও হন অথবা প্রধান সেনাস্তিও হন, ভিতরে
রাজার বিনা আদেশে প্রবেশ করতে দেবে না। আদেশ অমান্তে প্রাণদ্ভ
হবে শারণ রাশবে।"

স্থান অভিবাদন করিয়া কহিল, "আমি প্রাণ দিয়ে রাজার আদেশ পালন করব, প্রভূ।"

স্থার খুশি হইয়া কহিল, "উত্তম!" এই বলিয়া সে চলিয়া গেল।

এদিকে রাজকুমারী বিজয় বিবর্ণ মুখে শক্ষিত মনে ভাহার প্রধানা পরিচারিকায় সহিত রাজার কক্ষে প্রবেশ করিল। দেখিল, রাজা মর্গ-শালকের উপর বসিয়া রহিয়াছেন, আর ছই হাতে অক্ষের কুষ্ঠ-সদৃশ ব্যাধির বীভংগতা বৃদ্ধি করিতেছেন। সে তাহার দৃষ্টি ঘুণাভরে ফিরাইয়া লইলে, রাজার দৃষ্টিতে তাহা এড়াইল না। তিনি প্রধানা পরিচারিকার দিকে চাহিয়া গন্তীর সরে আদেশ দিলেন, "যা এখান থেকে।"

বাহির হইয়া বাইতে উন্নত হইতেই, রাজকুমারী আর্ত খরে চিৎকার করিয়া কহিল, "না না, তুমি ধেও না। ভোমার সঙ্গে এখনি ফিরে যাব আমি।"

প্রধানা পরিচারিকা দিধাগ্রন্থ হইলে, রাজার কণ্ঠ গর্জন করিয়া উঠিল। তিনি কহিলেন, "আর এক মৃহুর্ত অপেক্ষা করলে বেত মারবার আনেশ দেব।"

ইহার বেশি বলিবার প্রয়োজন ছিল না। পরিচারিকা প্রাণভ্যে ভীতা হরিণীর মত ছুটিয়া বাহির হইয়া গেল।

রাজার বীভংগ মুখের হাগি মুখকে আরও ভীষণ করিয়া তুলিল। তিনি রাজকুমারী বিজয়ার দিকে চাহিয়া কহিলেন, "কেন, ভয় কিলের তোমার, রানী? আমাকে তুমি মুণা কর? কেন? আমার এই ব্যাধির জন্ম? কিন্তু এই ব্যাধিটাই কি আমার গব, বিজয়া? আমি তোমাকে বাজ্যের প্রধানা মহিনী পদে অভিষিক্ত করব—ভোমাকে পাটরানী ক'রে সিংহাসনের অর্ধাংশ দান করব। তোমার পুত্র হবে এই রাজ্যের অধীশর। এতেও তোমার মন ভরবে না, বিজয়া? মাহুষের দেহ-সৌন্দর্যের কি মুন্য আছে বলতে পার? আমিও একদিন পরম স্থান্য ছিলাম। কিন্তু আজ ব্যাধিগ্রন্ত হয়েছি। তা' বলে কি আমার কামনা, বাসনা, রণতৃষ্ণ। সর লয় পেয়ে গেছে? আমি তোমাকে স্থা করব, বিজয়া। আমি তোমাকে কণা করিয়া বিজয়ার দিকে গমন করিতে লাগিলেন।

বিজয়া আর্ত-স্ববে চিংকার করিয়া কহিল, "আমাকে স্পর্শ করবেন না।"
রাজা অগ্রসর হইতেছিলেন, সহসা থমকিয়া দাড়াইলেন। তাঁহার
সারা মুখ নিদারুণ ক্রোধাভাসে ছাইয়া গেল। তিনি কঠিন স্ববে কহিলেন,

"শোন, রূপ-যৌবন-গবিতা নারী। তোমার রূপ
। যৌবনের গর্ব আমি
চূর্ণ করব। তোমার অলে আমি এই ব্যাধি চালনা করব। তোমার

এ স্থানর মৃথ যখন আয়নাতে দেখবে, তখন শিউরে উঠবে ঠিক
এমনি ক'রে।" এই বলিয়া তিনি একমুহুর্ত নীরব থাকিয়া কঠিন খরে
পুনশ্চ কহিলেন, "এখনও সময় আছে, এদ আমার কাছে।" বলিতে
বলিতে পুনরায় তিনি অগ্রদর হইতে লাগিলেন।

রাজকুমারী বিজয়া তুই হাতে মুখ চাপিয়া, ভাহার আর্ড-ম্বর রোধ করিতে করিতে বিস্ফারিত দৃষ্টিতে চাহিয়া পিছু হটিতে লাগিল। যে-সময়ে সে কন্দের দেওয়ালে আদিয়া বাধা পাইল, সেই সময়ে রাজা একটা অট্টহাক্ত করিয়া, বাধিগ্রন্থ হল্ডে বিজয়ার একথানি হাত চাপিয়া ধরিয়া টানিতে টানিতে পাল্জের নিকট লইয়া আদিতে লাগিলেন।

রাজকুমারী বিজয়। অন্য মৃক্ত হতে রাজার হত্ত-বন্ধন চাড়াইবার জন্ত ব্যর্থ চেট্রা করিতে লাগিল। সে বলিতে লাগিল, "হেড়ে দে, ছেড়ে দে, শগতান। আমাকে তুই হেড়ে দে, পিশাচ। আমি ভোর মেগ্নে, তুই আমার বাবা। এখনও বলছি, আমাকে হেড়ে দে।"

রাজা যে-মুহুর্তে সবলে ভাহার রস্মিক্ত ব্যাধিগ্রস্ত বক্ষে বিজয়াকে টানিয়া লইতে উত্তত হইলেন, ঠিক সেই মুহুর্তে ভাহার পশ্চাদেশ হইছে স্থান এক হস্তে ভাহার কঠদেশ চাপিয়া ধরিয়া, অন্ত হস্তে সবলে শৃত্যে ভূলিয়া লইয়া ভাহাকে দূরে নিক্ষেপ করিল।

রাজকুমারী বিজয়া স্বশনের পার্শে দাঁড়াইয়া ঠক্ ঠক্ করিয়া কাঁপিতে লাগিল। সে কহিল, "আপনি! আপনি এসেছেন! ভগবান! ভগবান!"

রাজা ধীরে ধীরে উঠিয়া দাঁড়াইলেন। তিনি স্বপনের দিকে চাহিয়া

কহিলেন, "জানিস হতভাগা, এর জন্ত তোকে মাটতে অর্থেক পুঁতে ক্ষা দিয়ে গাওয়ানো হবে ?" এই বলিয়া তিনি ভূতাদের আজা করিবার জন্ত পালক্ষের নিকট ঘণ্টার দড়ি ধরিয়া টানিবার জন্ত আসিতে লাগিলেন।

খণন তাঁহার সমূপে দাড়াইয়া কহিল, "কুত্তা দিয়ে থাওয়াকে, না ?"
কিছ তার তাত ব্যস্ত হচ্চ কেন, বন্ন ?"

রাজা ক্রোধে ঠক ঠক করিয়া কাঁশিতে কাঁশিতে কহিলেন, "ওরে কুক্তা, তুই কার গায়ে হাত দিয়েছিল জানিন ?"

তায় পূর্বে গায়ে। এই হাত এগাসিত দিয়ে ধূতে হবে।
কন্ত তায় পূর্বে বিলতে বলিতে অপন আচমিতে রাজার বিশার
ঝাপাইকা পড়িল এবং তাঁহাকে মেঝের উপর ফেলিয়া, ভাহার পোশাকের
ভিতর লুকায়িত একটা দড়ির রোল বাহির করিয়া হাত ও পা বাঁধিয়া
ফেলিল। রাজা মুখে যা আসিল, তাহাই বলিয়া ভয় দেখাইতে লাগিলেন।

স্থান কিছু মাত্র ভ্রাক্ষণ না করিয়া, তাহার ক্যাল ঘারা প্যাভ্ তৈরারী করিয়া রাজার ম্থে গুঁজিয়া দিল এবং তাঁহাকে পালস্বের উপর তুলিয়া ফেলিয়া রাখিল ও পরে কহিল, "শোন্, শয়তান! তোমাকে আমি হত্যা করতাম। কিছু তোর মত বিষ্ঠার ক্রিমিকে হত্যা করতেও ঘুণা বোধ করি ব'লে, পাপের প্রায়শ্চিত্ত করবার জন্ম তোকে জীবিত রেখে গেলাম। কিছু তবিশ্বাতে যদি অন্ত কোন রম্পীকে তা'র ইচ্ছার বিক্লকে সর্বনাশ করতে উন্তত্ত হস, তবে বিধাতার বজ্ল ভোর শিরে ভিন্ন অন্ত কোন স্থানে পড়বে না। আচ্ছা, আসি আমরা। তোর কঠিন আমেশে এখন অন্তত পক্ষে তৃটো দিন কোন লোক এই কক্ষে প্রবেশ করবে না। এই সম্বের মধ্যে আম্বা তোর শয়তান খীপ ত্যাগ ক'রে চলে যাব।" এই বিদ্যা সে রাজকুমারী বিজয়ার দিকে চাহিয়া কহিল, "এদ, বছিন।"

"লেন। শীঘ্র চলুন, ভাইয়া।" বলিতে বলিতে রাজকুমারী বিজয়া শ্বপনের নিকটে আসিয়া দাড়াইল।

স্থান কক্ষের আলোক নির্বাপিত করিয়া দিল ■ বাহির হইয়া ছার বন্ধ করিয়া দিল।

স্থাপি হলে জনপ্রাণী ছিল না। স্বপন জন্তপদে অগ্রসর হইতে লাগিল। কিছুদ্র আদিয়া বামদিকে একটি দ্বার দেখিয়া স্থপন দাঁড়াইয়া পড়িল। সে বার মৃক্ত করিয়া দেখিল, একটি সিঁড়ি সোজা নামিয়া পিয়াছে। রাজকুমারী কহিল, "এই দিঁড়ি দিয়ে উত্থানে যাওয়া যায়, ভাইয়া।"

স্থানের মুধভাব আলোকিত হ**ইরা উ**ঠিল। সে কহিল, "এস, বহিন। দেখি, এই পথে স্বাধীনতা আছে কি-না।"

ক্ষারী বিজয়া তাহাকে অহুসরণ করিতে লাগিল। স্থান নিয়ে অবতরণ করিয়া দেখিল, ঘার ভিতর দিক হইতে বন্ধ রহিয়াছে। সে রাজকুমারীকে নীরবে অপেক্ষা করিবার জন্ত ইন্ধিত করিয়া ভাবিল, খুব সম্ভবত ঘারের বাহিরে কোন প্রহরী দৈত পাহারা দিতেছে। সে মূহ্র্ত-তুই নীরবে দাঁড়াইয়া থাকিয়া, সহসা নিঃশব্দে ঘারের অর্গন মূক্ত করিয়া ফেনিল এবং দার মূক্ত করিতেই দেখিল, একজন প্রহরী দৈন্ত ঘারের দিকে পিছন ফিরিয়া পাহারা দিতেছে। স্থান ক্রুক্ত ব্যান্তের মত লক্ষ্ক দিয়া প্রহরী দৈত্রের উপর পতিত হইল। আচ্মিতে সেই ভীমবেল সন্থ করিবার শক্তিকাহারও ছিল না। স্থপন সৈত্রকে লইয়া সশব্দে ভূমিতলে পড়িয়া গোল ■ প্রহরী দৈন্ত মন্তকে ভীষণ আঘাত পাইয়া জ্ঞান হারাইয়া লুটাইয়া শড়িল।

খপন তাহার ক্রাশাকের ভিতর লইতে দড়ির আর একটা কৃত্র বাজিল বাহির করিয়া সৈক্তকে বাধিয়া ফেলিল এবং ভাহার মূখে বিতীয় কমাল গুকিয়া দিয়া, তাহার কথা বলিবার সামর্থ্য । করিয়া দিল।

খ্বন সোজা হইয়া দাঁড়াইল

বাজকুমারীর দিকে চাহিয়া কহিল,

বিল্লে, বহিন। সূহুর্ভিয়াত্র বিল্লেণ্ড বিপদের আশকা আছে। যে-কোন

মুহুর্তে অন্য প্রহরী দৈয়া এদিকে রোঁদ দেবার জন্ত আসতে পারে।

এই বলিয়া সে জ্রুতপদে রাজোভানের ভিতর দিয়া গ্রমন করিতে
লাগিল।

ভক্ষী রাজকুমারী সমগতিতে ভাহাকে অনুসরণ করিতে লাগিল।

উভানের শেষ প্রাক্ষে উপস্থিত হক্ত স্থান দেখিল, ভাহাদের সমুখে প্রায় জিশ ফুট উচ্চ বনানী হইতে রাজধানী পরিষেষ্টিত পাঁচিল রহিয়াছে। সে বুঝিল যে, এই পাঁচিলের অপর দিকে স্বাধীনতা একং ভিতর দিকে ধরা পড়িবার সমূহ সন্তাবনা ও পরে মৃত্যু-দণ্ডের নিশ্চিত বাবস্থা রহিয়াছে। ধেমন করিয়াই হউক এই পাঁচিল অভিক্রম করিতে হইবে। ভাবিতে ভাবিতে স্থান চাহিয়া দেখিল, পাঁচিলের অব্যবহিত পার্ষে উভান-সীমাত্তে করেকটি উচ্চ বৃক্ষ রহিয়াছে। সে একটি বুক্ষের তলদেশে পিয়া কহিল, শতুমি পাছে উঠতে পারবে ত, বহিন ? মা আমাকে স

বাধা দিয়া রাজকুমারী বিজয়া কহিল, "জানি, ভাইয়া। কিন্তু পাঁচিলের ওপর যেতে পারব না।"

স্থান কহিল, "দে-ভার আমার ওপর থাক, বহিন। এশ।" এই বিলয়া স্থান প্রথমে বিজয়াকে গাছে তুলিয়া দিয়া, স্বয়ং ভাহাকে অহুসরণ করিতে লাগিল এবং পাঁচিলের সমান্তরালবর্তী একটি শাখার নিকট আসিয়া, দে রাজকুমারী বিজয়া কিছু বুঝিতে পারিবার পূর্বেই ভাহাকে শিশুর মন্ত

ছই হাতে স্বজের উপর হুই ভাগে ভাগ করিয়া স্কেলিয়া দিল ও কাঠ-বিড়ালীর মত ভর্ তর্ করিয়া পাঁচিলের নিকট গমন করিল।

পাঁচিলের উপরিভাগ প্রায় দুই হাত প্রশন্ত ছিল। স্থপন দেখিল,
বুক্ষ-শাখা ল পাঁচিলের ভিতর মাত্র তিন হাত ব্যবধান রহিয়াছে।
শে ভৎক্ষণাথ এক লক্ষে পাঁচিলের দীর্ম দেশে উপস্থিত হইল এবং
বাজকুমারীকে ক্ষরদেশ হইতে অবতরণ করাইল। তারপর তাহার পৃষ্ঠদেশ
হইতে দড়ির নিঁড়ি বাহির করিয়া, অগ্রভাগ পাঁচিলের সহিত আবদ্ধ
করিল এবং প্রথমে রাজকুমারী বিজয়াকে নিয়ে অবতরণ করিবার জন্ত
আদেশ দিল।

বাজকুমারী বিজয়া ধীরে ধীরে সিঁড়ি বাহিয়া নিয়ে অবতরণ করিল ও চারিদিকে একবার চাহিয়া দেখিল এবং নত অরে অপনের দিকে চাহিয়া কহিল, "কেউ কোথাও নেই, ভাইয়া।"

রাজকুমারীর কথা শেষ হইবার পূর্বে অপন তাহার পার্যে অবতরণ করিয়া দাঁড়াইল ■ অপূর্ব কৌশলের সহিত নি ড়ির অগ্রভাগ পাঁচিল হইতে মুক্ত করিয়া, দৃঢ় মুষ্টতে বর্দা চাপিয়া ধরিয়া কহিল, "এদ, বহিন। আনাদের অধীনতা এই মুক্ত স্থানটুকুর বাইরে রয়েছে এবং হাতছানি দিয়ে আমাদের ডাকছে। এদ।" এই বিদয়া অপন ক্রতবেগে মুক্ত স্থানটুকু অতিক্রম করিয়া গেল এবং রাজকুমারী উপস্থিত হইলে, দে একটি বৃক্ষের উপর প্রথমে স্থাকুমারীকে তুলিয়া দিয়া, অরং আরোহণ করিল।

বৃক্ষের নিরাপদ দ্রতে গমন করিয়া অপন কহিল, "এখানে একটু বিশ্রাম করো, বহিন। এস, স্থির করি, আমাদের পরবর্তী কর্ম-পন্থ। কি হবে।"

রাজকুমারী বিজয়া প্রগাচ খবে কহিল, "রামচক্রজী আমাকে জীবস্ত

নরক কুণ্ড থেকে উদ্ধার ক'রে আনবার আ আপনার মত দেবতা ভাইয়াকে পাঠিয়েছেন। আপনি আমার ইহকাল পরকাল রক্ষা করেছেন। আমি এখন নিশ্চিন্ত, আমি নির্ভয়, আমি উদ্বৈগশৃন্ত, ভাইয়া। আপনি আমাকে . বে-আদেশ করবেন, আমি ভা' দিখাশৃন্ত চিত্তে পালন করব।"

থপন কহিল, "আমাদের এক শর্মান্ত্রীয়-তুল্য বাদ্ধব
বনে এক পার্বভা গুহায় বাস করেন, বহিন। আজ রাত্রে স্থোনে যাওয়া
সম্ভবপর হবে কি-না বলতে পারছি না। তবে আগামী কাল প্রাত্তে
আমরা সেখানে লিয়ে আশ্রয় নেষ। তারপর বেধানে আমি আমারু
প্রেনটাকে লুকিয়ে রেখে এসেছি, স্থ্যোগ বুঝে একদিন সেখানে উপস্থিত
হব। সেখান থেকে তোমার অপেক্ষমাণ পিতাজীর নিকটে উপস্থিত
হ'য়ে তাঁর সকল উৎকণ্ঠা দূর করব।"

"পিতাজী। আমার স্বেহ্মর পিতাজী। আর যে কথনও তাঁর চরগ দর্শন করবার স্থোগ পাব তেমন চিন্তা আমি ত্যাগ করেছিলাম, ভাইরা। আমি মরব, এই হির সিদ্ধান্ত করেছিলাম। আমি যে কথনও আর…"

স্থান বাধা দিল। সে কহিল, "এখানে বেশি সময় অবস্থান করা।
আদৌ নিরাপদ হবে না, বহিন। রাজা এখন ছ'দিন কাজর নজরে যাবে
না। কিন্তু যে প্রহরী সৈত্যকে আমি বেখে রেখে এসেছি, রাভ একটার
সময় যখন প্রহরী বদল হবে, তখন সে মুক্তি পাবে। কিন্তু আ তা'কে
আঘাত ক'বে অজ্ঞান করেছিল এবং বেখে রেখে পলায়ন করেছিল, তা'
সে বলতে পারবে না। কিন্তু আমাকে যখন সে-সময়ে আমার পাহারার
জারগায় দেখতে পাবে না, তখন একটা সন্দেহের ভাব সৈত্ত আ অফিসারদের
ভিতর দেখা দেবে। তবে ভারা কেন্ট কোন কারবেই আজ রাত্রে রাজাকে
বিরক্তি ক'রে প্রাণদণ্ড নিতে সাহসী হবে না।"

রাজকুমারী বিজয় কহিল, "কিন্তু আপনাকে দেখতে না পেয়ে যদি
আপনি পলায়ন করেছেন এই সন্দেহ ক'রে সহকারী সেনাপতি আপনাকে
-গ্রেফতার করবার ক্রিয়া শৈলদের পাঠিয়ে দেয়, তবে ফল অক্তরপ হবে,
ভাইয়া। স্কুরাং এরপ নিকটে থাকা কোনক্রমেই সমীচীন নয়।" বলিভে
বলিভে সে শাখার উপর উঠিয়া শাড়াইল।

স্থানও দাঁড়াইয়া কহিল, "বড়ই তু:থের বিষর, বহিন, যে আমার রিভলভার ও রাইফেল শয়তানের অস্ত্রাগারে ফেলে রেখে আদতে বাধ্য হ'লাম।" এই বলিয়া দে মৃহুর্ড-ক্ষেক নীরব থাকিয়া পুনশ্চ কহিল, "তুমি বৃক্ষ-পথে অর্থাৎ এই গাছ থেকে আন গাছে এই ভাবে বেতে পারবে ত ?"

ুরাজকুমারী বিজয়া মান হাস্ত মুধে কহিল, "না, ভাইরা। আমি বৃক্ষে আরোহণ করতে বাল্যকালে আমার পিভার উত্থানে শিক্ষা করেছিলাম।" কিন্ত বৃক্ষ-পথে যাবার সামর্থ্য আমার নেই, ভাইয়া।"

স্থান মৃত্ হাজ মুখে কহিল, "কোন ভয় নেই, বহিন।" এই ব্লিয়াই সে বিজয়াকে তুই হাতে পূজে তুলিয়া লইয়া ভাহার স্বন্ধের উপর ফেলিয়া, ভাহার টচ জালিয়া বৃক্ষের উপর হইভে পার্যবর্তী বৃক্ষে লাফাইয়া পঞ্জিল ও স্থানম্ভব ক্রন্তপদে গমন করিতে লাগিল।

রাজকুমারী বিজয় কিছু দূর গমন করিয়া কহিল, "বৃক্ষ-ভল্লেশ দিয়ে
একটা বাম আমাদের অসুসন্ধান করছে, ভাইয়া।"

শ্বণন মৃত্ শব্দে হাসিয়া উঠিল। সে কহিল, "ঈশ্বাদে ধ্রুবাদ যে, তিনি বাঘেদের গাছে ওঠবার সামর্থ্য দেন নি, বহিন। তা! যদি দিতেন, তা'হলে কোন মান্তবের পক্ষে বনে আগমন কর। নিরাপদে পাঁচটা। মিনিটও বাস করা অসম্ভব হয়ে উঠত।"

ভহনী বাজকুমারী কহিল, "কিন্তু ভালুক ত গাছে উঠতে পারে, ভাইয়া ?"

শতা পারে। কিন্তু ভালুক বাঘের যদি শতাংশের একাংশও হিংশ্র হত, তা'হলে একই রকম ফল দেখা দিত।" এই বলিয়া স্বপন তাহার অগ্রগতি ক্রততর করিয়া দিন।

বে-ব্যান্ত ভাহাদের অনুসরণ করিভেছিল, সহস। সে প্রাচন্ড রবে গর্জন করিয়া বুক্ষের উপর ধাবমান শিকারের উদ্দেশে এক শব্দ দিল ি কিন্ত স্বপন নিরাপদ দূরত্বে থাকায় ভাহার ইচ্ছ: পূর্ণ হইল না।

পতনের বেপে ব্যাহ্ম ভয়াবহরণে ক্রেন্ধ হইয়া উঠিল এবং প্রচণ্ড রবে গর্জন করিতে ক্রিভে স্থপন ও রাজকুমারীকে অনুসরণ করিতে শাসিশ।

প্রায় দেড় ঘণ্টাকাল বৃক্ষ-পথে গমন করিয়া স্থপন একস্থানে একটি মহীকৃহ-তুল্য বৃক্ষের উপর ভক্ণী বিজয়াকে অবভরণ করাইয়া, বদিবার অক্ত অমুরোধ করিল ও অয়ং অল্ল দূর ব্যবধানে বসিয়া কহিল, "আৰ এই भर्षकः, वहिन। कावन वात्व व्यामि निक निर्नेष क्वरक भाष्रहि ना। व्यन, এথানে নিজা যাই। ভারপর আগামী কাল প্রাভে পুনশ্চ বন্ধু হানাকুর গুহাবাদ অভিমুখে বাত্রা করব 🗗

বিজয়া কহিল, "গেই ভাল, ভাইয়া ।"

(24)

রাজকুমারীকে একটি ভালের সহিত বছন করিয়া, খণন ভাহার অনতিদ্রে অশু একটি সংখোগ ডালের উপর বসিয়া কহিল, "আগামী কাল প্রাতে হানাসুর গুহাবাসে বে-পর্যন্ত না পৌছাতে পারছি, সে-পর্যন্ত আমি ৰিশ্চিন্ত হ'তে পাৰব না, বিজয়া।

রাজকুমারী কহিল, "যখনই ভাবি, এক প্রনিত-কুষ্ঠ রোগী আমাকে স্পর্শ করেছে, তথনই আমার সারা মন ঘ্রণায় জর্জরিত হয়ে ওঠে, ভাইয়া।"

স্থান কহিল, "গলিত-কুষ্ঠ নয় এবং আসল খেতা-ব্যাধিও নয়, বহিন। আমি ও-রোগের মোক্ষম ঔষধ জানি। মাত্র ভিনটি দিন প্রালেপ লাগালে এবং পান করলে নিঃশেযে নিরাময় হয়ে যেতে পারে। কিন্তু বে-শয়ভান নারীর অমর্বাদা করতে একটুকুও বিবেকের কশাখাত বোধ করে না, দেশয়ভানের প্রোয়ণিত হওয়াই প্রয়োজন।"

রাজকুমারী বিজয়া কহিল, "বাঘটার গর্জন ক্রমশ প্রচণ্ডতর হয়ে উঠছে, ভাইয়া। নিজা যাওয়া সম্পূর্ণরূপে অসম্ভব ব্যাপার।"

স্থান কহিল, "নিদ্রার বেগ ধ্থন আসবে, বিজয়া, তথন শত ব্যাছের ক্ষিকারও তা'রোধ করতে পারবে না।"

হইলও তাহাই। রাজকুমারী বিজয়া প্রান্ত-ক্লান্ত দেহে একসময়ে ঘুমাইয়া পদিল। অপনও কিছু সময় জাগ্রত থাকিয়া নিস্তিত হইয়া পড়িল।

প্রত্যুবে নিদ্রা ভক হইলে স্বপন দেখিল, ব্যান্ত তথনও বৃক্ষের দিকে। চাহিয়া দাড়াইয়া রহিয়াছে। সে চিন্তিত হইয়া পড়িল। তবে কি ব্যান্তের সহিত হক্ষুক্তে অবতীর্ণ হইতে হইবে ?

খপন মুহুর্ত-কয়েক চিস্তা করিল। তাহার মুখে মুদ্ধ হাসি ফুটিয়া উঠিন। সে প্রভাতের জন্ত অপেকা করিতে লাগিল।

ধীরে ধীরে প্রভাত হইয়া আসিন। প্রভাতালোক চক্ষ্তে পড়িলে বিজয়ার নিদ্রা ভঙ্গ হইয়া গোল। সে চক্ষু মেলিয়া সোজা হইরা উঠিয়া বিসিল এবং কহিল, "একি! প্রভাত হয়েছে, অথচ আমাকে জাগরিত করেন নি কেন, ভাইয়া ?"

স্থপন মৃত্ব হাস্তা মুখে কহিল, "এইমাত্র প্রভাত হয়েছে, বহিন। এস,

আমরা ধারা করি। এথানে কোন ঝরণা নেই। স্থারং প্রাভঃরত্যা বিষয়ার বন্ধন মুক্ত করিয়া, ভাহাকে পুনশ্চ স্বন্ধে তুলিয়া লইল। কিন্তু কোন্ পথে যাত্রা করিতে হইবে, ভাহা স্থির করিবার জন্ম চারিদিকে চাহিয়া কিছু ধারণা করিতে না পারিয়াও, উত্তর-পশ্চিম দিকে বাত্রা আরম্ভ করিল।

ব্যান্ত একবার গর্জন করিয়া, স্বপন ও বিজয়াকে অফুসরণ করিছে লাগিগ।

বিজয়া কহিল, "কি সর্বনাশ! বাঘটা যে কিছুতেই আমাদের সঞ্চ ছাড়ছে না, ভাইয়া?"

স্থান কহিল, "সেজান্ত উদ্বিগ্ন হ্বার হেড়ু নেই, বহিন। ব্যু যদি আমাদের বজি-গার্ড হয়ে সঙ্গে হোডে চায়, মন্দ কি ?" বলিতে বলিতে সেজত অগ্রসর হইতে লাগিল।

প্রায় একঘণ্টা কাল চলিবার পর সহসা একটা গুল-গন্ধীর ভয়াল গর্জন-ধ্বনি উথিত হইয়া বনানী ও আকাশ কম্পিত করিয়া তুলিল। স্থান ও বিজয়া বৃক্ষ তলদেশে চাহিয়া দেখিল, একটি প্রকাণ্ড সিংহ ব্যান্তের পথ রোধ করিয়া দাঁড়াইয়া রহিয়াছে।

স্থান মূহুর্ত-কর্মেকের জন্ম স্থির হইয়া দীড়াইয়া রহিল ও বিজ্ঞাকে স্থানিশ হইতে তুলিয়া একটি শাখার উপর বসাইয়া দিল। তাহারা দেখিল, ব্যাদ্র ও সিংহ উভয়ে উভয়কে আক্রমণ করিবার জন্ম পশ্চাতে পদন্বয়ের উপর বসিয়া, উভয়ে উভয়ের দিকে চাহিয়া চাপা কঠে গর্জন করিতেছে।

স্থান বৃথিল, বৃক্ষতলে অবস্থিত উভয় ভয়ালের হাত হইতে পরিত্রাণ পাইবার শুভক্ষণ উপস্থিত হইয়াছে। তৎক্ষণাৎ বিজয়াকে স্বয়ে তুলিয়াঃ লইয়া ফ্রাতবেগে অগ্রসর হইতে লাগিল। কিছু দূর পমন করিবার পর অপন ও বিজয়ার কঠে ব্যাদ্র ■ সিংহের নারকীয় তাণ্ডব অর প্রবেশ করিলে, অপনের গতি মৃহর্তের ■ হইয়া পেল। বিজয়া কহিল, "মা-পো। একি রাক্সে চিৎকার, ভাইয়া ?"

স্থান পুনশ্চ চলিতে আরম্ভ করিল। বেলা দশটা অবধি পথ চলিয়াও
স্থান হানাকুর গুহাবাদ দেখিতে না পাইয়া অভ্যন্ত চিন্তিত হইরা পড়িল।
সে যে ভূল পথে চলিয়াছে, সে-বিষয়ে ভাহার কোন দলেহ রহিল না।
সে আরপ্ত এক ঘন্টা কাল পথ চলিয়া একটি পর্বতের নিকট উপস্থিত হইল।
দেখিল, একটি ঝরণা পর্বত হইডে বাহির হইয়া আসিয়াছে। সে বিজয়াকে
কহিল, "এস, আমরা এখানে প্রাতঃক্বতা শেষ ক'রে নিই, বহিন।" এই
বিলয়া সে বিজয়াকে একটি শাখার উপর বসাইয়া দিল।

বিজয়া কহিল, "আপনায় বন্ধুর গুহাবাস কি এখনও বহু দুরে, ভাইয়া ?"
স্থপন চিন্তিত স্বরে কহিল, "ঠিক বুঝতে পারছি না, বহিন। বোধ
হয়, আমি পথ ভুল করেছি।"

বিজয়া মান স্বরে কহিল, "তা'হলে ?"

স্থান হাসিয়া উঠিল। সে কহিল, "তা'হলে আমাদের কোথাও আশ্রেয় নেওয়া চলবে না, আমরা সোজা উত্তর মুখে সমৃদ্র তীরে চলে ধাব। কিন্তু এস, আমি অন্তরালে দাড়াচ্ছি, তুমি মুখ-হাত ধুয়ে নেবে এস, বহিন।"

প্রাতঃক্তা শেষ হইলে বিজয়াকে পুনশ্চ বৃক্ষে আরোহণ করাইয়া অপন কহিল, "তুমি যদি এখানে কয়েক মিনিট অপেকা করতে পার, ভাহ'লে আমি আহারের জন্ম কিছু থাত ব্যবস্থা ক'রে নিয়ে আসি।"

রাজকুমারী বিজয়। কহিল, "বেশ, আমি এই বৃক্ষের ওপর বসে থাকি,

স্থপন বিজয়াকে উচ্চ ভালের উপর বদাইয়া, ভাহার স্থভীক্ষ বর্শা
ভীর ধত্মক লইয়া বৃক্ষ-পথে হরিণ শিকার করিবার
স্থান করিছে
লাগিল।

বিশ্বাস বসিয়া রহিল। তাহার মন স্বপনের প্রতি অক্সন্তিম প্রদান ও বিশ্বাসে পূর্ব হইয়া উঠিল। সে ভাবিতে লাগিল, 'এমন যুবকও ভারতে ক্সমগ্রহণ করিরাছে, তাহা অপেকা গর্বের আর কি হইতে পারে ? দেবতা কথনও চোথে দেখি নাই। দেবতারা যদি আমার ভাইয়ার শতাংশের একাংশও হন, তাহা হইলেও আমি দেবতাদের প্রীচরণে প্রণাম করি।' বলিতে বলিতে বিজয়া তাহার কমনীয় তু'টি হাত করিয়া মাধায় ঠেকাইল।

ধীরে ধীরে সময় বহিয়া থাইতে লাগিল। একসময়ে বিজয়া চমকিত হুইয়া উঠিল। সে দেখিল, সে ষে-বৃক্ষে আগ্রহ গ্রহণ করিয়াছে সেই বৃক্ষের তলদেশে একদল রাজ-সৈত্য আসিয়া বসিয়াছে এবং তাহারা পরস্পরে আলাপ-আলোচনায় রত হুইয়াছে।

রাজকুমারীর দেহ নিদারণ ভয়ে স্থবিরের ভার হইয়া গেল। সে
নিজেকে গোপন করিবার জভ যেমন ধীরে ধীরে উঠিয়া দাভাইয়াছে,
তাহার পদ-ভারে কয়েকটি পত চ্যুত হইয়া নিয়ে কয়েকজন সৈভ্যের মন্তক্ষে
পতিত হইল। সৈভাগন উপর দিকে চাহিতেই রাজকুমারী বিজয়া
তাহাদের দৃষ্টিতে পড়িয়া গেল ■ তাহারা বিত্যাদেগে দাভাইয়া যুগপৎ
চিৎকার করিয়া উঠিল, "প্রধানা মহিষী। প্রধানা মহিষী।"

সৈক্তদলের দেনাপতি কিছু দুরে বসিয়াছিল। সে বিছ্যুদ্ধের উঠিয়া বাঁডাইল এবং বৃক্ষের উপর লক্ষ্ণ দিয়া আরোহণ করিয়া, রাজকুমারীকে অবতরণ করিবার আ আক্ষেশ দিয়া কহিল, "নেমে আফ্রন, প্রধানা মহিধী-মা! আপনাকে সূর্ব প্রকার সম্বানের ভিতর নিম্নে যাবার আদেশ আছে। কিন্তু আপনি যদি কোন বাধা দেন, তবে জোর ক'রে নিরে হাবার স্বাক্তা কঠোর আদেশ দিয়েছেন, মা। এখন আপনার অভিকৃতি।"

রাজকুমারী বিজয়ার মুখভাব রক্তশ্ন্ম হইয়া বিবর্ণ মৃতি ধারণ করিয়াছিল। সে কহিল, "আবার সেই কুষ্ঠ রোগীর কাছে কেন নিয়ে যাবেন আমাকে? চাই না আমি প্রধানা মহিষী হ'তে। দয়া ক'রে আমাকে ভাইয়ার সঙ্গে ধেতে দিন। খ্রীভগবান আপনার মুখুণ করবেন।"

সেনাপতি পুলকিত হইয়া উঠিল। সে কহিল, "আপনার ভাইয়াকে

দেখছি না। কোধায় তিনি, প্রধানা মহিবী-মা ?"

রাজকুমারী বিজয়া সেনাপতির নিরীহ স্বরে প্রতারিত হইল। সে কহিল, "তিনি শিকার করতে গেছেন। এথনি এসে উপস্থিত হবেন।"

সেনাপতি মৃত্ কপট-হাস্তের সহিত কহিল, "বেশ, তা'ই হবে, মা।
আপনি নেমে এসে প্রাতঃরাশ করুন। তারপর আপনার ভাইরা এলে,
তাঁকেও প্রাতঃরাশ করিয়ে, একটু আলাশ-আলোচনা করে থেতে দেব।
ইা, আপনাদের যেতে দেব, মা। আমি কেন মহাপাতকের ভাগী হব।"

রাজকুমারী বিজয়া একটা স্বন্ধির নিংশাস ফেলিয়া কহিল, "রামচন্দ্রদী আপনার মঙ্গল করুন। বেশ, চলুন। আমি আপনার কথায় বিশাস স্থাপন করুলাম।"

সেনাপতির সহিত রাজকুমারী বিজয়া নিয়ে অবতরণ করিলে, সেনাপতি সৈন্তদলের পাচকের দিকে চাহিয়া কহিল, "প্রধানা মহিয়ী-মা'র প্রাতরাশ নিয়ে এস।"

এদিকে স্থপন একটি হরিণ শিকার করিয়া প্রভাবর্তন করিতেছিল।
নে ভাবিতে ভাবিতে আসিতেছিল, মধ্যাহ্ন ভোজন শেষ করিয়া, অল্প
সময় বিশ্রামান্তে সোজা সম্প্রভীর অভিম্বে ধাত্র। করিবে। খ্ব সম্ভবত
ভিন দিন ও ভিন রাত্রি পথে অভিবাহিত করিতে হইবে। হউক, সেজক
কিছুমাত্র ক্ষতি হইবে না। বনানীতে প্রচুর স্থান্ত ফল ও হরিশের
মাংস আহার করিয়া অনায়াসে ক্ষা-তৃষ্ণা নিবারণ করিতে পারা
যাইবে।

স্থান ঘখন দেপিল, সে রাজকুমারীর বৃদ্ধ হইতে মাত্র পঞ্চাশ পঞ্জ দুরে উপন্থিত হইয়াছে, সে বৃদ্ধ হইতে অবভরণ করিল এবং বনভূমি দিয়া রাজকুমারীর বৃদ্ধের নিকট আদিতে লাগিল। সে ভাবিতে লাগিল যে, হরিণকে বৃদ্ধ ভলদেশে রাখিয়া, সে প্রথমে শুদ্ধ করিবে ■
মাংস রোস্ট করিয়া রাজকুমারীর সহিত আহার করিবে।

এদিকে সেনাপতি দৈন্তদেকে বৃংকর অন্তরালে আত্মগোপন করিবার অন্ত আদেশ দিয়াছিল। যে-মৃহুর্তে স্থান বৃক্ষ তলদেশে উপস্থিত হইল, ' সেই মৃহুর্তে প্রায় একশত দৈন্ত তাহাকে বিরিয়া ফেলিন এবং কি ঘটতেছে বৃথিতে পারিবার পূর্বেই স্থান বন্দী হইল।

স্থানের নিকট হইতে সকল অন্ত্র-শস্ত্র কাড়িয়া লওয়া হ**ইল। সৈছাগণ** স্থানের হাতে হাত-কড়ি দিতে উন্তত হইলে সেনাপতি কহিল, "অপেকা কর।" এই বলিয়া সে স্থানের দিকে চাহিয়া কহিল, "আপনি কি এর পারেও পালাবার চেষ্টা করবেন, শক্রম্ম ?"

স্থান শান্ত কণ্ঠে কহিল, "পূর্বে বলুন, রাজকুমারী কোথায় ?"
সেনাপতি অঙ্গুলি নির্দেশে একটি অশ্ব দেখাইয়া কহিল, "ডিনি ঐ
অশ্ব-পৃষ্ঠে বসে আছেন।"

স্থান চাহিয়া দেখিল, তাহাদের নিকট হইতে প্রায় বিশ পজ দুরে বস্তু অস দাঁড়াইয়া রহিয়াছে এবং রাজকুমারী বিজয়াকে অস্থ-পৃষ্টে আরোহণ করাইয়া কয়েকজন সৈত্য দাঁড়াইয়া রহিয়াছে।

সেনাপতি পুনশ্চ কহিল, "আমাদের অবগুলিকে দুরে রেখে এখানে বিশ্রাম করবার জন্ত বলেছিলাম, দৈবজ্ঞমে প্রধানা মহিষা-মা'র দেখা পাই এবং তাঁকে প্রতারণা বলে বন্দিনী করি। এখন বলুন, আপনি অখ-পৃষ্ঠে শাস্ত ভাবে আমাদের সঙ্গে যাবেন, না পলায়ন করবার চেষ্টা করবেন ?"

স্থান গন্তীর মুথে কহিল, "গামি আপনাদের সঙ্গে যাব।"

"বেশ, আহ্বন। এই বলিয়া স্থপনকে লইয়া সেনাপতি অখের নিকট গমন করিল এবং স্থপনকে একটি অখে আরোহণ করাইয়া, স্বয়ং নিজের অখে আরোহণ করিল।

এমন সময়ে পূর্বে দেওয়া আদেশ অমুযায়ী পাচক অপনের জন্ত প্রাতঃরাশ লইয়া উপস্থিত হইলে, সেনাপতির আদেশে অপন অশ-পূঠে বসিয়া প্রাতঃরাশ শেষ করিল।

সেনাপতি স্থপন কর্তৃক শিকার করা হরিণটি লইয়া আসিবার আবদেশ দিল এবং পরিশেষে কহিল, "আ্থারা এক ঘন্টা পরে মধ্যাহ্ন আহারের বে-কোন হানে যাত্রা স্থগিত করব। উপস্থিত যাত্রা আরম্ভ কর, দৈরগণ।"

(36)

সেনাপতি ও অপনের মধ্যস্থলে থাকিয়া রাজকুমারী বিজ্ঞয়া হাইডেছিল।
সে এক সময়ে কহিল, "আমার দোষেই এই সর্বনাশ হয়েছে, ভাইয়া।
আমি আত্মগোপন করতে গিয়ে কয়েকটি পাতা থসে যায় ও দৈক্সালের

দৃষ্টিভে পড়ে ধাই। কিন্তু আমার এ কি হ'ল, ভাইয়া!" রাজকুমারী আর্ত হরে প্রশ্ন করিল।

স্থান মৃত্ মান হাস্ত মুখে কহিল, "তাঁর ইচ্ছাই পূর্ণ হোক, বহিন! তিনি যদি আমাদের মৃত্যু ইচ্ছা ক'রে থাকেন, তবে তা' রোধ করবার সাধ্য আমাদের ত নেই, বহিন।"

অশ্ব-পৃঠে যাইতে যাইতে সহসা অপন দেখিল, ভাহারা হানাকুর শুহাবাসের নিকট দিয়া গমন করিতেছে। সে ব্বিল যে, ভাহারা
কিছু সময় পূর্বে এই স্থান অভিক্রম করিয়া গিয়াছিল, কিন্তু গারে নাই।

স্থানের মুখে মৃত্ হাসি ফুটিয়া উঠিল। সে ভাবিল, ইহাকেই বলে । অদৃষ্টের পরিহাল!

বেলা দ্বিপ্রহর অবধি পথে চলিয়া, দেনাপতি যাত্রা নিরুদ্ধ করিবার স্বস্থ আদেশ দিল।

দৈলদলের বাব্রিরা খান্ত প্রস্তুত করিতে লাগিল। রাজকুমারীর দিকে অপন চাহিয়া দেখিল যে, ভাহার সারা ম্থ নিদারণ ত্রভাবনা আভাসে পূর্ণ হইয়া উঠিয়াছে। সে কহিল, "ভগবানের উপর বিখাস রাথ, বহিন। ভার পুত্র-কল্যাদের কথনও কোন অমন্তলের হেতু ভিনি হন না।"

রাজকুমারী বিজয়া আর্ত খবে কহিল, "আর কি কিছু আশা করা যায়, ভাইয়া ?"

"হায় না।" অপন হাস্ত মুখে কহিল, "এর অপেকা বন্ধ গুণে বেশি ভয়ের পরিস্থিতিতেও মানুষ মঙ্গলময়ের মঙ্গল হাতের স্পর্শ অসুভব করেছে। আমার অসুরোধ, তুমি তুশিস্তার নিজের স্বাস্থ্য বিপক্ষ ক'রো না।" রাজকুমারী কহিল, "আপনাকেও বখন এরা এমন সহজে বন্দী ক'রে ফেলেচে, তথন ভাইয়া ?"

স্থান রহস্তময় হাস্ত মুখে কহিল, "শয়তানের প্রায়শ্চিত্ত বোধ হয় শেষ হয়েছে, বহিন। ডা'ই আমার মনে কোনরূপ বাধা দেওয়ার প্রবৃত্তি পর্যন্ত জাগ্রত হয় নি। জানি না, মললময় কোন্পরীক্ষায় উত্তীর্ণ হবার জন্ত আমাদের এইরূপ নিজ্ঞিয় মনোভাব সঞ্চারিত করেছিলেন।"

পাচক ও একজন ভূতা আসিয়া স্থপন ও রাজকুমারীর থান্ত দিয়া গেল।
স্থপন রাজকুমারীকে আহার করিবার জন্ম অন্থরোধ করিয়া, স্বয়ং আহার
করিতে লাগিল।

দৈন্তদলের আহার-পর্ব শেষ হইঙ্গে, এক ঘণ্টা বিশ্রামের পর পুনশ্চ দেনাপতি যাত্রা আরম্ভ করিবার আদেশ দিল।

অখারোহী-বাহিনী অগ্রসর হইতে লাগিল। সেনিন সন্ধার সময়
বাহিনী একটি স্বন-পরিসর মূক্ত স্থানে আসিয়া রাত্তির মক্ত তাঁবু ফেলিল।
ভারিদিকে অগ্রিকৃত প্রজ্ঞলিত করা হইল। রাজকুমারীর জন্য একটি
বিশেষ জাতীয় তাঁবু ফেলা হইল। অবশিষ্ট সকলের মূক্ত আকাশের তলে
ভূমি-শধায় আশ্রয় গ্রহণ করিবার আদেশ হইল।

স্থান ব্ঝিল, আগামী কলা বেলা ১২টার সময় সৈত্র-বাহিনী রাজ-থানীতে উপস্থিত হইবে। তাহার পর তাহাদের অদৃষ্ট পরীক্ষা হইবে। স্থান এক বিষয়ে নিশ্চিস্ত ছিল যে, রাজা রাজকুমারী বিজয়ার প্রতি বিশেষ রুট্ট হইবে না। কারণ সে রাজকুমারীর রূপে উন্মান-প্রায় হইমা পডিয়াছে।

স্থান মৃত্র মান হাস্ত মৃথে ক্ষণকাল গভীর অস্ক্রকারের দিকে চাহিয়া থাকিয়া পুনশ্চ চিস্তা করিতে লাগিল, রাজা ভাহাকে দেখিবামাত্র প্রাণ-দণ্ডাদেশ দান করিবে এবং আদেশ অবিলম্বে পালিত হইয়াছে, ভাহা দেখিবার প্রবল ইচ্ছা জ্ঞাপন করিবে।

স্থান চিস্তা করিতেছিল, এমন সময়ে সেনাপতি তাহার পার্যে আসিয়া উপবেশন করিল। সে কহিল, "সেনাপতি গয়াকু আমার বিশিষ্ট বন্ধু, শক্রন্থ। শুধু তাঁর অন্ধরোধেই আমি আপনার প্রতি বন্ধুর মত ব্যবহার করিছি। কারণ আমি আপনাকে ইতিপূর্বে দেখি নি। আপনি বে-সময়ে রাজধানীতে ছিলেন, আমি দক্ষিণ প্রদেশে দৈন্ত-বাহিনীর পরীকা গ্রহণ করিছিলাম।"

স্থান স্থিত্ব কঠে কহিল, "সেনাপতি গ্রাকুর ঝণ আমি কোনদিনই পরিশোধ করতে পার্ব না। তিনি আমার প্রাকৃতই অভিশ্ন-স্বদয় বন্ধু।"

"হাঁ, তিনিও ঠিক ঐ কথা আপনার সম্বন্ধ বংগছিলেন।" সেনাপতি কহিল, "কিন্তু সে ঘাই হোক, রাজা আপনার প্রতি অত্যন্ত ক্রুদ্ধ হয়েছেন। তিনি আপনাকে যে মার্জনা করবেন, তা' আমি আশা করতে পারি না, বন্ধু। কারণ তাঁর যে-রক্ষ অবস্থা ক'রে এসেছিলেন, তা'তে তাঁর ষে মৃত্যু হয় নি, আশ্চর্যের বিষয় বলে সকলের মনে হয়েছিল।"

স্থান কহিল, "মহাপাপীদের মৃত্যু এত সহজে হয় না, বরু।"

"দয়া ক'রে চুপ করুন, বরু। আমরা আগামী কাল প্রাতে যাত্রা ক'রে বেলা সাড়ে দশটায় রাজধানীতে পৌছাব। আমার ওপর আদেশ আছে, আপনাকে সোজা রাজার দরবারে নিয়ে যাবার জন্ত। তাই ভাবছি……"

স্থান বাধা দিয়া কহিল, "না বন্ধু, আমার জ্ঞান্ত আপনাকে শান্তি পেতে দেব না। আমি কাপুক্ষ নই, বন্ধু।"

ইহার পর সেনাগতি আর কিছু বলিল না। সে বিস্থিত দৃষ্টিতে স্থপনের দিকে কিছু সময় চাহিয়া থাকিয়া উঠিয়া পোল । পরদিন প্রাতে প্রাতঃরাশের পর সৈক্তবাহিনী পুনরায় যাত্রা আরম্ভ করিল। বেলা সাড়ে দশটায় রাজধানীতে পৌছাইবার আ অশ্বের পতি অপেক্ষাকৃত জ্বতত্ব করা হইয়াছিল। অশ্বারোহী-বাহিনী চলিতে চলিতে সহসা এক স্থানে দাঁড়াইয়া পড়িল। অগ্রবর্তী বাহিনী বিউপল সঙ্কেতে ব্যাদ্রের উপস্থিতি জানাইয়া দিল। সেনাপতি অপনের পার্শ্বে থাকিয়া প্রদন্দ করিতেছিল। সে বিউপল-সঙ্কেত শুনিয়া অপনকে কহিল, "একটা বাঘ পথ অব্রোধ ক'রে দাঁড়িয়েছে। অগ্রবর্তী সৈক্তেরা অব্রোধ মৃক্ত করবে।"

স্থানের মুখে মৃত্ হাসি ফুটিয়া উঠিল। সৈতোরা তাহার নিকট হইতে তীর-ধক্ক ও বর্দা কাড়িয়া লইয়াছিল, কিন্তু তাহার প্রিয় ■ চির সাধী বিধার দীর্ঘ ফলা ছুরিকা এমন ভাবে গোপনে রক্ষিত ছিল বে, সৈতোরা ভাহা — ক্রিতে পারে নাই।

সহসা ব্যাজের প্রচণ্ড রব উত্থিত হইল। স্থপন সচকিতে রাজকুমারী বিজয়ার দিকে চাহিয়া কহিল, "আমার ঠিক পশ্চাতে এস, বহিন। বাধটা আজমণ করেছে।"

স্থানের কথা শেষ হইবার পূর্বে অগ্রবর্তী দৈক্তনল ছত্রভল হইয়া
পিছিল। সেনাপতি সকল সময়ে রাজকুমারীর পার্যে থাকিয়া দৈক্তনশকে
কঠিন স্থরে পলায়ন না করিতে ও ব্যাদ্রকে আক্রমণ করিবার আদেশ
দিতে লাগিল। কিন্তু কোন আদেশই তাহার ফলপ্রেদ হইল না। দৈক্তনল
নিমেষের ভিতর অংশ লইয়া বনানীর ভিতর পলায়ন করিল। স্থপন আসেনাপতির পুরোভাগ সংশে সভে দৈক্ত-শৃত্ত হইয়া পেল। স্থপন আসেনাপতি দেখিল, ব্যাদ্র ভিনন্তন দৈক্তকে হত্যা করিয়াছে এবং তাহাদের
আক্রমণ করিবার জন্ম থাবা পাড়িয়া বসিয়া পর্জন করিতেছে। ব্যান্তের
কটিদেশের নিয়ে একটি বর্শা বিশ্ব রহিয়াছে।

থপন তাহার অখের লাগাম ভীত ও কম্পিত সেনাপতির হাতে দিয়া, তাহার হস্ত হইতে বর্ণা লইয়া ব্যান্তের সম্মুখে পিয়া দাড়াইল এবং পশ্চাদিকে না চাহিয়া কহিল, "ভয় নেই, সেনাপতি। নেই, বহিন। আমাকে হত্যা না ক'রে ব্যান্ত কোন অনিষ্ট করতে পারবে না।"

ব্যান্ত একজন মানুষকে নিজীক দৃষ্টিতে ভাহার দিকে চাহিয়া দাঁড়াইয়া পাকিতে দেখিয়া, ক্রোধে ভয়াবহ পর্জন করিয়া উঠিল এবং স্থব্যাদন করিয়া বিহ্যাদেশে স্থানকে আক্রমণ করিবার স্থানন করিল।

স্থান তুই হতে বর্ণা ধরিয়া নির্নিষেব নির্ভীক দৃষ্টিতে চাহিয়া অপেকা করিছেছিল। যে-মূহুর্তে ব্যাদ্র ভাহার উপর পতিত হইতে উন্নত হইল, ভাহার লৌহ-হতে ধৃত বর্ণা ব্যাদ্রের ম্থ-বিবরে প্রচণ্ড শক্তিতে প্রবেশ করিয়া দিল। বর্ণা ব্যাদ্রের বক্ষদেশ করিয়া উদরে প্রবেশ করিল এবং ব্যাদ্র কোন শক্ষ করিবার পূর্বেই গভারু হইয়া স্থপনের পারের ভলায় লুটাইয়া পড়িল ও পড়িয়া বহিল।

সোপতি এই আবিখাক্ত অসম্ভব দৃষ্ঠা দর্শন করিল। অপনের শক্তিন সাহস ও অব্যর্থ লক্ষ্য দর্শন করিয়া সে বিষ্চৃ হইয়া পড়িল। সে অথ হইতে অবতরণ করিয়া অপনকে তৃই হাতে বংক্ষ অড়াইয়া ধরিয়া কহিল, "বন্ধু, এমন বীর ও শক্তিমান আপনি। এ যে নিজের চক্ষকেও আমি বিখাস করতে পার্হ্ না। শুরুন বন্ধু, সৈক্তরা স্ব পলায়ন করেছে, এসবের পর আপনাকে আমি নিশিতে মৃত্যুর মুখে নিয়ে যেতে পারব না। আপনি-অথ নিয়ে যেখানে বৃশি চলে যান।"

স্থপন শাস্ত কঠে কহিল, "জার রাজকুমারী বিজয়া দেবী ?"

সেনাপতি মান অবে কহিল, "আপনি ও অনেছেন, বরু, ভবিস্তুত প্রধানা মহিবীকে নিয়ে না গেলে রাজা আখাদের সকলকে হত্যা, করবেন, বর্ষ। তাছাড়া ওঁকে তিনি এতটুকুও শান্তি দেবার চিন্তামাত্র করতে পারেন না। কিন্তু আপনার ওপরে ধেরপ ভাবে ক্রুদ্ধ হয়েছেন, আপনার মহামৃগ্য জীবন নিঃসন্দেহে হভ্যা করবার আদেশ দেবেন। সেক্ষেত্রে আমার সনির্বন্ধ শন্মরোধ, বন্ধু, আপনি অবলম্বে পলায়ন করন।"

স্থান তাহার অখের লাগাম হাতে লইয়া অখ-পৃষ্ঠে আরোহণ করিল। রাজকুমারী বিজয়া আর্ত দৃষ্টিতে চাহিয়া বদিয়াছিল। দে দেনাপতির প্রত্যেকটি কথা শুনিতে পাইয়াছিল। তাহার মন পাধাণ-চাপে আছের হইয়া পড়িয়াছিল।

স্থান অশ্ব-পৃষ্ঠে আরোহণ করিয়া মৃত্ হাস্ত মুখে কহিল, "অসংখ্য ধতাবাদ, বন্ধু। কিন্তু আমি একা পলায়ন করব না। হয় রাজকুমারী দেবী আমার সম্পে যাবেন, নয় আমি কিছুভেই তাঁর পার্য ত্যাগ করতে পারব না।"

সেনাপতি সান সংশ্ব কহিল, "ভবে আর উপায় কি, বন্ধু!" এই বলিয়া দে ভীত ও পলাতক সৈপ্তবাহিনীকে প্রভাবর্তন করিবার জন্ম বিউপল বাজাইয়া আদেশ দিতে লাগিল। সে 'সকগ বিপদ দ্র হইয়াছে' এই সঙ্কেতও সৈপ্তদের জানাইয়া দিল।

সেনাদল প্রায় সঙ্গে শব্দ আব ছুটাইয়া প্রত্যাবর্ত্ত। করিতে লাগিল।
মুক্ত নৈক্সত্রয়কে সেনাপতির আদেশে নৈক্সবাহিনী তিনটি অশ্ব-পৃষ্টে তুলিয়া
লইল। সেনাপতি অতি কষ্টে ভাহার বর্ণা ব্যাজ্রের উনর হইতে বাহির
করিয়া লইল ও পুনশ্চ যাত্র। আরম্ভ করিল।

ইহার পর পথে আর কোন বিপদের সমুখীন না হইয়া, নৈপ্রবাহিনী রাজধানীর দক্ষিণ দিকের ফটকের সমুখে উপস্থিত হইয়া তাহাদের বিজয়-বার্তা বিউপল বাজাইয়া ঘোষণা করিল। সংক্ষে সটক হইতে দ্বিতীয় বিউপল বাজিয়া উঠিল ও বিজয়-কাইনী বিউপল ধ্বনিতে ধ্বনিতে প্রহরী-সৈত্তদের দারা রাজপ্রাসাদের ফটকে উপস্থিত হইল ও প্রাসাদ দেউড়ির প্রহরী-সৈত্তরা বিউগল বাজাইয়া রাজাকে জানাইয়া দিল, সৈক্তবাহিনী পলাতক ও পলাতকাকে গ্রেফভার করিয়া রাজধানীতে প্রত্যাবর্তন করিয়াছে।

রাজা দরবারে বসিয়াছিলেন। তিনি তৎক্রণাৎ বন্দীধ্য়কে দরবার-কক্ষে আনিবার জগু আদেশ দান করিলেন। তিনি তবিশ্রৎ প্রধানা মহিবীকে অন্দরমহলের চিকের আড়ালে ও শত্রুপ্রকে দরবারে বন্দীদের কাঠগড়ায় আনিবার জন্য আদেশ ভারি করিলেন।

তুইজন উচ্চপদস্থ কর্মচারি ক্রন্তবেশে সর্বার-কক্ষ হ**ইডে বাহির** হইয়া। গেল।

(55)

প্রায় বিশমিনিট পরে বন্দী স্বপনকে কইয়া সেনাপতি দরবার-কল্পে প্রবেশ করিল। রাজা স্থপনের নির্বিকার এবং নির্ভীক ভাবাপর মৃথের দিকে চাহিয়া গর্জন করিয়া উঠিলেন ও দরবারের বীতি বজার রাখিবার আল সেনাপতিকে কহিলেন, "ভোমার বিবরণ পেশ কর ?"

সেনাগতি কিরপে ভবিষ্যৎ প্রধানা মহিষীকে স্থক্ষর উপর দেখিতে পাইয়াছিল, কিরপে স্থানকে বন্দী করিয়াছিল, পরে আঠত কিরপে একটি ব্যাঘ্র ভিনজন সৈভকে বধ করিয়াছিল ও স্থান কিরপে ব্যাদ্রকে হত্যা করিয়াছিল, তাহার সভ্য বিবরণ দাখিল করিল।

স্ভাসদগণ অপনের অসামান্ত বীরত্বের কাহিনী শুনিয়া চমংকৃত হইল ও নত অবে অপনের প্রশংসা করিতে লাগিল। রাজার কর্ণে সভাসদগণের প্রশংসা-বাণী প্রবেশ করিলে তিনি সরোধে সকলকে নীরব থাকিবার আদেশ দিলেন এবং অপনের মৃত্যু-দশু দিবার পূর্বে তাহার সার। ক্রিক্র করিয়া, সারা অংক দরদর খারে করিত বহায়, ব্যাণায় কিছু সময় মৃথ বিরুত করিয়া সহ্ব করিয়া কথা বলিতে উন্নত হইলে, অপন নির্ভীক কঠে কহিল, "রাজা, আমি জানি আপনি আমার প্রাণদশু দেবেন। কিছু করেকটা কথা আমি মরবার পূর্বে আপনাকে বলে বেতে চাই। প্রথমত রাজকুমারী বিজয়া আমার আত্মীয়া—সহোদরা তুল্য। বিতীয়ত আমি স্থার ভারতবর্ষ থেকে এথানে এনেছিলাম আমার ভগ্নীকে উদ্ধার ক'রে নিরে হাবার —।"

স্থান মৃথুর্তের নীরব হইলে, রাজা কঠোর ছরে কহিলেন, "বন্দীর কোন কথা শোনবার প্রয়োজন আছে কি-না আমি জানি না। বন্দী আমার অঙ্গে হাত দিয়েছে, একমাত্র এই অপরাধেই তার প্রাণদণ্ড হতে পারবে।"

শ্বপন মৃত হাক্ত মূথে কহিল, "নামি জানি, রাজা। আমার প্রাণদণ্ডের আমি এতটুকুর উদ্বিগ্ন নই। কিছু আমি বদি আপনাকে ভিনদিনের ভিতর সম্পূর্ণভাবে নিরাময় করতে পারি, এমন কি আপনার দেহে বদি এতটুকুও শত অথবা শেতা চিহ্ন না থাকে, ভা'হলে ভার বিনিময়ে আপনি আমার শর্ভে কি সমত হতে পারবেন ?"

রাজা যেন শুনিতে পান নাই, আর পাইলেও ষেন অর্থ বোধ করিতে পারেন নাই এমন স্থরে কহিলেন, "কি বললে, আমাকে তুমি নিরাময় ক্রবে তিনদিনের ভিতরে "

স্থান কহিল, "হাঁ, মাজ তিনটি দিন ও তিনটি রাজির ভিতর। কিন্তু আমার নির্দেশ আপনাকে অক্ষরে অক্ষরে মাগ্র করতে হবে। বলুন, আপনি সমত আছেন ?" রাজা সিংহাসনের উপর সোজা হইয়া বসিলেন। তিনি মুহুর্ত-ক্ষেক বিক্যারিত দৃষ্টিতে চাহিয়া থাকিয়া কহিলেন, "তুমি যে মিগ্যা কথা কছি না, তো' আমি জানব কি ক'রে ?"

শ্যাত্র তিনটি দিন বাদে জানতে পারবেন। তথন আমার প্রাণদ্ও দিতে পারবেন।" অপন মৃত্ হাস্ত মূথে কহিল।

রান্ধা বিশ্বয়ন্তরা স্বরে কহিলেন, "আমাকে কি করতে হবে ?"

তথ্যি যে ঔষধ দেব তা পান করতে হবে, আরু ক্ষতে মাধাতে হবে।" স্থপন কহিল।

রাজা সন্দিগ্ধ খনে কহিলেন, "তুমি যদি আমাকে বিষ দাও ?"

"হা, একটা যৃত্তিযুক্ত বিষয় বটে, প্রভু।" এই বলিয়া অপন মুহ্র্ডক্ষেক নীর্থে চিন্তা করিয়া পুনশ্চ কহিল, "হা, হয়েচে। ষে-ঔর্থ
আপনার দেহে প্রলেপ লাগাবার ও বে-ঔর্থ আপনাকে পান করবার

দেব, আমি আপনার সন্মুখে সেই উভয় ঔর্থই আমার দেহে লাগাব
ও পান করব। আমার দেহের এক স্থানে ছুরি দিয়ে কেটে সেই ঔর্থ
প্রয়েগ করব। আশা করি, ভা'হলেই আপনার মনে আর কোন সম্পেষ্ট

প্রধান মন্ত্র) ■ সভাসদবর্গ সকলেই 'সাধু' 'সাধু' বলিয়া চিৎকার করিয়া উঠিল।

রাজা শ্বকাল গভীর ভাবে চিস্তা করিলেন। তাঁহার ম্থ-ভাব সম্ভ্রন হইয়া উঠিল। তিনি অপেকান্তত প্রসন্ন কঠে কহিলেন, "হাঁ, এইবার তোমার শর্ত কি বল !"

খপন একবার দরবার-কক্ষে উপস্থিত কর্মচারীবৃন্দের মুধের দিকে চাহিয়া, পরে রাজার দিকে ফিরিয়া নির্ভীক কঠে ক**হিল, "আ্লার** শর্ত যে আমার সংহাদরাধিক আত্মীয়া রাজকুমারী বিজয়াকে মৃত্তি দিতে হবে। আপনাকে অন্ত প্রধানা মহিষী বেছে নিতে হবে।"

বাজা রুদ্র রোধে জলিয়া উঠিলেন; কহিলেন, "না, কিছুতেই নয়। এত বড়ো সাহস বন্দীর, আমার ভবিশ্বং প্রধানা মহিষীর সম্বন্ধে কোন কথা……" কথা অসমাপ্ত রহিল। তিনি ছই হাতে উদর চুলকাইতে লাগিলেন এবং সঙ্গে বার্বার ধারে রস বাহির হইয়া তাঁহার সারা মুখ মন্ত্রণায় কৃঞ্চিত করিয়া তুলিল।

স্থান নির্বিকার কঠে কহিল, "বেশ, আপনি সমত না হন, আমার প্রতি প্রাণদগুদেশ দান করুন। মানুষকে একদিন মরতেই হবে। আর বে-কোন মুহুর্তে মৃত্যু আসতে পারে হখন, তখন আমি হাসি মুখেই মৃত্যু বরণ করব।"

রাজার দৃষ্টি তাঁহার কুংসিং তুর্গন্ধভরা দেহের প্রতি নিবন্ধ হইল।
তিনি ধীরে ধীরে শান্ত হইতে লাগিলেন। তিনি ভাবিলেন, এরপ স্বণা
ভৌবন হইতে যদি মৃত্তিলাভ করিতে পারেন, তবে স্থন্তী নারীর কোন
অভাবই হইবে না। তিনি আপনার মন সংঘত করিয়া কহিলেন, "বেশা,
আমি শন্ত।"

স্থপন কহিল, "উত্তম! আমার দিতীয় শর্ত এই যে, রাজকুমারী
বিজয়াকে অবিলয়ে প্রধান পুরোহিতের আবাদে পাঠিয়ে দিতে হবে।
তিনি আগামী তিনটি দিন সেধানে অবস্থান করবেন। তারপর আপনি
সম্পূর্ণরূপে নিরাময় হবার পর তাঁকে ■ আমাকে বিশালীপুরার উত্তরসীমাস্তে সমুদ্র-তেটে পাঠিয়ে দেবার জন্ম উপযুক্ত দৈন্য-বাহিনী এবং স্কল
ব্যবস্থা ক'রে দিতে হবে। কোনমতেই রাজকুমারী অথবা আমাকে আটককরা চলবে না।"

নাকা কহিলেন, "বেশ, আমি সমত। তারপর ?"

"আমি যে-সব পাছ-পাছড়া আনবার আনাদেশ দেব, তা' আশনার কর্মচারী অথবা সৈত্যেরা জন্দল থেকে আমাকে এনে দেবে। আমাকে বাস করবার জন্ম একটি পৃথক বাড়ী দিতে হবে এবং আমি ধখন ঔষধ প্রস্তুত করব, তথন কোন লোক আমার কাছে যেতে পারবে না।"

রাজা তৎক্ষণাৎ কহিলেন, "মন্ত্রী, শক্রন্থকে অতিথি-ভবন মৃক্ত ক'রে লাও এবং ভার আদেশ পালন করবার জন্ম উপযুক্ত কর্মচারী, ভূতা এবং সৈন্তদল নিযুক্ত কর।" এই বলিয়া তিনি তাঁহার পার্থে উপবিষ্ট নীরক শোতা প্রধান পুরোহিতের দিকে চাহিয়া কহিলেন, "দেব, আপনি রাজ—কুমারী বিজয়াকে সঙ্গে নিয়ে আপনার জবনে গমন কক্ষন।" এই বলিয়া তিনি অপনের দিকে চাহিয়া কহিলেন, "শুম্বন, শক্রন্থ। আপনি যদি আপনার প্রতিশ্রুতি মত আমাকে আরোগ্য করতে পারেন, তা'হলে আমি আপনাদের মৃক্তি ত দেবই, উপরস্ক প্রচুর অর্প, হারক এবং অন্তান্ধ শ্রুত্ব উপহারের সঙ্গে আপনাকে সমন্ত্রানে উত্তর সমৃত্র তীরে পার্ঠিয়ে দেব।"

স্থান অভিবাদন করিয়া কহিল, "অসংখ্য ধন্তবাদ, রাজা। আমি
জানি, আপনার ক্ত-তৃত্ত দেহের জন্ত আপনার মন বিষাক্ত হয়ে পড়েছে।
আপনি আরোগ্য হ্বামাত্র এমন এক নৃতন মাহুষে পরিণত হবেন, সে—
মাহুষ কখনও প্রতিশ্রুতি ভঙ্গ করে না। আমি আজ সন্ধ্যার পরেই
আপনাকে ঔষধ সেবন করাব ও দেহে প্রলেপ প্রদান করব। দেখবেন, সঙ্গে
সঙ্গে আপনার চুলকানি ইচ্ছা সম্পূর্ণক্রপে লয় পেয়ে যাবে।"

রাজা সিংহাসন হইতে উঠিয়া কহিলেন, "আমি অধীর আগ্রহে আপনার ঔষধের এতীকা করব, শক্রঘ়।" এই বলিয়া প্রধান মন্ত্রীক দিকে চাহিয়া কহিলেন, "শক্রমের জন্ত বিশেষ থাভের ও পাচকের আয়োজন করবে। সম্মানিত অভিথি হিসাবে ব্যবহার করবে। সরবার ভক্ত হ'ল।"

(२)

প্রধান পুরোহিত রাজকুমারী বিজয়াকে স.ক লইয়া যখন প্রাসাদ-ফটকে উপস্থিত হইলেন, তখন স্থপন সেধানে প্রধান মন্ত্রীর সহিত দাঁড়াইয়া-ছিল। রাজকুমারী স্থপনের দিকে চাহিয়া দীপ্ত মুখে কহিল, "স্থাতীত ব্যাপার সম্ভব করেছেন। আপনি কিছুতেই অত্তব করতে পার্বেন না, আপনি আমাকে কিরুপে স্থী করেছেন। রামচক্রলী আপনাকে আমার মৃতই স্থী করুন। তিনি আপনাকে সফলতা দান করুন।"

স্থান মৃত্ হাজুম্থে কহিল, "দৃগুত অমঙ্গলের ভিতর দিয়েই ঈশার মঙ্গল লাধন করেন। তুমি নিশ্নিত মনে শান্তির ভিতরে পিতাজীর আশ্রেষে বাস কর গে, বহিন। ইভোমধ্যে আমি রাজার রোগ-মৃজির ব্যবস্থা করি।"

প্রধান পুরোহিত কহিলেন, "আমি জানতাম পুত্র, তুমি সগৌরবে জয়ী হবে। আমি আরও জানতাম, রাজার মহাপাপের প্রায়শ্চিত কাল শেষ হয়েচে। এখন যাও, পুত্র, প্রয়োজনীয় ঔষধাদি সংগ্রহ ক'রে আনবার জন্ত আদেশ দাও।"

প্রধান পুরোহিতকে প্রণাম করিয়া ও আশীর্বাদ গ্রহণ করিয়া, স্থপন প্রধানমন্ত্রীর সহিত অভিথি-গৃহে গমন করিল।

অতিণি-গৃহের আভ্দরপূর্ণ সাজ-সজ্জা দেখিয়া স্থপন খুশি হইল। সে দেখিল, ভূত্য, কর্মচারী এবং কয়েকজন সৈগু আসিয়া অপেকা করিতেছে। একজন কর্মচারী স্থপনকে তাহার শয়ন-কক্ষে লইয়া গেল। স্থপন কহিল, "লেখবার জন্ম কাগজ-কলম চাই। স্থাছে?"

"থাছে, প্রস্থা আপনি আমার সঙ্গে পার্য-কক্ষে আহন।" এই বলিয়া কর্মচারী স্থপনকে লইয়া লিখিবার কক্ষে প্রমন করিল।

স্থান দেখিল, কক্ষাটর ভিতর বন্ত হাতে লেখা প্তক রহিয়াছে। একটি
স্থাজ্জিত টেবিলের উপর হাতে তৈয়ারী মোটা কাগজ, হাঁদের পালক কাটা
কলম ও লিখিবার কালী রহিয়াছে। সে টেবিলের সম্থন্থ টুলের উপর
বিসিয়া কয়েক টুকরা কাগজে নানা জাতীয় গুলা লভা-পাতার নাম লিখিল
এবং শৈলাদের অফিসারকে সাহবান করিয়া জন্ম হইতে অবিলক্ষে সানিবার
আন্দেশ দান করিল।

অফিসার দ্রুত পদে বাহির হইয়া গেল।

একজন ভূত্য আসিয়া কহিল, "আপনার মধ্যাহ্ন আহারের ব্যবস্থা হয়েছে, প্রভূ। দয়া ক'রে স্থান সেরে নিন্।"

স্থান স্থানাগারে প্রবেশ করিয়া উত্তমরূপে স্থান করিল। পরে নানা জাতীয় স্থান্থ আহার করিয়া, বিশ্রাম করিবার স্থান্থ শায়ন-ক্ষে প্রবেশী করিল।

স্থান খেতা-রোগের অব্যর্থ ঔষধ একজাতীয় লতার বিষয় তাহার্ম তথাকথিত পিতা বিক্রমপ্রালাদের নিকটে অবগত হইয়াছিল। সে ইতো-পূর্বে ক্ষেকজন খেতা-রোগীকে তিনদিনের ভিতর নিরাময় করিয়াছিল। এই বিশিষ্ট লতাটি বিশালী রাজধানীর বন-সীমাস্তে প্রচুর পরিমাপে জন্মিয়াছে সে দেখিয়াছিল। কিন্তু পাছে এই একটিমাত্র লতা সংগ্রহেক্ষ জন্য আদেশ দিলে চিকিৎসার গুরুত্ব হ্রাস পাইয়া যায়, সেই জন্য নানা-জাতীয় লতা-গুলা যাহা সীমান্তের চারিদিকে ছড়াইয়া রহিয়াছে, ভাহাও আনিবার জন্য আদেশ দিয়াছিল।

স্থপন বিশ্রাম করিডেছিল, এমন সময়ে পরিচারিক। আসিয়া কহিল, "ঔষধি লভা নিয়ে দৈন্যরা ফিরে এসেছে, প্রভূ।"

স্থান পালত্ব হইতে অবতরণ করিয়া, বসিবার আবেশ করিল এবং বৈন্যদের আসিবার জন্য আহেশ পাঠাইল।

অবিলয়ে দশকন দৈন্য দশ সকমের লভা-গুলা প্রচুর পরিষাণে লইয়া আগমন করিল।

স্থান পূর্ব ইইডেই দশটি পাত্র । লভা-পাতা ইইডে রস বাহির করিবার অন্য হামান-দিভা, শিল প্রভৃতি আনিবার আদেশ দিয়াছিল এবং প্রত্যেকটি দ্রব্য ভৃত্যেরা আনমন করিয়াছিল।

স্থানের সম্মুখে ভিন্ন ভিন্ন লতা-গুলোর রস বাহির করিয়া ভিন্ন ভিন্ন পাত্রে রক্ষা করা হইল। রস বাহির করিবার কার্য শেষ হইলে, স্থান বৈন্যদের যাইবার জন্য আদেশ দিয়া কহিল, "পুনশ্চ আগামী কাল প্রাভে এই সব লভা-গুলা ও অন্যান্য আরও কয়েকটি প্রব্য আনতে হবে। আমি আগামী কল্য প্রাভে লিখে দেব।"

সৈনাগণ স্থানকৈ অভিবাদন করিয়া চলিয়া গোল। স্থান একটি শিশিতে পানীয় ঔষধ ও একটি পাত্রে অকে লাগাইবার জন্য মলমের মৃত বস্তু রক্ষা করিল।

স্বপনের ঔষধ প্রস্তুত করা শেষ হইলে, সে অপ্রয়োজনীয় লতা-গুল্মের রস নর্দামায় নিকেপ করিল এবং ঔষধ-পূর্ব শিশি ও পাত্র লইয়া শ্য়ন-কক্ষে প্রবেশ করিল।

অপরায়ে সেনাপতি গয়াকু স্বপনের সহিত দেখা করিতে আসিল। সে স্বপনকে বক্ষে জড়াইয়া ধরিয়া কহিল, "বন্ধু, যখন শুনলাম আপনারা গ্রেফতার হয়েছেন এবং রাজধানীতে নীত হয়েছেন, তথন আমার মনের আবন্ধা যা হয়েছিল, দেবভাই জানতেন। তারণর আপনি যে এমন আতৃকর যথন শুনলাম, তথন আর স্থির থাকতে না পেরে ছুটে এলাম আপনার কাছে।"

স্থান নিজেকে আজিলন-মৃক্ত করিয়া লইয়া কহিল, "জানি বন্ধু, আপনি

গ্রাকু কহিল, "কিন্তু সভাই কি কুষ্ঠ রোগীকে আরোগ্য করতে পারবেন ?"

স্থান রহস্ত ময় হাক্ত মুখে কহিল, "তিনটি দিন অপেকা করতে হবে, বন্ধু। কারণ মুখে গর্ব প্রকাশ ধা করেছি, তা' আর প্নরাবৃত্তি করতে চাই না, বন্ধু।"

গ্যাস্কু কহিল, "বন্ধু, আপনি যদি এই অসাধ্য সাধন করতে পারেন, ' তা'হলে বিশালীর ইতিহাসে আপনি অক্যু, অমর হয়ে থাকবেন। বিশালী রাজবংশ চিরতরে আপনার প্রতি কৃতজ্ঞ ও খণী হয়ে থাকবে।"

স্থান মৃত্ হাস্ত মৃধে কহিল, "তা'ছাড়া রোগ-মৃক্ত রাজা দেবতায় পরিণত হবেন।"

সেদিন সন্ধার পর অপন রাজপ্রাসাদে গমন করিয়া, রাজার সন্ধ্র প্রথম অয়ং ঔষধ পান করিল ■ ছুরি ছারা বাম হত চিরিয়া ■ বাহিন্দ করিয়া প্রেলেশ লাগাইয়া দিল।

অর্ধ থন্টা অপেক্ষা করিবার পর রাজা হাস্ত মুখে কহিলেন, "আমি সম্ভষ্ট হয়েছি, শক্রঘ । আপনি আমার চিকিৎসা আরম্ভ করুন।"

রাজার অংশ প্রেলেশ দিবার সংক্ষ সঙ্গের জৈহার দেহের চুলকানির ইচ্ছা বন্ধ হইয়া গেল। তিনি সবিস্থয়ে স্থানের মুখের দিকে চাহিয়া রহিলেন। রাজাকে ঔষধ শান করাইয়া স্থান কহিল, "প্রতি তিন ঘণ্টা সম্ভর ঔষধ পান করবেন। অবশ্র আজ গভীর নিদ্রায় আছের হবেন। নিদ্রার সময়
কিখা নিদ্রা ভক্ত ক'রে ঔষধ পানের প্রয়োজন নেই। আপনি আর এক
দাগ ঔষধ পান করবার পর আহার করবেন। তারপর শয়ন করবেন এবং
নিদ্রা ভক্ত হবামাত্র এক দাগ ঔষধ পান করবেন। তা'ছাড়া তিনটি দিন
আপনি দরবারে বেক্তেতে পারবেন না। তিন দিন পরে দরবারে হাবেন।
ইতোমধ্যে রাজকার্ধের ভার প্রধান মন্ত্রীর হাতে দিন।"

পরনিন প্রাতে রাজার নিত্রা ভঙ্গ হইলে, স্থীয় দেহের দিকে চাহিয়া দেখিলেন, তাঁহার সারা দেহের স্বেভা স্বেভ বর্ণ হারাইয়া রক্তব্য ধারণ করিয়াছে এবং চুলকানির ইচ্ছা একেবারে লয় পাইয়াছে।

রাজা তৎক্ষণাৎ ঐবধ পান করিয়া স্থপনকে আনিবার একজন কর্মচারীকে পাঠাইয়া দিলেন। তাঁহার আনন্দের আন সীমা-পরিসীমা রহিল না। স্থপন আসিলে তিনি সোল্লাসে কহিলেন, "দেখুন, দেখুন, আমার দেহের সাদা রঙ সব লাল হয়ে গেছে।"

স্থান মৃত্ব হাস্ত মুধে কহিল, "আর একদিন পরে স্থাভাবিক বর্ণে পরিণত হবে।" এই বলিয়া দে রাজার অক্ষেপুনরায় প্রলেপ দিয়া বাহির হইয়া গেল।

সন্ধ্যার পর বিতীয় প্রনেপ

 নৃত্য ঔবধের পরীকা দিয়া স্থপন চলিয়া

 মাসিল এবং তৃতীয় দিন প্রভাতে রাজার নিম্রাভক ইইলে, তিনি তাঁহার

 মাসের দিকে চাহিয়া, কোধাও কোন বিশ্বতি দেখিতে না পাইয়া আননেদ

 শিশুর স্থায় নৃত্য করিতে লাগিলেন এবং স্থপন উপস্থিত হইলে, তিনি

 ভাহাকে বক্ষে জড়াইয়া ধরিয়া কহিলেন, "আমার নব লীবন-দাভা ভগবান!

 সামাকে মার্জনা কর্মন। আপনাকে আমি হভ্যা করতে চেয়েছিলায়,

 সে-ক্ষা ভূলে য়ান। আপনি আদেশ ক্য়ন,

 আপনার ষাআরে

 সে-ক্ষা ভূলে য়ান। আপনি আদেশ ক্য়ন,

 আপনার ষাআরে

 সে-ক্ষা ভূলে য়ান। আপনি আদেশ ক্য়ন,

 আপনার ষাআরে

 সে-ক্ষা ভূলে য়ান। আপনি আদেশ ক্য়ন,

 আপনার ষাআরে

 সে-ক্ষা ভ্রেল য়ান স্থানি আদেশ ক্য়ন,

 সামানির স্থানার ষাআরে

 সামানিক স্থানার স্থানার স্থানার স্থানার স্থানার স্থানার স্থানার

 সামানিক স্থান স্থানার স

আয়োজন করতে হবে। কিন্তু যদি দহা করে একটি সপ্তাহ কাল রাজ-প্রাসাদে আমার দক্ষে বাদ ক'রে, আমার মহারোগ্যের জন্ম রাজ্যবাদী উৎসবে যোগদান করেন, তবে আমার মত স্থা আর কেউ হবে না। রাজকুমারী বিজয়াকে আমার মায়ের পেটের বোনের মত দেখ্ব এবং মর্যাদা দেব, বন্ধু। আপনি আজ হ'তে আমার জীবন-দাতা বন্ধু।"

স্থান কহিল, "রাজা, আমরা আর হু'টো দিন আপনার আদেশে এখানে বাস করব। তৃতীয় দিনে আমাদের যাত্রার আয়োজন ক'রে দিলে বাধিত হব।"

রাজাব্যাপী মহোৎসব আরম্ভ হইল। রাজার নব কলেবর দেখিবার জন্ম রাজ্যের সমূদয় নর-নারী রাজধানীতে ভাজিয়া পড়িল। রাজা প্রত্যেককে দর্শন দিতে লাগিলেন।

তৃতীয় দিনে একটি হন্তী-বাহিনী রাজধানী হইতে বাহির হইল।
একটি হন্তীতে স্থান ও রাজকুমারী বিজয়া ও স্বাজ্ঞ দৈশ্বাহিনী
রাজ-প্রদত্ত স্বর্গহীরক ও বহু মূল্য উপহার-রাজি লইয়া পমন করিতে
লাগিল।

স্বয়ং রাজা মিত্রাস্থ স্পারিষদ কয়েকটি হস্ত:-পৃঠে আরোহণ করিয়া,
মহামান্ত অতিথিকে রাজধানীর দক্ষিণ ফটক অবধি আসিয়া বিনায় সম্ভাষণ
জানাইয়া গেলেন।

হস্তী-বাহিনী চলিতে আরম্ভ করিলে রাজকুমারী কহিল, "এমন একটা দিন আসবে, তা কি কলনা করতে পেরেছিলাম, ভাইয়া? ভগবান আপনাকে দীর্ঘনীবী কর্মন।"

হস্তী-বাহিনী বনপথ ধরিয়া অগ্রসর হইতেছিল। বেলা দিপ্রহরের সময় মধ্যাহ্ন ভোজনের জন্ম যাত্রা নিরুদ্ধ হইল। স্থপন দেখিল, তাহারা হানাকু ও পিয়ালুর গুহাবাদের নিকটে আসিয়া উপস্থিত হইয়াছে। সে রাজ-কুমারীর সহিত আহার-পর্ব শেষ করিয়া কহিল, "আমি আমার বন্ধদের মুক্তি আদেশ-পত্র দিয়ে আসি, বিজয়া। হানাকু ও পিয়ালুকে রাজ্য মার্জনা করেছেন, বাড়ী দিয়েছেন ও রাজপ্রাসাদ-প্রহরী সৈত্যে যোগ দেবার জন্ম আদেশ দিয়েছেন।" এই বলিয়া সে হন্তী-পৃষ্ঠ হইতে হাল্ফ দিয়া নিম্নে অবতরণ করিল ও সম্মুগত্ব পাহাড়ের দিকে গমন করিতে লাগিল।

হানাকু ও পিয়ালু হস্তী-বাহিনীকে দাঁড়াইতে দেখিয়া সভয়ে গোপন স্থান হইতে কক্ষা করিডেছিল। তাহারা অপনকে দেখিবামাত্র ছুটিয়া বাহির হইয়া আসিল। পিয়ালু কহিল, "ভাইয়া, আপনি মৃক্তি পেয়েছেন ?"

স্থান হাস্তম্থে কহিল, "শুধু আমি নিজে মৃক্ত হয়ে হাথী হতে পারি নি, বহিন। আমার স্থেহময়ী বহিন ও অভিরহ্ময় বন্ধকে মৃক্ত ক'রে তবে শাস্ত হয়েছি।" এই বলিয়া সে রাজার সহিযুক্ত রাজাদেশ বাহির করিয়া হানাকুর হাতে দিল।

হানাকু রাজাদেশ পাঠ করিয়া আনন্দে নৃত্য করিয়া উঠিল ও অপনকে বন্দে জড়াইয়া ধরিয়া কহিল, "এডদিনে মৃক্ত হ'লাম! আমার পিয়ালুকে স্থী করবার স্থােগ পেলাম।" বলিতে বলিতে আমী ও গ্রী উভয়ে অপনকে প্রণাম করিল।

স্থান বিত্রত হইয়া ক্ষেক-পা পিছাইয়া গেল ও ভাহাদের নিকট হইতে বিদায় লইবার জন্ম কহিল, "যদি স্থ্যোগ হয়, আবার আসব, বহিন। আবার ভোমার স্বেহ্ময়া জ্বদেয়র স্নেহ্ লাভ ক'রে পর্ম স্থা হব।"

भियान अने कदत करिन, "डारेश कि तिए शाया शाया ।

শ্রা, বহিন। আমার আত্মীয়াকে উদ্ধার করে নিয়ে সসমানে দেশে ফিরে যাছি। আসি বন্ধু, আসি বহিন।" এই বলিয়া স্থান সচকিতে পিয়ালুর অশ্রুসিক্ত মুখের দিকে একবার চাহিয়া জ্রুতপদে হস্তীযুখের নিকট আগমন করিল ও হস্তীতে আরোহণ করিলে, হস্তী-বাহিনী পুনরায় চলিতে আরম্ভ করিল।

স্বাদ্ধ বিজয়া হন্তী-পৃষ্ঠ হইতে চাহিয়া দেখিল, একটি যুবক ও একটি বুবতী মেয়ে অপলক দৃষ্টিতে চাহিয়া দাঁড়াইয়া রহিয়াছে এবং তাহালের কপোল বাহিয়া অশ্রুধারা নামিয়া আদিতেছে।

স্থান হাত নাড়িয়া হানাকু ও পিয়ালুকে বিদায় সম্ভাষণ জানাইল। অল্লসময় পরে হন্তী-বাহিনী তাহাদের দৃষ্টির বাহিরে চলিয়া আসিল।

তৃতীয় দিন বেলা ১০টার সময় নির্বিল্লে হস্তী-বাহিনী উত্তর সম্প্রতটে হইয়া ধাতা বন্ধ করিল।

স্থান হন্তী-পৃষ্ঠ হইতে অবতরণ করিয়া, ষেথানে এরোপ্নেন রাধিয়া গিয়াছিল সেথানে উপস্থিত হইয়া দেখিল, প্লেন অক্ষত অবস্থায় রহিয়াছে। সে দৈলদলের সাহায়ো প্লেনটি বাহিরে আনিল। দৈলগণ ভাত হইলেও, স্থানের আশ্বাদে শাস্তভাবে দাঁড়াইয়া রহিল।

প্রেনে উপহার-সামগ্রীগুলি তুলিয়া, পেট্রল টিন হইতে ট্যাঙ্কে পেট্রল
- ভরিয়া, স্থান সকলের নিকট হইতে বিদায় লইয়া বিজ্ঞার সহিত প্রেনে
আরোহণ করিল। প্রেন গর্জন করিতে করিতে আকাশে উভিত হইল
এবং উত্তর-পূর্ব মূখে ধাবিত হইতে লাগিল।

প্রপন ও বিজয়া প্লেন হইতে চাহিয়া দেখিল, হস্তীযুগ জ্বতবেগে বনানীর ভিতর প্রবেশ করিয়া অদৃশ্য হইয়া ঘাইতেছে। স্থান কহিল, "ধার দয়ায় মৃত্যু-দ্বীপ থেকে জীবন নিয়ে আমরা ফিব্রে এলাম, এস বহিন, তাঁকে আমরা নম্মার কবি !"

বিজয়া ও স্থপন নত হইয়া ভগবানের চরণে প্রণতি জানাইল। বিজয়:
অক্ষরত্ব স্বরে কহিল, "আমার পিতাজীকে আবার যে কোন দিন দেখব,
সে-আশা আমি ত্যাগ করেছিলাম, ভাইয়া। যার ন্যায় তা সম্ভব হ'ল,
তাঁকেও আমি প্রণতি জানাই।" এই বলিয়া সে স্থান কোন বাধা দিবার
পূর্বেই তাহাকে নত হইয়া প্রণাম করিল।

প্রেন ত্র্দম পতিতে সামগান অভিমুখে ছুটিতে লাগিল।

मगां श